# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Sraban 15, 1433 Bangla, July 30, 2026, Thursday, No. 205, 56th year

# H I G H L I G H T S

Prime Minister Tarique Rahman has assured business leaders that government will take steps to address ongoing gas crisis affecting country's industrial sector. [R. Today: 22]

Foreign Minister has emphasised need to address some irritations that exist in Bangladesh-India relations, noting that govt. is reviewing the invitation extended by India to PM Tarique Rahman. [Jago FM: 19]

Law, Justice and Parliamentary Affairs Minister has said government has taken a series of reform measures to reduce the longstanding backlog of civil cases. [Jago FM: 21]

Bangladesh Bank has paved the way to launch international digital payment and money transfer services including PayPal and Payoneer in country. [R. Today: 25]

Former minister Abdul Latif Siddique has been arrested in crimes against humanity case filed over the killings during Hefazat-e-Islam's rally at Shapla Chattar in Dhaka's Motijheel. [BBC: 03]

Three more people have died from dengue, bringing the total death toll this year to 50. [Jago FM: 18]

Dhaka Metropolitan Police have arrested 503 people in separate drives across the capital. [Jago FM: 16]

Japan's south-western Kyushu region has had more than 100 aftershocks since it was struck on Tuesday by a powerful earthquake which left at least 13 people dead. [BBC: 26]

Death toll in the ongoing floods in India's northeastern state of Assam has risen to 75. [BBC: 06]

**Director: 44813046** **Deputy News Controller: 44813048, 44813179** **Assistant News Controller: 44813047, 44813178**

## দৈনিক মনিটরিং রিপোর্ট

## মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা

## শ্রাবণ ১৫, বাংলা ১৪৩৩, জুলাই ৩০, ২০২৬, বৃহস্পতিবার, নং- ২০৫, ৫৬তম বছর

# শিরোনাম

শিল্পখাতে গ্যাসের সংকট সমাধানে উদ্যোগ নেওয়ার আশ্বাস দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। [রে. টুডেঃ ২২]

বাংলাদেশ-ভারত সম্পর্কে বিদ্যমান কিছু 'অস্বস্তি' দূর করা অত্যন্ত প্রয়োজন বলে মন্তব্য করেছেন পররাষ্ট্রমন্ত্রী। তিনি বলেন, প্রধানমন্ত্রী তারেক রহমানের ভারত সফরের আমন্ত্রণ সরকার বর্তমানে পর্যালোচনা করছে। [জাগো এফএম:১৯]

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী বলেছেন, দেশে দীর্ঘদিন ধরে বিচারাধীন দেওয়ানি মামলার জট নিরসনে সরকার কার্যকর উদ্যোগ গ্রহণ করেছে। [জাগো এফএমঃ ২১]

দেশে পেপ্যাল ও পেওনিয়ারের মতো আন্তর্জাতিক অনলাইন ডিজিটাল পেমেন্ট ও অর্থ স্থানান্তর সেবা চালুর পথ উন্মুক্ত করেছে বাংলাদেশ ব্যাংক। [রে. টুডেঃ ২৫]

ঢাকার মতিঝিলে শাপলা চত্বরে হেফাজতে ইসলামের সমাবেশে হত্যাযজ্ঞের মামলায় সাবেক মন্ত্রী আব্দুল লতিফ সিদ্দিকীকে গ্রেফতার করা হয়েছে। [বিবিসিঃ ০৩]

এডিস মশাবাহিত ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে ২৪ ঘণ্টায় আরও তিনজনের মৃত্যু হয়েছে। এ নিয়ে চলতি বছর ডেঙ্গুতে মোট মৃত্যু বেড়ে দাঁড়িয়েছে ৫০ জনে। [জাগো এফএমঃ ১৮]

রাজধানীতে বিভিন্ন অপরাধে জড়িত থাকার অভিযোগে ৫০৩ জনকে গ্রেফতার করেছে ঢাকা মেট্রোপলিটন পুলিশ। [জাগো এফএমঃ ১৬]

জাপানের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের কিউশু অঞ্চলে শক্তিশালী ভূমিকম্পের পর এখন পর্যন্ত ১০০টির বেশি আফটারশক অনুভূত হয়েছে। মঙ্গলবারের এই ভূমিকম্পে অন্তত ১৩ জন নিহত হয়েছেন। [বিবিসিঃ ২৬]

ভারতের বন্যা বিধ্বস্ত আসামে মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৭৫ জনে। [বিবিসিঃ ০৬]

# বিবিসি

## সেই তাসনিয়ার ভাই ও বাবার সাথে সাক্ষাৎ করলেন প্রধানমন্ত্রী তারেক রহমান

ঢাকার মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজে বিমান দুর্ঘটনায় নিহত তাসনিয়া হকের ছোটো ভাই তাহসিন আব্দুল্লাহ ও তার বাবা নাজমুল হকের সাথে সাক্ষাৎ করেছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমান। গত সোমবার ঢাকার আর্মি স্টেডিয়ামে জুলাই `নতুন কুঁড়ি স্পোর্টস ২০২৫-২৬,-এর সমাপনী আয়োজনে তারেক রহমানের সাথে তাহসিনের একটি ছবি ছড়িয়ে পড়ে। পরে তাহসিনের সাথে সাক্ষাতের আগ্রহ প্রকাশ করেন প্রধানমন্ত্রী। বুধবার দুপুরে সচিবালয়ের তাহসিন ও বাবা নাজমুল হকের সাথে সাক্ষাৎ করেন প্রধানমন্ত্রী। বিএনপি মিডিয়া সেলের বিজ্ঞপ্তিতে জানানো হয়, সাক্ষাৎকালে প্রধানমন্ত্রী তাহসিনের পড়াশোনার খোঁজ-খবর নেন। এসময় নাজমুল হক মাইলস্টোন স্কুল ও কলেজের বিমান দুর্ঘটনায় আহত নিহতদের পরিবারের জন্য ক্ষতিপূরণের বিষয়টি নিয়ে কথা বলেন। নাজমুল হক বিবিসি বাংলাকে বলেন, ”প্রধানমন্ত্রীর সাথে সাক্ষাৎকালে আমি মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজে বিমান দুর্ঘটনায় যারা মারা গেছেন তাদের পরিবারের পক্ষ থেকে ওই দুর্ঘটনায় আহত নিহতদের ক্ষতিপূরণের বিষয়টি নিয়ে কথা বলেছি। তাকে পরিবারগুলোর পক্ষ থেকে এই দাবিগুলো নিয়ে এক চিঠিও প্রদান করেছি। তিনি আমাদেরকে আশ্বস্ত করেছেন যে তিনি বিষয়টি দেখবেন।„ উল্লেখ্য, গত ২০ জুলাই মাইলস্টোনের বিমান দুর্ঘটনার দায় নিয়ে বিবিসি বাংলা একটি বিশেষ প্রতিবেদন প্রচার করে। ওই ঘটনায় তদন্ত কমিশনের গোপন রাখা প্রতিবেদনটি প্রকাশ্যে আনে বিবিসি বাংলা। একই সাথে আহত নিহতদের ক্ষতিপূরণ না পাওয়ার বিষয়গুলোও তুলে ধরা হয় প্রতিবেদনে। সেখানে নিহত অষ্টম শ্রেণির ছাত্রী তাসনিয়াদের পরিবারের বক্তব্যও তুলে ধরেছিল বিবিসি বাংলা।

(বিবিসি ওয়েব পেজ : ২৯.০৭.২০২৬ আলী আহমেদ)

## প্রধানমন্ত্রীর ব্রিকস সম্মেলনে যোগদানের আমন্ত্রণ পর্যালোচনা করছে সরকার : পররাষ্ট্রমন্ত্রী

আগামী ১২-১৩ সেপ্টেম্বর ভারতের নয়াদিল্লিতে অনুষ্ঠিত হবে ১৮তম ব্রিকস শীর্ষ সম্মেলন। এই সম্মেলনে বিশেষ অতিথি হিসেবে যোগ দিতে বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানকে আমন্ত্রণ জানিয়েছেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। বুধবার বিকেলে পররাষ্ট্র মন্ত্রণালয়ে বাংলাদেশে নবনিযুক্ত ভারতের হাইকমিশনার দিনেশ ত্রিবেদীর সৌজন্য সাক্ষাতের পর গণমাধ্যমে কথা বলেন পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান। তিনি এসময় বলেন, ”ভারতের পক্ষ থেকে প্রধানমন্ত্রী তারেক রহমানকে বিশেষ অতিথি হিসেবে নয়াদিল্লিতে অনুষ্ঠেয় ১৮তম ব্রিকস শীর্ষ সম্মেলনে যোগদানের আমন্ত্রণ জানিয়েছে। আমরা বিষয়টি বর্তমানে পর্যালোচনা করছি। সিদ্ধান্ত হলে সঙ্গে সঙ্গে আপনাদের জানানো হবে।„ পররাষ্ট্রমন্ত্রী আরও বলেন, ”প্রধানমন্ত্রীর বিদেশ সফরের জন্য আরও কয়েকটি আমন্ত্রণ রয়েছে। পাশাপাশি জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনে যোগ দিতে তার নিউইয়র্ক সফরও বিবেচনায় রাখতে হবে।„ তিনি বলেন, ”কয়েকটি আমন্ত্রণ রয়েছে। একই সময়ে প্রধানমন্ত্রী নিউইয়র্কে জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনেও অংশ নেবেন। তাই সবগুলো কর্মসূচি একসঙ্গে বিবেচনা করতে হচ্ছে।„ এর আগে, ভারতের হাইকমিশনার দীনেশ ত্রিবেদী বলেন, নয়াদিল্লি প্রধানমন্ত্রী তারেক রহমানকে ভারতে স্বাগত জানানোর জন্য সাগ্রহে অপেক্ষা করছে এবং তারা সফরটি শিগ্গিরই অনুষ্ঠিত হবে বলে আশা করছেন।(বিবিসি ওয়েব পেজ : ২৯.০৭.২০২৬ নারগীস)

## গুলশানের নিজ বাসা থেকে গ্রেফতার হয়েছেন সাবেক মন্ত্রী লতিফ সিদ্দিকী

ঢাকার মতিঝিলে শাপলা চত্বরে হেফাজতে ইসলামের সমাবেশে হত্যাযজ্ঞের মামলায় সাবেক মন্ত্রী আব্দুল লতিফ সিদ্দিকীকে গ্রেফতার করা হয়েছে। ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশের গুলশান বিভাগের ডিসি আনোয়ার হোসেন খান বিবিসি বাংলাকে মি. সিদ্দিকীকে গ্রেফতারের বিষয়টি নিশ্চিত করেছেন। বুধবার সন্ধ্যায় ছয়টার দিকে গুলশানে নিজ বাসভবন থেকে তাকে গ্রেফতার করা হয়েছে। এদিকে, বুধবার সকালে ঢাকার চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট জুয়েল রানার আদালতে হাজিরা দিতে গিয়ে এই মামলায় আত্মসমর্পণ করার কথা জানিয়েছিলেন তিনি। আওয়ামী লীগ থেকে বহিষ্কৃত মি. সিদ্দিকী এর আগে গত বছর জুলাই আন্দোলনের মামলায় একবার গ্রেফতার হয়েছিলেন। পরে সন্ত্রাসবিরোধী আইনের এক মামলায় তাকে আসামি করেছিল পুলিশ। এর কয়েক মাস পর জামিনে মুক্তি পান তিনি। তবে মামলাটি এখনো চলছে এবং তাকে ওই মামলায় হাজিরা দিতে হচ্ছে আদালতে।

(বিবিসি ওয়েব পেজ : ২৯.০৭.২০২৬ নারগীস)

## পুলিশের কাছে অভিযোগ দিয়ে হবিগঞ্জ ছাড়লেন নাহিদ-হাসনাতসহ এনসিপি নেতারা

জুলাই পদযাত্রায় হামলার ঘটনায় হবিগঞ্জ জেলা ছাত্রদলের সভাপতিসহ ১১ জনের নাম উল্লেখ ও অজ্ঞাতনামা আরো ১০০ জনের নামে জেলা পুলিশের কাছে অভিযোগ দায়ের করেছে জাতীয় নাগরিক পার্টি বা এনসিপি। বুধবার রাত সাড়ে আটটার দিকে হবিগঞ্জের কামাইছড়া পুলিশ ক্যাম্পে হবিগঞ্জ জেলা পুলিশ সুপারের উপস্থিতিতে তারা অভিযোগ দায়ের করেন। এনসিপি আহ্বায়ক নাহিদ ইসলামের প্রেস সেক্রেটারি নুর হোসেন বিবিসি বাংলাকে এই তথ্য নিশ্চিত

করেছেন। তিনি জানিয়েছেন, এনসিপির পক্ষ থেকে পুলিশ সুপারের কাছে এই অভিযোগ দায়ের করা হয়েছে। সেখানে প্রধান অভিযুক্ত করা হয়েছে জেলা ছাত্রদলের সভাপতিকে। এই অভিযোগ পাওয়ার কথা নিশ্চিত করেছেন হবিগঞ্জ জেলা পুলিশ সুপার মোহাম্মদ তারেক মাহমুদ। বিবিসি বাংলাকে তিনি বলেন, ”এনসিপির পক্ষ থেকে একটি অভিযোগ দায়ের করা হয়েছে। সেটি প্রসেসিংয়ের ভেতরেই আছে। এনসিপি নেতারা অভিযোগ দিয়ে মৌলভীবাজারের পথে রওয়ানা হয়েছেন।„ পথে পথে এনসিপি নেতাদের বাধা দেওয়ার অভিযোগ প্রসঙ্গে জানতে চাইলে পুলিশ সুপার মি. মাহমুদ বিবিসি বাংলাকে বলেন, ”যেহেতু একটা উত্তেজনা ছিল, ১৪৪ ধারা জারি ছিল, তাই তাদের নিরাপত্তার স্বার্থেই পুলিশ কিছু জায়গায় বাধা দিয়েছে।„ এর আগে, মৌলভীবাজারের শ্রীমঙ্গল থেকে হবিগঞ্জে যাওয়ার পথে অন্তত তিন জায়গায় বাধা দেয় পুলিশ। এই তিনটি বাধা অতিক্রম করে হবিগঞ্জের পথে এগোতেই আরেক দফা বাধার মুখে পড়েন এনসিপির শীর্ষ নেতারা। হবিগঞ্জের মিরপুর এলাকায় পৌঁছালে পুলিশ গাড়িবহর আটকে দেয়। পরে সেখানেই বসে পড়েন নাহিদ ইসলামের নেতৃত্বে এনসিপির শীর্ষ নেতারা। পরে রাতে পুলিশের কাছে অভিযোগ জমা দেন আহ্বায়ক নাহিদ ইসলাম, হাসনাত আব্দুল্লাহ, সারজিস আলম, নাসীরুদ্দীন পাটওয়ারীসহ দলটির সিনিয়র নেতারা।
(বিবিসি ওয়েব পেজ : ২৯.০৭.২০২৬ নারগীস)

## খাবারের ছোটো দোকানগুলোকেও নিবন্ধন নিতে হবে, কার্যকর হবে কীভাবে

বাংলাদেশের রাজধানী ঢাকাসহ সারাদেশের রাস্তায়, অলি-গলিতে গড়ে ওঠা খাবারের দোকানগুলোকেও তাদের ব্যবসার জন্য রেজিস্ট্রেশন নিতে হবে। পাশাপাশি খাবারের ব্যবসা করতে হলে বা এ ধরনের ব্যবসার সঙ্গে জড়িত সব ব্যক্তি ও প্রতিষ্ঠানকেই লাইসেন্স নিয়ে ব্যবসা করার বিধান রেখে বিধিমালা জারি করেছে সরকার। এই বিধিমালা অনুযায়ী, দেশের বিভিন্ন জায়গায় সড়ক বা ফুটপাতের ওপর গড়ে ওঠা খাবারের দোকান, ছোটো আকারের রেস্টুরেন্ট থেকে শুরু করে খাদ্য আমদানিকারক ও প্রক্রিয়াজাতকারী প্রতিষ্ঠানকে ব্যবসার জন্য নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ থেকে নিবন্ধন ও লাইসেন্স নিতে হবে। বাংলাদেশে রাস্তাঘাটে হাজার হাজার অস্থায়ী বা ভ্রাম্যমাণ খাবারের দোকান আছে। এ ধরনের বহু দোকান ফুটপাতেই চুলা বসিয়ে রান্না করে খাবার বিক্রি করে। তবে চায়ের দোকান থেকে শুরু করে ভ্রাম্যমাণ ভ্যানে ফার্স্ট ফুডের কত দোকান আছে, তার কোনো সঠিক পরিসংখ্যান পাওয়া যায় না। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফুড অ্যান্ড রিসার্চ ল্যাবরেটরির প্রধান বিজ্ঞানী ড. লতিফুল বারী বলছেন, টং দোকান বলে পরিচিত এসব খাবারের দোকানগুলোর উপকরণ থেকে শুরু করে রেসিপি- সব কিছু নিয়েই প্রশ্ন আছে। ”বিধিমালাটি হওয়ায় এগুলো এখন একটা কাঠামোর ভেতর এলো। যদিও এগুলোর খাদ্য নিরাপদ কি না- তা যাচাইয়ের সক্ষমতা সরকারের নেই,„ বিবিসি বাংলাকে বলেছেন তিনি। নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের চেয়ারম্যান মো. শফিকুল ইসলাম অবশ্য বলছেন, বিধিমালাটি হওয়ার কারণে এখন এসব দোকান নিবন্ধনের আওতায় আসবে এবং তাদের খাবারের মান যাচাই করার সুযোগ তৈরি হবে। ”খুবই ইতিবাচক একটি পদক্ষেপ হয়েছে এটি। আমরা হয়ত একদিনেই সব পরিবর্তন করতে পারবো না। তবে পর্যায়ক্রমে স্ট্রিট ফুডের দোকানগুলোও লাইসেন্সিংয়ের মাধ্যমে তদারকির আওতায় আসবে,„ বিবিসি বাংলাকে বলেছেন মি. ইসলাম। তবে বাংলাদেশ রেস্তোঁরা মালিক সমিতির সাধারণ সম্পাদক ইমরান হাসান বলছেন, বিধিমালাটি একতরফাভাবে করা হয়েছে এবং এতে শুধু লাইসেন্স বাণিজ্য বাড়বে। ”এখানে অথরিটির ক্ষমতা বেড়েছে। কিন্তু বাস্তবায়ন কীভাবে হবে, তার কোনো নির্দেশনা নেই। ফুড সেফটি একটি বিশাল চেইন। কোন ধাপে, কীভাবে নিশ্চিত হবে, তার কোনো ভিশনও এতে নেই,„ বিবিসি বাংলাকে বলেছেন তিনি।

### কী আছে নতুন বিধিমালায়

বাংলাদেশ খাদ্য নিরাপত্তা কর্তৃপক্ষের (বিএফএসএ) একটি গবেষণায় দেখা গেছে, ঢাকায় বিক্রি হওয়া জনপ্রিয় বিভিন্ন স্ট্রিট ফুডে উদ্বেগজনক মাত্রায় ক্ষতিকর ব্যাকটেরিয়ার উপস্থিতি রয়েছে। ২০২৪ সালে প্রকাশ করা ওই গবেষণায় দেখা গেছে, ছোলামুড়ি, চটপটি, আখের রস, শরবত, মিশ্র সালাদ এবং স্যান্ডউইচের মতো খাবারে ডায়রিয়ার জন্য দায়ী বিভিন্ন ক্ষতিকর ব্যাকটেরিয়ার উচ্চমাত্রার উপস্থিতি পাওয়া গেছে। ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি করপোরেশনের ৫০টি স্থান থেকে সংগ্রহ করা ৪৫০টি নমুনা পরীক্ষায় প্রতিটি নমুনাতেই তখন ব্যাকটেরিয়ার উপস্থিতি শনাক্ত হয়েছিল। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সবশেষ হিসেব অনুযায়ী, দেশে খাদ্য পরিবেশনকারী প্রতিষ্ঠান প্রায় সাড়ে চার লাখ। এর মধ্যে হোটেল রেস্তোরার ও চা-স্টলও আছে। ফার্স্ট ফুডের দোকান আছে প্রায় ৬৭ হাজার। ঢাকাসহ বড়ো শহরগুলোতে বিপুলসংখ্যক মানুষ নাশতা কিংবা দুপুরের খাবারের জন্য ফুটপাতের খাবারের দোকানের ওপর নির্ভর করেন। ড. লতিফুল বারী বলছেন, এসব দোকানের খাবার কীভাবে ও কোন ধরনের উপকরণ ব্যবহার করে তৈরি হয়, সেটি দেখ-ভালের কোনো সিস্টেমই দেশে গড়ে ওঠেনি। ”এসব দোকানকে একটা ফরমাল কাঠামোর আনার কথা আমরা অনেকদিন ধরেই বলে আসছি। এখন সেই উদ্যোগটি শেষ পর্যন্ত নেওয়া হলো,„ বলছিলেন তিনি। নিরাপদ খাদ্য আইন ২০১৩-এর আওতায় নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের তৈরি করা নিরাপদ খাদ্য (রেজিস্ট্রেশন ও লাইসেন্স) প্রবিধানমালা, ২০২৬ প্রণয়ন করেছে। গত ১৬ জুলাই এটি সরকারি গেজেটে প্রকাশ করা হয়েছে। এই বিধিমালা অনুযায়ী, ছোটো ও

মাঝারি পর্যায়ের খাদ্য ব্যবসা প্রতিষ্ঠানগুলোর রেজিস্ট্রেশন থাকতে হবে। আর বিশেষ বা গুরুত্বপূর্ণ খাদ্যপণ্য নিয়ে যারা কাজ করে, তাদের লাইসেন্সও নিতে হব।

বিধিমালায় বলা হয়েছে, খাদ্যপণ্য বা খাদ্য উপকরণ উৎপাদন, আমদানি, প্রক্রিয়াকরণ, মজুত, সরবরাহ বা বিক্রয় সংশ্লিষ্ট সবার নাম ও ঠিকানা সংরক্ষণের লক্ষ্যে খাদ্য ব্যবসার সাথে জড়িত কিংবা জড়িত হতে ইচ্ছুক ব্যক্তি ও প্রতিষ্ঠানকে এসব ব্যবসার জন্য রেজিস্ট্রেশন নিতে হবে। "এর ফলে যারা খাদ্যপণ্য বিক্রি করে তারা শৃঙ্খলার আওতায় আসবে। ফলে এই সেক্টরে শৃঙ্খলা আসবে, যা মান ঠিক রেখে খাবার বিক্রি নিশ্চিত করতে সহায়তা করবে,„ বলছিলেন নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের চেয়ারম্যান মো. শফিকুল ইসলাম। বিধিমালা অনুযায়ী, খাদ্য ব্যবসার জন্য দেওয়া রেজিস্ট্রেশনের মেয়াদ হবে তিন বছর, যা নবায়ন করা যাবে। নিরাপদ খাদ্য আইন ২০১৩ অনুযায়ী, "খাদ্য ব্যবসা বলতে খাদ্য উৎপাদন, প্রক্রিয়াকরণ, প্যাকেজিং, গুদামজাতকরণ, পরিবহণ, আমদানি, বিতরণ বা বিক্রয় সংশ্লিষ্ট কর্মকাণ্ড এবং মজুত, যোগান, সরবরাহ ও সেবাসহ খাদ্যদ্রব্য প্রস্তুতকরণ অথবা খাদ্যের উপাদান বিক্রয় সংশ্লিষ্ট কার্যক্রমও ইহার অন্তর্ভুক্ত হইবে।„ নতুন বিধিমালা অনুযায়ী, লাইসেন্স গ্রহণ ছাড়া খাদ্য ব্যবসা করা যাবে না। এছাড়া খাদ্যপণ্য উৎপাদন, প্রক্রিয়াকরণ, মজুত বা আমদানির জন্য প্রতিটি খাদ্যপণ্যের ক্ষেত্রে উৎপাদন বা আমদানি লাইসেন্স নিতে হবে। আবার উৎপাদন ও আমদানির জন্য লাইসেন্স পাওয়ার পর কোনো খাদ্যপণ্য কোনো ব্র্যান্ড নাম ও প্যাকেজিং-এর আওতায় বাজারজাত করতে হলে এ ধরনের প্রতিটি খাদ্যপণ্যের ব্র্যান্ড ও প্যাকেজিংয়ের জন্য রেজিস্ট্রেশন নিতে হবে।

**কার্যকর কীভাবে হবে**

ঢাকার বিভিন্ন এলাকায়, বিশেষ করে অফিস পাড়া বা বাণিজ্যিক কর্মকাণ্ডপ্রধান এলাকাগুলোয় মূল রাস্তায় বা গলির ভেতর অসংখ্য ভাসমান বা অস্থায়ী দোকান চোখে পড়ে। এসব দোকান থেকে সিঙ্গারা, স্যান্ডউইচ, ছোলা ও তেলে ভাজা খাবারের জন্য যেমন ভিড় করেন অনেকে; আবার অনেক দোকানে খিচুড়ি বা ভাত পাওয়া যায়, যেখানে শ্রমজীবী মানুষ বিশেষ করে দোকানের কর্মচারী ও রিকশা চালকদের দুপুর বা রাতের খাবারের জন্যও ভিড় করতে দেখা যায়। গুলশান এলাকার ১১৩ নম্বর রাস্তায় এরকম কিছু দোকানে নিয়মিতই চা-নাস্তা খান পাশেই থাকা একটি ব্যাংকের কর্মকর্তা সাইফুল আলম তালুকদার। তিনি বলছিলেন, "আমার স্ট্রিট ফুড ভালো লাগে। ছাত্রজীবনে বিশ্ববিদ্যালয়ে ভ্যানের ওপর বিক্রি হওয়া ভাজাপোড়া খেতাম খুব। এখন অফিসের পাশে বলে এই গলির দোকান থেকে চা-নাস্তা খাই। কিছু কিছু প্যাকেটে মেয়াদের তারিখ দেখে কিনি। আর বাকিগুলোর মান যে ভালো না বুঝতে পারি, কিন্তু খেতে ভালো লাগে,„ বিবিসি বাংলাকে বলছিলেন তিনি। রাস্তার ওপর বা পাশে গড়ে ওঠার এসব দোকানের প্রতি যেখানে অনেক মানুষের নির্ভরতা, নিবন্ধন না নিলে সেগুলো বন্ধ হয়ে যাওয়ার প্রভাব কেমন হবে, সেই প্রশ্নও সামনে আসছে। রমনা এলাকায় ছোটো একটি দোকানে চা-বিস্কুট-কেক এ ধরনের খাবার বিক্রি করেন লিটন শেখ। সরকার নিবন্ধন নেওয়ার নতুন যে আইন করেছে, সে সম্পর্কে জানেন কি না জানতে চাইলে তিনি বলেন, এটা শোনেননি। পাশেই একটি ভাসমান দোকান চালান আবদুর রহিম, তিনিও জানান সরকারের কাছ থেকে কোনো রকম নিবন্ধন নেওয়ার বিষয়ে কিছু জানেন না। ড. লতিফুল বারী বলছেন, দেশে খাবারের এত পরিমাণে ভাসমান বা অস্থায়ী দোকান গড়ে ওঠেছে যে, এগুলোর তদারকি করার সক্ষমতাই সরকারের নেই। "এসব দোকানে কোন খাবার কীভাবে তৈরি হয়, সেটিই দেখার ব্যবস্থা নেই। গবেষণাগার ও লোকবল সক্ষমতা এখনো সরকারের খুবই কম। সরকার যে বিধিমালাটি করেছে তা যৌক্তিক, কিন্তু তারপরেও কীভাবে এটি কার্যকর করা যাবে, সেটি বড়ো প্রশ্ন আমার কাছেও,„ বলছিলেন তিনি।

নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের কর্মকর্তারা বলছেন, শুরুতে বিএসটিআই-এর সনদ যাদের রয়েছে, তাদের ওপর কোনো হস্তক্ষেপ করার পরিকল্পনা তাদের নেই। তবে আমদানি করা খাদ্যপণ্য ঠিক আছে কি-না, তা যাচাইয়ের জন্য বন্দরগুলোতে খাদ্য নিরাপত্তা নিয়োগ দেওয়ার প্রক্রিয়া চলছে। কিন্তু ফুটপাতে বা রাস্তাঘাটে যে হাজার হাজার খাবারের দোকান, সেগুলোর মান যাচাইয়ের উদ্যোগ কার্যকর কীভাবে হবে- এমন প্রশ্নের জবাবে নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের চেয়ারম্যান শফিকুল ইসলাম বলেছেন যে, পর্যায়ক্রমে এগুলোকে নিবন্ধনের আওতায় আনা হবে। "আমরা চেষ্টা করবো, প্রক্রিয়াটা যাতে সহজ হয়। যাতে তারা সহজেই অনলাইনে আবেদন করতে পারে। তাহলে ধীরে ধীরে সবাই নিবন্ধনের আওতায় আসবে বলে মনে করি। যতটা সহজভাবে করা যায়, সেভাবেই হবে,„ বিবিসি বাংলাকে বলেছেন তিনি। বাংলাদেশ রেস্তোঁরা মালিক সমিতির সাধারণ সম্পাদক ইমরান হাসান বলছেন, নিবন্ধন আর লাইসেন্স খাদ্য নিরাপত্তা নিশ্চিতের একমাত্র মাপকাঠি হতে পারে না। "আমরা চেয়েছিলাম খাদ্য ব্যবসার সব কিছু একটি কর্তৃপক্ষের আওতায় আসুক। তারাই সবকিছু করবে। কিন্তু এখন যা হয়েছে, তাতে শুধু লাইসেন্স বাণিজ্যটাই হবে,„ বিবিসি বাংলাকে বলেছেন মি. হাসান। (বিবিসি ওয়েব পেজ : ২৯.০৭.২০২৬ আলী আহমেদ)

## ১৪৪ ধারার মধ্যেই হবিগঞ্জে বিক্ষোভ করতে যাচ্ছেন এনসিপির কেন্দ্রীয় নেতারা

মঙ্গলবার হবিগঞ্জে এনসিপির জুলাই পদযাত্রায় হামলার প্রতিবাদে সেখানেই বিক্ষোভ কর্মসূচির ডাক দিয়েছিল এনসিপি। ওই কর্মসূচিতে যোগ দিতে এরই মধ্যে হবিগঞ্জের পথে রয়েছে দলটির নেতারা। মঙ্গলবার রাতে এনসিপি এই কর্মসূচি ঘোষণার পর একই স্থানে বিএনপি ও ছাত্রদল কর্মসূচি ঘোষণা করায় হবিগঞ্জে ১৪৪ ধারা জারি করেছে প্রশাসন। তবে প্রশাসন ১৪৪ ধারা জারি করলেও কর্মসূচি পালন করতে সেখানে যাচ্ছেন এনসিপির নেতারা। এই কর্মসূচিতে কেন্দ্রীয় নেতাদের মধ্যে রয়েছেন এনসিপির আহ্বায়ক ও জাতীয় সংসদের বিরোধীদলীয় চিফ হুইপ নাহিদ ইসলাম, দক্ষিণ অঞ্চলের মুখ্য সংগঠক হাসনাত আবদুল্লাহসহ দলটির সিনিয়র নেতারা। আর আগে থেকেই সেখানে আছেন নাসিরউদ্দীন পাটওয়ারী ও সারজিস আলমসহ কেন্দ্রীয় নেতারা। এনসিপির মিডিয়া উপ কমিটির সদস্য ইয়াসির আরাফাত বিবিসি বাংলাকে জানান, কর্মসূচি পালনের উদ্দেশ্যে এনসিপি নেতারা এখন খুব কাছাকাছি রয়েছে। ১৪৪ ধারার মধ্যে কিভাবে কর্মসূচি পালন করবে এমন প্রশ্নের জবাবে মি. আরাফাত বলেন, "আহ্বায়কসহ কেন্দ্রীয় নেতারা সেখানে পৌঁছানোর পরই পরবর্তী সিদ্ধান্ত নেওয়া হবে।„ মঙ্গলবার হবিগঞ্জ শহরে এনসিপির `জুলাই পদযাত্রার, কর্মসূচি চলাকালে ও শেষে ফেরার পথে কেন্দ্রীয় নেতাদের গাড়িবহরে দফায় দফায় হামলার ঘটনা ঘটে। হামলার অভিযোগ ওঠে বিএনপি ও ছাত্রদলের নেতাকর্মীদের বিরুদ্ধে। পরে কয়েকজন সারজিস আলমসহ কয়েকজন কেন্দ্রীয় নেতাকে অবরুদ্ধ করে রাখার ঘটনাও ঘটে। পরে পুলিশি অবরোধের পর রাতে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সহায়তায় হবিগঞ্জ ছেড়েছিল। এরপরই বুধবার হবিগঞ্জে নতুন কর্মসূচি ঘোষণা করায় সেখানে ১৪৪ ধারা জারির পর জেলাটিতে কিছুটা উত্তেজনা বিরাজ করছে।(বিবিসি ওয়েব পেজ : ২৯.০৭.২০২৬ আলী আহমেদ)

## ভারতে পালিয়ে যাওয়ার আগে যশোরে আটক হলেন চট্টগ্রাম শীর্ষ সন্ত্রাসী ডেভিড ইমন

চট্টগ্রামের আলোচিত ও শীর্ষ সন্ত্রাসী ডেভিড ইমন ও তার তিন সহযোগীকে গ্রেফতার করেছে পুলিশ। বুধবার ভোর রাতে অতিরিক্ত পুলিশ সুপার মিরাজুল ইসলামের নেতৃত্বে পুলিশের একটি টিম যশোর নড়াইল মহাসড়কের ঝুমঝুমপুর এলাকা থেকে একটি প্রাইভেট কার তল্লাশি করে তাকে আটক করে। আটকের পর বুধবার সকাল সাড়ে ১০টার দিকে চট্টগ্রাম পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে। পুলিশ জানিয়েছে, ডেভিড ইমন ভারতে পালিয়ে যাওয়ার চেষ্টা করছে এমন গোপন তথ্য ছিল যশোর পুলিশের কাছে। সেই তথ্যের ভিত্তিতে পুলিশের একটি টিম যশোর নড়াইল মহাসড়কের ঝুমঝুমপুর এলাকায় অবস্থান নেয়। বুধবার ভোর রাতে কালো রঙের একটি প্রাইভেট কার সন্দেহ হলে তল্লাশি চালালে ইমনকে শনাক্ত করে পুলিশ। ইমনের আলোচিত গোফ কেটে ফেলায় পুলিশের চিনতে বেগ পেতে হয়। পুলিশ বলছে, জিজ্ঞাসাবাদের এক পর্যায়ে সে স্বীকার করেন, তিনি চট্টগ্রাম নগরের আলোচিত ও শীর্ষ সন্ত্রাসী ডেভিড ইমন। এসময় গাড়ির ভিতরে আরো তার তিন সহযোগীকেও আটক করা হয়। যশোরের পুলিশ সুপার সৈয়দ রফিকুল ইসলাম সাংবাদিকদের জানান, ডেভিড ইমন ভারতে পালিয়ে যাওয়ার চেষ্টা করছিল এমন গোপন তথ্যের ভিত্তিতে অভিযান চালানো হয়েছিল। গ্রেফতারের পর আইনি প্রক্রিয়া শেষে বুধবার সকালে তাকে চট্টগ্রাম জেলা পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে। ডেভিড ইমনের বিরুদ্ধে জোড়া খুন এবং চট্টগ্রাম ও দেশের বিভিন্ন এলাকায় ইন্টারনেট সেবাদাতা প্রতিষ্ঠানে কোটি টাকা চাঁদা দাবির হামলাসহ অন্তত বিভিন্ন অভিযোগে মামলা রয়েছে।
(বিবিসি ওয়েব পেজ : ২৯.০৭.২০২৬ আলী আহমেদ)

## স্থানীয় সরকার নির্বাচনে এমপিওভুক্ত শিক্ষকদের সুযোগ বহাল চায় জামায়াত

স্থানীয় সরকার নির্বাচনে এমপিওভুক্ত শিক্ষকদের অংশগ্রহণের সুযোগ দেওয়া ও সদ্য নিয়োগকৃত নির্বাচন কমিশনের অতিরিক্ত সচিবের চুক্তিভিত্তিক নিয়োগ বাতিলের দাবি জানিয়েছে জামায়াতে ইসলামী। বুধবার নির্বাচন ভবনে প্রধান নির্বাচন কমিশনার এএমএম নাসির উদ্দিনের সঙ্গে বৈঠক শেষে এসব কথা বলেন জামায়াতের সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার। সিইসির সাথে বৈঠকে দলটি জানায়, আসন্ন স্থানীয় সরকার নির্বাচনে এমপিওভুক্ত শিক্ষকদের নির্বাচনে অযোগ্য ঘোষণায় নির্বাচন কমিশনের (ইসি) প্রস্তাব বাতিলের দাবি জানিয়েছে জামায়াতে ইসলামী। একই সঙ্গে দলটি স্থানীয় সরকারের বিভিন্ন প্রতিষ্ঠানে রাজনৈতিকভাবে নিয়োগ পাওয়া প্রশাসকদের অযোগ্য ঘোষণার দাবি জানিয়েছে তারা। সাংবাদিকদের জামায়াতের সেক্রেটারি মি. পরোয়ার বলেন, "রাজনৈতিকভাবে পরিচিত ব্যক্তি সামসুল আলমকে ইসির অতিরিক্ত সচিব পদে নিয়োগ দেওয়া হয়েছে। ইসি সাংবিধানিক প্রতিষ্ঠান এখানে রাজনৈতিক ব্যক্তির নিয়োগ যে-কোনো নির্বাচনকে নিরপেক্ষ করার ব্যাপারে অন্তরায় এবং বাধা। সামসুল আলম বিএনপির নির্বাচনী আসন পুনর্নির্ধারণ কমিটির সদস্য ছিলেন, নিয়োগ বাতিল করতে হবে।(বিবিসি ওয়েব পেজ : ২৯.০৭.২০২৬ আলী আহমেদ)

## বন্যা বিধ্বস্ত আসামে মৃতের সংখ্যা বেড়ে ৭৫

ভারতের বন্যা বিধ্বস্ত আসামে মৃতের সংখ্যা ক্রমশ বাড়ছে। `ডিজাস্টার রিপোর্টিং অ্যান্ড ইনফর্মেশনম্যানেজমেন্ট সিস্টেমের, (ডিআরআইএমএস) তথ্য অনুযায়ী গত ২৪ ঘণ্টায় শিবসাগরে সাতজনের মৃত্যু হয়েছে। সব মিলিয়ে এখনো পর্যন্ত মৃতের সংখ্যা ৭৫ জনে গিয়ে দাঁড়িয়েছে। এই রাজ্যের সবচেয়ে ক্ষতিগ্রস্ত জেলার মধ্যে শিবসাগর ছাড়াও রয়েছে

জোড়হাট, চরাইদেও, গোলাঘাট, নগাঁও, কামরূপ ও শোনিতপুর। একদিকে যেমন উদ্ধারের কাজ চলছে তেমনই ক্ষতিগ্রস্তদের পুনর্বাসনের আশ্বাস দিয়েছে সরকার। এখনো ৬২২টা গ্রামের মানুষ চূড়ান্তভাবে ক্ষতিগ্রস্ত হয়েছেন। ৪৫,৩৪১.৯৮ হেক্টর ফসলি জমি বন্যার জলের তলায় রয়েছে। শিবসাগরের নাজিরা বিধানসভার অন্তর্গত নেপালিকুটি এলাকা বন্যায় ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত অঞ্চলের একটি। গত ১৯শে জুলাই নিকটস্থ দিখৌ নদীর জল গ্রামে ঢুকে পড়ায় বহু মানুষ ভিটেহারা হন। খাদ্যশস্য, নিত্য প্রয়োজনীয় সামগ্রীর পাশাপাশি গবাদি পশুও স্রোতে ভেসে গিয়েছে বলে স্থানীয় বাসিন্দারা জানিয়েছেন। কৃষ্ণ শর্মা নামে সেখানকার এক বাসিন্দা বার্তাসংস্থা এএনআইকে বলেছেন, "এই বন্যায় আমাদের গ্রামের ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। বাড়ি ভেসে গেছে, গবাদি পশু হারিয়ে গেছে। বহু পরিবার খাবার, আশ্রয় এবং জীবিকা হারিয়েছে।„ তিনি জানিয়েছেন, পরে জলস্তর কিছুটা নেমে গেলেও কৃষিজমি ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে।„ ইতোমধ্যে আসামের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা ভুক্তভোগীদের জন্য ক্ষতিপূরণ ঘোষণা করেছেন।
(বিবিসি ওয়েব পেজ : ২৯.০৭.২০২৬ আলী আহমেদ)

## কয়লা কেলেঙ্কারি মামলায় প্রয়াত ড. মনমোহন সিংকে ক্লিনচিট দিল সুপ্রিম কোর্ট

মৃত্যুর দেড় বছর পর ভারতের সাবেক প্রধানমন্ত্রী ড. মনমোহন সিংকে কয়লা কেলেঙ্কারি মামলা থেকে ক্লিনচিট দিল সুপ্রিম কোর্ট। বুধবার তার বিরুদ্ধে চলা কয়লা কেলেঙ্কারি মামলার ক্লোজার ঘোষণা করেছে সুপ্রিম কোর্ট। ইউপিএ সরকার ক্ষমতায় থাকাকালীন ওড়িশায় কয়লাখনির বণ্টনকে কেন্দ্র করে অনিয়মের অভিযোগ ওঠে। সেই সময় কয়লা মন্ত্রণালয় ছিল মনমোহন সিংয়ের হাতে। এই মামলায় তৎকালীন কয়লাসচিবের বিরুদ্ধে অভিযোগ ওঠে। সিবিআই প্রধানমন্ত্রীর সচিবালয়ের কর্তাদের এ বিষয়ে জিজ্ঞাসাবাদ করলেও মনমোহনকে জিজ্ঞাসাবাদ করেনি বলে অভিযোগ। এই নিয়ে আদালতেও প্রশ্ন ওঠে। এই অভিযোগের সঙ্গে জড়িত অভিযোগ প্রথম থেকেই খারিজ করে এসেছিলেন ড. মনমোহন সিং। ২০১৫ সালে কয়লা কেলেঙ্কারি মামলায় মনমোহন সিংকে জিজ্ঞাসাবাদ করে পাওয়া তথ্য আদালতে জমা দিয়েছিল সিবিআই। ক্রমে এই মামলা সুপ্রিম কোর্টে যায়। ২০২৪ সালে তার মৃত্যু হয়। বুধবার শীর্ষ আদালত জানিয়েছেন, ট্রায়াল কোর্টের কাছে সিবিআই-এর দাখিল করা ক্লোজার রিপোর্টকে প্রত্যাখ্যান করে মামলাটি আমলে নেওয়ার মতো কোনো শক্ত ভিত্তি ছিল না। আইন-সংক্রান্ত ওয়েবসাইট `লাইভ ল,-এর তথ্য অনুযায়ী, প্রধান বিচারপতি সূর্যকান্ত, বিচারপতি জয়মাল্য বাগচী এবং বিচারপতি ভি মোহনকে নিয়ে গঠিত একটি বেঞ্চ ২০১৫ সালে ট্রায়াল কোর্ট দ্বারা জারি শমনকে চ্যালেঞ্জ করে দায়ের হওয়া মনমোহন সিংয়ের আবেদন গ্রহণ করার পর এই সিদ্ধান্তের কথা জানিয়েছে। সুপ্রিম কোর্টের এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছে প্রধানমন্ত্রীকে ক্ষমা চাওয়ার দাবি জানিয়েছে কংগ্রেস। কংগ্রেস নেতা জয়রাম রমেশ সামাজিক মাধ্যম এক্স-এ আদালতের সিদ্ধান্তের বিষয়টি শেয়ার করে লিখেছেন, "প্রধানমন্ত্রীর দেশের কাছে ক্ষমা চাওয়া উচিত।„ (বিবিসি ওয়েব পেজ : ২৯.০৭.২০২৬ নারগীস)

## হবিগঞ্জের সীমানায় প্রবেশের পর বাধার মুখে রাস্তায় বসে পড়লেন নাহিদ-হাসনাতরা

`জুলাই পদযাত্রা, ঘিরে হামলার ঘটনার পর কর্মসূচিতে অংশ নিতে এনসিপি নেতারা রওয়ানা হয়েছিলেন হবিগঞ্জের পথে। এই যাত্রা পথে মৌলভীবাজারের শ্রীমঙ্গল থেকে হবিগঞ্জে যাওয়ার পথে অন্তত তিন জায়গায় বাধা দেয় পুলিশ। এই তিনটি বাধা অতিক্রম করে হবিগঞ্জের পথে এগোতেই আরেক দফা বাধার মুখে পড়েন এনসিপির শীর্ষ নেতারা। হবিগঞ্জের মিরপুর এলাকায় পৌঁছালে পুলিশ গাড়িবহর আটকে দেয়। পরে সেখানেই বসে পড়েন নাহিদ ইসলামের নেতৃত্বে এনসিপির শীর্ষ নেতারা। সেখানে সংসদ সদস্য হাসনাত আব্দুল্লাহ, সারজিস আলম, নাসীরুদ্দীন পাটওয়ারীসহ সিনিয়র নেতাদের রাস্তায় বসে থাকতে দেখা যায়। পরে সেখানে তুমুল বৃষ্টি শুরু হলে ওই বৃষ্টির মধ্যেই রাস্তায় অবস্থান নিতে দেখা যায় এনসিপি নেতা-কর্মীদের। সেখান থেকে এনসিপি নেতা নাসীরুদ্দীন পাটওয়ারী বিবিসি বাংলাকে বলেন, "রাস্তার মাঝখানে ট্রাক, ট্রাক্টর, পুলিশ বসিয়ে রাখা হয়েছে। আমাদের হবিগঞ্জে যেতে বাঁধা দেওয়া হচ্ছে।„ এর আগে, বিকেল ৩টার দিকে মৌলভীবাজার সার্কিট হাউজ থেকে হবিগঞ্জের উদ্দেশে রওয়ানা হন এনসিপির আহ্বায়ক নাহিদ ইসলামের নেতৃত্বে দলটির নেতা-কর্মীরা। সেই বহরে থাকা দলটির নেতা-কর্মীরা পথে পথে তাদের বাধার বেশ কিছু ভিডিও শেয়ার করেন ফেসবুকে। সেখানে দেখা যায় রাস্তায় খালি ট্রাক, ছোটো ছোটো ট্রাক্টর রেখে পথ আটকে রাখা হয়েছে। (বিবিসি ওয়েব পেজ : ২৯.০৭.২০২৬ নারগীস)

## তারেক রহমানের সফরের অপেক্ষায় আছি : ভারতের হাইকমিশনার

ব্রিকস শীর্ষ সম্মেলনে অংশ নিতে ভারতের আমন্ত্রণে সাড়া দিয়ে প্রধানমন্ত্রী তারেক রহমান দিল্লি যাবেন কি না- এমন প্রশ্নে ভারতের হাইকমিশনার দীনেশ ত্রিবেদী বলেছেন, এই সিদ্ধান্ত নেবেন বাংলাদেশের প্রধানমন্ত্রী। তিনি বলেন, "এটা সম্পূর্ণ তাঁর বিষয়। তবে তারা অধীর আগ্রহে বাংলাদেশের প্রধানমন্ত্রীর ভারত সফরের অপেক্ষায় আছেন।„ বুধবার বিকেলে ঢাকায় পররাষ্ট্র মন্ত্রণালয়ে পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান ও প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলামের সঙ্গে বৈঠকের পর সাংবাদিকদের সঙ্গে কথা বলেন মি. ত্রিবেদী। ঢাকায় ভারতের হাইকমিশনারের দায়িত্ব নিয়ে আসার পর দীনেশ ত্রিবেদীর এটাই প্রথম পররাষ্ট্রমন্ত্রী ও প্রতিমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ হলো। খুবই উষ্ণ পরিবেশে বৈঠক হয়েছে উল্লেখ করে দীনেশ ত্রিবেদী বলেন, বৈঠকে দ্বিপক্ষীয় সম্পর্কের নানা বিষয় নিয়ে এমনকি খেলাধুলা, ক্রিকেট নিয়েও কথা হয়েছে।

বাংলাদেশিদের জন্য ভারতের ভিসা আবার চালু হওয়ার কথা উল্লেখ করে ভারতীয় হাইকমিশনার বলেন, ”ভারত ও বাংলাদেশ উভয় দেশের জনগণের জন্য এটা খুবই সুবিধাজনক। দুই দেশের সম্পর্ক ঐতিহাসিক। আমাদের শুধু সীমান্ত নয়, অভিন্ন সংস্কৃতি ও স্বপ্নও রয়েছে। তাই বৈঠকটা খুবই ভালো হয়েছে। উভয়পক্ষের জনগণের জন্য লাভজনক হয়- এমন সম্পর্কের ভিত্তি গড়ে তোলার অপেক্ষায় রয়েছি আমি।„ আগামী ১২-১৩ সেপ্টেম্বর নয়াদিল্লিতে অনুষ্ঠেয় ১৮তম ব্রিকস শীর্ষ সম্মেলনের আউটরিচ পর্বে যোগ দেওয়ার জন্য বিমসটেকের বর্তমান চেয়ারম্যান হিসেবে প্রধানমন্ত্রী তারেক রহমানকে আমন্ত্রণ জানিয়েছেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি।ওই আমন্ত্রণ গ্রহণ করে বাংলাদেশ সম্মেলনে যোগ দেবে কি না, সে বিষয়ে এখনো চূড়ান্ত সিদ্ধান্ত হয়নি।

(বিবিসি ওয়েব পেজ : ২৯.০৭.২০২৬ নারগীস)

## রাহুল গান্ধীর নিশানায় অমিত শাহ; ক্ষমা চাইতে বললেন শাসকদলের সংসদ সদস্যরা

ভারতে প্রশ্নপত্র ফাঁস সংক্রান্ত 'পাবলিক এক্সামিনেশন (প্রিভেনশন অব আনফেয়ার মিন্স) অ্যামেন্ডমেন্ট বিল, ২০২৬'-এর উপর বিতর্ক চলাকালে লোকসভায় বিরোধীদলীয় নেতা রাহুল গান্ধীর অভিযোগের তীব্র বিরোধিতা করে তাকে ক্ষমা চাওয়ার কথা বলেন শাসকদলের সংসদ সদস্যরা। বিতর্ক চলাকালে রাহুল গান্ধী অভিযোগ তুলেছিলেন, ”স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ ছাত্রদের ওপর গুলি চালানোর নির্দেশ দিয়েছিলেন।„ মি. গান্ধী বলেন, ”স্বরাষ্ট্রমন্ত্রীর সংসদে এসে বসার সাহস নেই। আমি তাকে ৩০টি গাড়ির কনভয়ে কাঁপতে কাঁপতে বসে থাকতে দেখেছি। স্বরাষ্ট্রমন্ত্রী আজ এখানে নেই কেন? স্বরাষ্ট্রমন্ত্রীই তো ছাত্রদের ওপর গুলি চালানোর নির্দেশ দিয়েছিলেন।„ এই বক্তব্যের পরে লোকসভায় ব্যাপক হট্টগোল দেখা দেয়। শাসক দলের সংসদ সদস্যরা তাকে ক্ষমা চাইতে বলেন। এই প্রসঙ্গে পরে কেন্দ্রীয় মন্ত্রী পীযূষ গোয়েল সাংবাদিকদের বলেন, ”সংসদে ভিত্তিহীন এবং ভুয়া মন্তব্য করেছেন বিরোধী দলনেতা, কোনো রকম গুলিই চলেনি। আমি তার এই মন্তব্যের তীব্র বিরোধিতা জানাচ্ছি।„ বুধবার তার বক্তব্য শুরু করার আগে রাহুল গান্ধী বলেন, ”আমি কয়েকজন তরুণীর সঙ্গে কথা বলেছিলাম। আমি তাদের জিজ্ঞাসা করেছিলাম, শিক্ষার্থী হওয়ার অর্থ কী। মেয়েটি খুব সুন্দর একটি উত্তর দিয়েছিল। সে বলেছিল, শিক্ষার্থী সে-ই, যার হৃদয় ও মন উন্মুক্ত। বিদ্যার্থীরা জানে তাদের আরো শিখতে হবে এবং এই মহাবিশ্ব প্রতিনিয়ত পরিবর্তনশীল। তাই তারা বিশ্বাস করে যে জ্ঞানও ক্রমাগত পরিবর্তিত হতে থাকে।„ তিনি বললেন, ”এমন কিছু মানুষ আছেন, যারা ছাত্র নন। তারা সম্পূর্ণভাবে বিশ্বাস করেন যে, তারা সবকিছু জানেন এবং এই জ্ঞান তাদের ভেতর থেকেই আসে। তারা নিজেদেরকে ঈশ্বর মনে করেন। তারা অহংকারী এবং কারও কথা শোনেন না। তারা অন্যের সত্যকে সম্মান করেন না।„ ”আমি জিজ্ঞাসা করলাম, ওরা কী ধরনের মানুষ। তো মেয়েটি বলল, আমি তাদের ইডিয়ট বলি।„ এরপর লোকসভায় তুমুল হট্টগোল হয় এবং শাসক দলের সদস্যরা এই বক্তব্যকে আপত্তিকর বলে আখ্যা দেন। এরপর রাহুল গান্ধী তার বক্তব্য অব্যাহত রাখেন। ব্যাপক হট্টগোলের মধ্যে, রাহুল গান্ধী যখন বলেন যে, তিনি এখন আর ভাষণ দেবেন না এবং বসে পড়েন, তখন সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু তাকে ওই শব্দটি ব্যবহার না করে ভাষণ চালিয়ে যাওয়ার অনুরোধ করেন।

(বিবিসি ওয়েব পেজ : ২৯.০৭.২০২৬ নারগীস)

## ট্রাইব্যুনালে সুষ্ঠু বিচার নিয়ে উদ্বেগ হিউম্যান রাইটস ওয়াচের, অভিযোগ প্রত্যাখ্যান প্রসিকিউশনের

যুক্তরাষ্ট্র ভিত্তিক মানবাধিকার সংস্থা হিউম্যান রাইটস ওয়াচ (এইচআরডব্লিউ) বলছে, বাংলাদেশের আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল পরিচালনায় কর্তৃপক্ষ আন্তর্জাতিক আইনি মানদণ্ড বজায় রাখতে ব্যর্থ হচ্ছে। সংস্থাটি বলছে, তাদের অনুসন্ধানে এটি দেখা গেছে যে, ট্রাইব্যুনালের প্রসিকিউটর ও বিচারকরা তদন্ত কর্মকর্তাদের নথিভুক্ত করা এমন সাক্ষ্য বিবৃতির ওপর নির্ভর করছেন, যেগুলোর একাধিক বিবৃতিতে একই অনুচ্ছেদ পাওয়া গেছে। এতে এসব সাক্ষ্য বিবৃতির সত্যতা নিয়ে গুরুতর সন্দেহ তৈরি হয়েছে বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে। অভিযোগ প্রত্যাখ্যান করে ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর মো. আমিনুল ইসলাম বলেছেন, হিউম্যান রাইটস ওয়াচের মন্তব্য সঠিক ও তথ্যভিত্তিক নয়, বরং কিছু আসামির দ্বারা প্রভাবিত হয়ে এ ধরনের রিপোর্ট তারা দিয়ে থাকতে পারে। ”কারও প্রতি সহানুভূতির ভিত্তিতে এ ধরনের রিপোর্ট দেওয়া হলে তা হবে দুঃখজনক। বিচারকে প্রশ্নবিদ্ধ করার জন্যই এ ধরনের রিপোর্ট প্রকাশ করা হয়েছে,„ বিবিসি বাংলাকে বলেছেন তিনি। যদিও হিউম্যান রাইটস ওয়াচের ডেপুটি এশিয়া ডিরেক্টর মীনাক্ষী গাঙ্গুলী বলেছেন, মানবাধিকার লঙ্ঘনের বিচার যেন যথাযথ সব প্রক্রিয়া অনুসরণ করে করা হয় সেটিই তারা চাইছেন। ”বাংলাদেশকে ফৌজদারি বিচার ব্যবস্থার সংস্কার করতে হবে এবং সরকারকে নিশ্চিত করতে হবে যে দুর্বল তদন্ত ও ভিত্তিহীন অভিযোগের মাধ্যমে রাজনৈতিক প্রতিহিংসার কোনো সুযোগ যেন না থাকে,„ বিবিসি বাংলাকে বলেছেন তিনি।

### বিজ্ঞপ্তিতে আরও যা বলা হয়েছে

বিজ্ঞপ্তিতে হিউম্যান রাইটস ওয়াচ এক ডজনেরও বেশি মামলার পর্যবেক্ষণে যথাযথ প্রক্রিয়া (ডিউ প্রসেস) বিষয়ে তাদের উদ্বেগের কথা জানিয়েছে। সংস্থাটির মতে, প্রসিকিউটররা অনেক ক্ষেত্রে পর্যাপ্ত প্রমাণ ছাড়াই ব্যক্তিদের আটক ও অভিযুক্ত করেছেন। এছাড়া একাধিক মামলায় সাক্ষ্যবিবৃতিতে একই ধরনের দোষারোপমূলক অংশ বিভিন্ন সাক্ষীর বক্তব্যে যুক্ত করা হয়েছে বলে দেখা গেছে। ”আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল পরিচালনায় কর্তৃপক্ষ আন্তর্জাতিক

আইনি মানদণ্ড বজায় রাখতে ব্যর্থ হচ্ছে। এসব ব্যর্থতা ভুক্তভোগীদের ন্যায়বিচার থেকে বঞ্চিত করতে পারে, আইনের শাসনকে দুর্বল করতে পারে, রাজনৈতিক প্রতিপক্ষকে অন্যায়ভাবে কারাবন্দি করার ঝুঁকি তৈরি করতে পারে এবং অতীতের মানবাধিকার লঙ্ঘনের পুনরাবৃত্তি ঘটাতে পারে,„ বিজ্ঞপ্তিতে বলা হয়েছে। এতে উল্লেখ করা হয় যে, গত ২৭ জুলাই প্রসিকিউটররা মানবতাবিরোধী অপরাধ ও গণহত্যার অভিযোগে ৪১ জনের বিরুদ্ধে অভিযোগপত্র দাখিল করেন। হিউম্যান রাইটস ওয়াচের এশিয়া অঞ্চলের উপ-পরিচালক মীনাক্ষী গাঙ্গুলীকে উদ্ধৃত করে বিজ্ঞপ্তিতে বলা হয়, ”শেখ হাসিনা সরকারের সময় সংঘটিত বহু নির্যাতনের জন্য দায়ীদের অবশ্যই যথাযথভাবে জবাবদিহির আওতায় আনতে হবে। তবে অনেক বিচারই আন্তর্জাতিক ন্যায্য বিচারের মানদণ্ড পূরণ করছে না। বাংলাদেশকে জরুরি ভিত্তিতে তার ফৌজদারি বিচারব্যবস্থার সংস্কার করতে হবে এবং নতুন সরকারকে নিশ্চিত করতে হবে যে দুর্বল তদন্ত ও ভিত্তিহীন অভিযোগের মাধ্যমে রাজনৈতিক প্রতিহিংসার কোনো সুযোগ না থাকে।„ বিজ্ঞপ্তিতে বলা হয়, ট্রাইব্যুনাল মূলত ২০২৪ সালের জুলাই ও আগস্টে ছাত্র-নেতৃত্বাধীন আন্দোলনে নিরাপত্তা বাহিনীর দমন-পীড়নের ঘটনাগুলোর বিচার করছে। ওই অভিযানে ৮০০ জনেরও বেশি মানুষ নিহত এবং হাজার হাজার মানুষ গুরুতর আহত হন। শেষ পর্যন্ত এই আন্দোলনের ফলেই আওয়ামী লীগ সরকারের পতন ঘটে। এছাড়া শেখ হাসিনার শাসনামলে সংঘটিত বিচারবহির্ভূত হত্যা ও গুমের মতো অন্যান্য অভিযোগও ট্রাইব্যুনালে বিচারাধীন রয়েছে। শেখ হাসিনা সরকারের পতনের পর ট্রাইব্যুনাল ৬টি মামলার বিচার সম্পন্ন করেছে। এতে মানবতাবিরোধী অপরাধে ৬২ জন দোষী সাব্যস্ত হয়েছেন। এদের মধ্যে ৪২ জনের বিচার তাদের অনুপস্থিতিতে হয়েছে, যার মধ্যে শেখ হাসিনাও রয়েছেন। এছাড়া ১৬ জনকে মৃত্যুদণ্ড দেওয়া হয়েছে। হিউম্যান রাইটস ওয়াচ বলছে, বর্তমান আইন অনুযায়ী প্রসিকিউটররা কোনো নির্দিষ্ট প্রমাণ ছাড়াই গ্রেফতারের নির্দেশ দিতে পারেন। আটক ব্যক্তিদের মাসের পর মাস লিখিত কারণ ছাড়াই আটক রাখা যায়। পৃথক আদালতে অন্তর্বর্তীকালীন আপিলের অধিকার নেই। ”প্রসিকিউশন তাদের পাওয়া প্রমাণগুলো প্রকাশের মাত্র তিন সপ্তাহ পরই বিচার শুরু করা সম্ভব, যা আসামিপক্ষের প্রস্তুতির জন্য অত্যন্ত অল্প সময়। অনুপস্থিতিতে পরিচালিত বিচারগুলোতেও অভিযুক্তদের নিজেদের আইনজীবী নির্বাচন করার অধিকারসহ যথাযথ সুরক্ষা নিশ্চিত করা হয় না। এছাড়া প্রতিরক্ষা আইনজীবীদের সাক্ষীদের জেরা করার ক্ষমতাও সীমিত,„ বিজ্ঞপ্তিতে বলা হয়েছে।

২০১৩ সালের মে মাসে হেফাজতে ইসলাম-এর এক সমাবেশ নিয়ে সংবাদ পরিবেশনের কারণে গত ১৪ মে ট্রাইব্যুনাল দুই সাংবাদিককে গ্রেফতার দেখানোর নির্দেশ দেয়। মানবাধিকার সংগঠনগুলো সে সময় অতিরিক্ত বলপ্রয়োগে কয়েকজন বিক্ষোভকারী নিহত হওয়ার অভিযোগ তুলেছিল। কিন্তু প্রসিকিউটরদের অভিযোগ, একাত্তর টিভির ব্যবস্থাপনা পরিচালক মোজাম্মেল বাবু এবং উপস্থাপক ফারজানা রুপা সরকারকে হত্যাকাণ্ড গোপন করতে সহায়তা করেছিলেন এবং 'মিথ্যা তথ্য' প্রচার করেছিলেন। সাংবাদিকদের আইনজীবীরা হিউম্যান রাইটস ওয়াচকে জানান, প্রসিকিউটররা তাদের গ্রেফতারের কারণ লিখিতভাবে জানাননি। এটি আন্তর্জাতিক নাগরিক ও রাজনৈতিক অধিকার বিষয়ক চুক্তির (আইসিসিপিআর) এবং বাংলাদেশের আন্তর্জাতিক অপরাধ (ট্রাইব্যুনাল) আইনের পরিপন্থি। ২৭ জুলাই দাখিল করা অভিযোগপত্রে ওই দুই সাংবাদিকসহ মোট ৪১ জনের বিরুদ্ধে মানবতাবিরোধী অপরাধ এবং গণহত্যার অভিযোগ আনা হয়। আন্তর্জাতিক আইনে গণহত্যা বলতে কোনো জাতীয়, জাতিগত, বর্ণগত বা ধর্মীয় গোষ্ঠীকে সম্পূর্ণ বা আংশিক ধ্বংস করার উদ্দেশ্যে সংঘটিত নির্দিষ্ট অপরাধকে বোঝায়। হিউম্যান রাইটস ওয়াচ জানিয়েছে, ট্রাইব্যুনালের প্রসিকিউটর ও বিচারকরা এমন সাক্ষ্য বিবৃতির ওপর নির্ভর করছেন, যেখানে তদন্ত কর্মকর্তাদের রেকর্ড করা একাধিক বিবৃতিতে একই অনুচ্ছেদ হুবহু বা প্রায় হুবহু পুনরাবৃত্তি হয়েছে। এতে এসব সাক্ষ্য বিবৃতির বিশ্বাসযোগ্যতা নিয়ে প্রশ্ন ওঠে। বিজ্ঞপ্তিতে বলা হয়, ”এর একটি উদাহরণ হলো ডা. মুহাম্মদ হাসান মাহমুদ চৌধুরী ও অন্যান্য মামলাটি। এই মামলায় চট্টগ্রাম শহরের কেন্দ্রে ২০২৪ সালের ১৬ ও ১৮ জুলাই এবং ৪ আগস্ট সংঘটিত হত্যাকাণ্ডের ঘটনায় আওয়ামী লীগের ২২ জন রাজনীতিবিদ ও কর্মীর বিরুদ্ধে তিনটি অভিযোগ আনা হয়েছে। প্রসিকিউশনের গুরুত্বপূর্ণ প্রমাণ হিসেবে প্রকাশিত ৫৫টি সাক্ষ্য বিবৃতি রয়েছে।„ ”এসব বিবৃতির মধ্যে একটি ছয় লাইনের অনুচ্ছেদ, যা ১৪টি পৃথক সাক্ষ্য বিবৃতিতে প্রায় শব্দে একই রকম পাওয়া গেছে। সেখানে দাবি করা হয়েছে, সাতজন রাজনীতিবিদ পরিকল্পনা, অর্থায়ন, উসকানি ও নির্দেশনার মাধ্যমে আওয়ামী লীগের সন্ত্রাসীদের ব্যবহার করে ছয়জনকে হত্যা করেছেন।„ একই মামলায় আটক থাকা আওয়ামী লীগের জ্যেষ্ঠ নেতা এবিএম ফজলে করিম চৌধুরীর আইনজীবীরা সাংবাদিকদের কাছে এমন একটি অডিও রেকর্ডিং দেন, যাতে দাবি করা হয় যে, ট্রাইব্যুনালের এক প্রসিকিউটর ১ কোটি টাকা ঘুসের বিনিময়ে তার জামিন নিশ্চিত করার প্রস্তাব দিয়েছিলেন বলে হিউম্যান রাইটস ওয়াচের বিজ্ঞপ্তিতে বলা হয়েছে। রেকর্ডিং প্রকাশের পর ওই প্রসিকিউটর পদত্যাগ করেন। তবে প্রধান প্রসিকিউটরের কার্যালয় এখনো তদন্ত শেষ করেনি। এদিকে বিচারকরা অভিযোগ গঠন সম্পন্ন করেছেন এবং মামলার বিচার ৬ আগস্ট শুরু হওয়ার কথা রয়েছে। মীনাক্ষী গাঙ্গুলীকে উদ্ধৃত করে বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ”বাংলাদেশের কর্তৃপক্ষের উপলব্ধি করা উচিত যে, তারা অতীতের মতো রাজনৈতিক প্রতিহিংসামূলক বিচার পুনরাবৃত্তি করতে পারে না। একই ধরনের সাক্ষ্যবিবৃতির ওপর ভিত্তি করে আনা অভিযোগ একটি

বিশ্বাসযোগ্য বিচারপ্রক্রিয়ার অভাবকে স্পষ্ট করে। এর ফলে আবারও ভুক্তভোগী, তাদের পরিবার এবং বাংলাদেশের সাধারণ মানুষ ন্যায়বিচার থেকে বঞ্চিত হবে।„

**মীনাক্ষী গাঙ্গুলি বিবিসিকে যা বলেছেন**

হিউম্যান রাইটস ওয়াচ কেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের বিচার প্রক্রিয়া নিয়ে প্রশ্ন তুলেছে জানতে চাইলে মীনাক্ষী গাঙ্গুলি বিবিসি বাংলাকে বলেছেন, ”আমরা চাই বিচার প্রক্রিয়ায় আন্তর্জাতিক মানদণ্ড বজায় রেখে আওয়ামী লীগের সময়ের মানবাধিকার লঙ্ঘনের বিচারগুলো যথাযথ হোক। এগুলোতে তাড়াহুড়ো করলে কিংবা ১২ সাক্ষীর সবাই একই কথা বললে অর্থাৎ বিচারটায় যথাযথ প্রক্রিয়া (ডিউ প্রসেস) না মানলে তাতে ভিকটিম ন্যায়বিচার পায় না।„ কিন্তু এখন যে প্রক্রিয়ায় বিচার হচ্ছে, সেটিকে হিউম্যান রাইটস ওয়াচ আন্তর্জাতিক মানসম্পন্ন মনে করছে না কেন- এমন প্রশ্নের উত্তরে তিনি বলেন, ”সবাই জানে এটা খারাপ- তাই এটা খারাপ। এটা তো হয় না। মামলার কিছু প্রক্রিয়া আছে। এভিডেন্স সংগ্রহ করা, সেগুলা ঠিকমতো উপস্থাপন করা, ডিফেন্স ল'ইয়ার (আসামি পক্ষের আইনজীবী) থাকা, ক্রস এগজামিনেশন (সাক্ষ্য জেরা) হওয়া । রাজনৈতিক প্রতিহিংসা পূরণের জন্য হলে তো ন্যায় বিচার হয় না।„ এখন যে বিচার হচ্ছে, তাতে কী তাহলে রাজনৈতিক প্রতিহিংসা চরিতার্থ করা হচ্ছে?- এমন প্রশ্নের জবাবে মিজ গাঙ্গুলি বলেন, ”৪০০ জনকে এক মামলায় দিল। জেলে নিল। জামিন হলো না। এগুলো তো বাংলাদেশ আগে দেখেছে। এগুলো তো আর বাংলাদেশ দেখতে চায় না। পুরো বিচার প্রক্রিয়ায় পদ্ধতিগত পরিবর্তন আনতে হবে।„

**চিফ প্রসিকিউটর যা বললেন**

আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর মোঃ আমিনুল ইসলাম বিবিসি বাংলাকে বলেছেন যে, বিভিন্ন মামলায় বিচারে সোপর্দ করা হয়েছে এমন কিছু আসামিদের দ্বারা প্রভাবিত হয়ে হিউম্যান রাইটস ওয়াচের রিপোর্টটি করা হয়েছে বলে তিনি মনে করছেন। ”এ ধরনের বক্তব্য বা রিপোর্ট দেওয়ার আগে তারা আমার বা প্রসিকিউশনের কারও বক্তব্য নেয়নি। এ রিপোর্টের কোনো সত্যতা নেই। প্রসিকিউশনে ২০ বছরের কম অভিজ্ঞ কোনো আইনজীবী নেই। তথ্যপ্রযুক্তি বিশেষজ্ঞ আছেন। সব ভিডিও ফুটেজ দ্বারা প্রমাণিত। প্রত্যক্ষদর্শীর সাক্ষ্য দ্বারা প্রমাণিত। তার আর কোন মানদণ্ড খুঁজছেন আমি জানি না,„ বলেছিলেন তিনি। মি. ইসলাম বলেন, ”আমি তাদের বক্তব্য প্রত্যাখ্যান করছি। অনেক যাচাই বাছাই শেষে অভিযুক্তদের বিরুদ্ধে বিচার প্রক্রিয়া শুরু হয়। তারা শাপলা চত্বর মামলা ও চট্টগ্রামের এক মামলা অভিযুক্তদের পক্ষে সাফাই গেয়েছে। কারও প্রতি অ্যাফিলিয়েশন থেকে তারা এই রিপোর্ট করতে পারে। আমি মনে করি, বিচারকে প্রশ্নবিদ্ধ করার জন্য এই রিপোর্ট প্রকাশ করেছে তারা।„ আসামিদের জামিন পাওয়ার অধিকার ও একই বক্তব্য বারবার ব্যবহারের যে অভিযোগ হিউম্যান রাইটস ওয়াচ করেছে সে বিষয়ে তিনি বলেন, ”আন্তর্জাতিক অপরাধ আদালত প্রতিষ্ঠার মূল ভিত্তি রোম স্ট্যাটিউটে যেভাবে বলা আছে, সেভাবেই সব হচ্ছে। জামিন পাওয়ার এখতিয়ার থাকলে পাবে। জামিন তো হচ্ছে। আমরা বেআইনি বা অন্যায়ভাবে কাউকে ধরে রাখিনি। সব মিলিয়ে স্বচ্ছ বিচার হচ্ছে। বরং হিউম্যান রাইটস ওয়াচের বক্তব্য সঠিক তথ্য ভিত্তিক নয়। আমরা এটিকে প্রত্যাখ্যান করছি।„

প্রসঙ্গত, একাত্তরের মানবতাবিরোধী অপরাধের বিচারের জন্য বাংলাদেশে ২০১০ সালের মার্চে তৎকালীন আওয়ামী লীগ সরকারের সময়ে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল গঠন করা হয়েছিল। তখন বিচারের পর ছয়জনের মৃত্যুদণ্ড কার্যকর করা হয়েছিল। এদের মধ্যে পাঁচজন জামায়াতে ইসলামীর শীর্ষস্থানীয় নেতা এবং একজন বিএনপির শীর্ষস্থানীয় নেতা ছিলেন। হিউম্যান রাইটস ওয়াচের মতে, ”সেই বিচারগুলো প্রমাণের দুর্বলতা, রাজনৈতিক পক্ষপাত, প্রসিকিউটর ও বিচারকদের মধ্যে আঁতাত এবং মৌলিক ন্যায্য বিচার প্রক্রিয়ার অভাবের কারণে ব্যাপক সমালোচিত হয়েছিল।„ সবশেষ ২০২৪ সালের জুলাই গণ-অভ্যুত্থানের পরে গঠিত অন্তর্বর্তী সরকার জুলাইয়ের মানবতাবিরোধী অপরাধের বিচারের জন্য পুনর্গঠন করে একই ট্রাইব্যুনাল। পুনর্গঠিত এই ট্রাইব্যুনালে প্রথম রায় দিয়েছিল ২০২৫ সালের নভেম্বরে। রায়ে ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান কামালের মৃত্যুদণ্ড দেওয়া হয়েছিল। ২০২৪ সালে শেখ হাসিনা সরকারের পতনের পর অন্তর্বর্তী সরকার ট্রাইব্যুনাল আইন সংশোধন করে এবং আন্তর্জাতিক মানদণ্ডের সঙ্গে সামঞ্জস্য রেখে অপরাধের সংজ্ঞা পরিবর্তন করে। তবে হিউম্যান রাইটস ওয়াচের মতে, এই সংশোধনগুলো আন্তর্জাতিক আদালতের সমমানের ন্যায্য বিচার ও প্রক্রিয়াগত সুরক্ষা নিশ্চিত করতে যথেষ্ট ছিল না। চলতি বছরের ফেব্রুয়ারিতে তারেক রহমানের নেতৃত্বাধীন বিএনপি সরকার ক্ষমতায় আসার পরও এ বিষয়ে আর কোনো সংশোধন আনা হয়নি। ট্রাইব্যুনাল সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার আওয়ামী লীগ সরকারের সময় সংঘটিত গুরুতর মানবাধিকার লঙ্ঘনের অভিযোগে রাজনীতিবিদ, নিরাপত্তা বাহিনীর সদস্য এবং এমনকি সাংবাদিকদের বিরুদ্ধেও বিচার কার্যক্রম পরিচালনা করছে। ২০২৪ সালে ১৫ বছরেরও বেশি সময় ধরে ক্রমবর্ধমান কর্তৃত্ববাদী শাসনের বিরুদ্ধে গণআন্দোলনের মুখে শেখ হাসিনা সরকারের পতন ঘটে বলে হিউম্যান রাইটস ওয়াচের বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে।(বিবিসি ওয়েব পেজ : ২৯.০৭.২০২৬ নারগীস)

# রেডিও তেহরান

## বাংলাদেশের ইতিহাসে বিভিন্ন অভ্যুত্থানে নির্বাসিত নেতাদের প্রত্যাবর্তন

বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসের সামরিক অভ্যুত্থান, গণ-অভ্যুত্থান কিংবা নির্বাচন যেমন গুরুত্বপূর্ণ মোড় তৈরি করেছে, তেমনি নির্বাসিত বা দীর্ঘদিন বিদেশে থাকা রাজনৈতিক নেতাদের প্রত্যাবর্তনও বারবার রাষ্ট্র ও রাজনীতির গতিপথ বদলে দিয়েছে। স্বাধীনতার পর থেকে শেখ মুজিবুর রহমান, গোলাম আজম, শেখ হাসিনা এবং তারেক রহমানের দেশে ফেরা শুধু ব্যক্তিগত প্রত্যাবর্তন ছিল না- প্রতিটি ঘটনা একটি নতুন রাজনৈতিক অধ্যায়ের সূচনা করেছে। তবে এই চারটি প্রত্যাবর্তনের মধ্যে একটি সাধারণ বৈশিষ্ট্য রয়েছে। দুর্বল প্রতিষ্ঠান ও ব্যক্তিনির্ভর রাজনীতির কারণে একজন নেতার উপস্থিতি দল, সরকার এবং কখনও পুরো রাষ্ট্রের ভবিষ্যৎ নির্ধারণ করেছে। ১৯৭২ সালের ১০ জানুয়ারি পাকিস্তানের কারাগার থেকে মুক্ত হয়ে শেখ মুজিবুর রহমানের দেশে ফেরা ছিল স্বাধীন বাংলাদেশের সবচেয়ে তাৎপর্যপূর্ণ রাজনৈতিক ঘটনা। মুক্তিযুদ্ধে বিজয়ের পরেও আওয়ামী লীগের ভেতরে বিভিন্ন ক্ষমতা কেন্দ্র তৈরি হচ্ছিল। তাজউদ্দিন আহমেদ, খন্দকার মোশতাক আহমেদ কিংবা শেখ ফজলুল হক মনির মতো নেতাদের পৃথক প্রভাব ছিল। এই পরিস্থিতিতে মুজিবের প্রত্যাবর্তন সম্ভাব্য ক্ষমতার দ্বন্দ্ব ঠেকিয়ে নবজাত ও রাষ্ট্র ডেকে একটি নেতৃত্বের অধীনে একত্রিত করে। তার জনপ্রিয়তা মুক্তিযোদ্ধাদের নিরস্ত্রীকরণ, ভারতীয় সেনাপ্রত্যহার এবং নতুন সংবিধানের ভিত্তিতে রাষ্ট্র গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। কিন্তু একইসঙ্গে এই বিপুল জনসমর্থন ধীরে ধীরে ক্ষমতার কেন্দ্রীকরণে রূপ নেয়। দ্বিতীয় ও চতুর্থ সংশোধনীর মাধ্যমে নির্বাহী ক্ষমতা ব্যাপকভাবে বৃদ্ধি পায়। বহুদলীয় রাজনীতির অবসান ঘটে এবং বাকশাল প্রতিষ্ঠার মাধ্যমে রাষ্ট্র কার্যত একদলীয় ব্যবস্থায় প্রবেশ করে। ফলে যে নেতৃত্ব স্বাধীন রাষ্ট্রকে স্থিতিশীল করেছিল, সেই নেতৃত্বের অধীনেই গণতান্ত্রিক প্রতিষ্ঠান দুর্বল হয়ে পড়ে এবং এবং ১৯৭৫ সালের ১৫ আগস্টের হত্যাকাণ্ডের মাধ্যমে সেই রাজনৈতিক কাঠামোর আকস্মিক পতন ঘটে। গোলাম আযমের প্রত্যাবর্তনের প্রেক্ষাপট ছিল সম্পূর্ণ ভিন্ন। মুক্তিযুদ্ধের সময় স্বাধীনতার বিরোধিতা এবং যুদ্ধকালীন ভূমিকার কারণে জামায়াতে ইসলামী নিষিদ্ধ ছিল আর গোলাম আযম দেশত্যাগ করেছিলেন। ১৯৭৮ সালে পাকিস্তানি পাসপোর্টে তার নীরব প্রত্যাবর্তন প্রথম দিকে তেমন আলোচিত না হলেও, দীর্ঘমেয়াদে তা বাংলাদেশের রাজনীতিতে গভীর প্রভাব ফেলে। আনুষ্ঠানিকভাবে নাগরিকত্ব না থাকলেও তিনি পর্দার আড়াল থেকে জামায়াতকে পুনর্গঠিত করেন। সংগঠন বিস্তার, ছাত্ররাজনীতি এবং তৃণমূল নেটওয়ার্ক শক্তিশালী করার মাধ্যমে দলটি ধীরে ধীরে মূলধারায় ফিরে আসে। ১৯৯১ সালের সংশোধীয় গণতন্ত্র প্রতিষ্ঠার পর জামায়াত জাতীয় রাজনীতির একটি গুরুত্বপূর্ণ শক্তিতে পরিণত হয় এবং জোট রাজনীতিতে প্রভাব বিস্তার করে। তবে ২০০৯ সালের পর আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে তার বিচার এবং ২০১৩ সালের দণ্ডাদেশ দেখিয়ে দেয় যে, অতীতের বিতর্কিত ইতিহাস শেষ পর্যন্ত তার রাজনৈতিক জীবনের সমাপ্তিকে নির্ধারণ করেছে। ফলে অধ্যাপক গোলাম আযমের প্রত্যাবর্তন প্রমাণ করে যে, সংগঠন পুনর্গঠন সম্ভব হলেও, ইতিহাসের বিচার এড়িয়ে যাওয়া যায় না।

শেখ হাসিনার রাজনৈতিক জীবনে দুটি প্রত্যাবর্তন বাংলাদেশের রাজনীতিকে নতুন রূপ দেয়। ১৯৮১ সালে নির্বাসন থেকে ফিরে তিনি বিভক্ত ও নেতৃত্বহীন আওয়ামী লীগকে পুনরায় ঐক্যবদ্ধ করেন। তার নেতৃত্বেই দলটি সামরিক শাসন বিরোধী আন্দোলনের প্রধান শক্তিতে পরিণত হয় এবং ১৯৯৬ সালে ক্ষমতায় আসে। দ্বিতীয়বার ২০০৭ সালে সেনা সমর্থিত তত্ত্বাবধায়ক সরকারের মাইনাস-টু পরিকল্পনার মধ্যেও দেশে ফিরে তিনি প্রমাণ করেন যে, তাকে রাজনীতি থেকে সরিয়ে দেওয়া সহজ নয়। ২০০৮ সালের নির্বাচনে বিপুল বিজয়ের মাধ্যমে আওয়ামী লীগ দীর্ঘ সময় ক্ষমতায় থাকে। এই সময়ে অর্থনৈতিক উন্নয়ন ও অবকাঠামগত অগ্রগতির পাশাপাশি বিরোধী দল, নির্বাচন ব্যবস্থা এবং রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের স্বাধীনতা নিয়ে ব্যাপক বিতর্ক সৃষ্টি হয়। ক্ষমতা ক্রমশই প্রধানমন্ত্রীর কার্যালয়কেন্দ্রিক হয়ে পড়ে এবং দলীয় সিদ্ধান্তও ব্যক্তিনির্ভর হয়ে ওঠে। শেষ পর্যন্ত দীর্ঘ শাসনের অবসানের পর আওয়ামী লীগের সাংগঠনিক সংকট আবারও দেখিয়ে দেয় যে, অতিরিক্ত কেন্দ্রীভূত নেতৃত্ব প্রতিষ্ঠানকে দুর্বল করে দেয়। তারেক রহমানের প্রত্যাবর্তন এই ধারাবাহিকতার সর্বশেষ উদাহরণ। ২০০৭ সালের রাজনৈতিক সংকটের পর চিকিৎসার জন্য লন্ডনে গিয়ে তিনি দীর্ঘ ১৭ বছর সেখান থেকেই বিএনপির নেতৃত্ব দেন। বিভিন্ন মামলায় দণ্ডিত হওয়া এবং দেশে ফিরতে না পারা সত্ত্বেও দলীয় সিদ্ধান্ত, সাংগঠনিক পুনর্গঠন এবং রাজনৈতিক কৌশলের কেন্দ্রে ছিলেন তিনি। আওয়ামী লীগ সরকারের পতনের পর তার দেশে ফেরা বিএনপির জন্য নতুন উদ্দীপনার সৃষ্টি করে। দীর্ঘদিন অনুপস্থিত নেতার সরাসরি নেতৃত্বে দল আরও সংগঠিত হয় এবং ক্ষমতায় প্রত্যাবর্তনের পথ সুগম হয়। এই ঘটনা আবারও প্রমাণ করে যে, বাংলাদেশের বৃহৎ রাজনৈতিক দলগুলো এখনো ব্যক্তিকেন্দ্রিক নেতৃত্বের উপর গভীরভাবে নির্ভরশীল।

চার নেতার এই প্রত্যাবর্তন বিশ্লেষণ করলে একটি ধারা সামনে আসে। প্রত্যেকে এমন সময় দেশে ফিরেছেন, যখন তাদের দল বা রাষ্ট্র নেতৃত্বে সংকটে ছিল। প্রত্যেকেই নিজ নিজ রাজনৈতিক শক্তিকে পুনরুজ্জীবিত করতে সফল হন এবং জাতীয় রাজনীতির ভারসাম্য বদলে দেন। কিন্তু একইসঙ্গে তাদের নেতৃত্বের বিকাশ, ব্যক্তি পূজা ও ক্ষমতার কেন্দ্রীকরণের প্রবণতাকেও শক্তিশালী করেছে। বিশেষ করে শেখ মুজিবুর রহমান এবং শেখ হাসিনার ক্ষেত্রে দেখা যায় রাজনৈতিক স্থিতিশীলতা প্রতিষ্ঠার পর ধীরে ধীরে রাষ্ট্র ও দলের ক্ষমতা এক ব্যক্তির হাতে কেন্দ্রীভূত হয়। যার

পরিণতিতে প্রতিষ্ঠানগুলো দুর্বল হয়ে পড়ে এবং রাজনৈতিক সংকট আরও তীব্র হয়। অতএব বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসের অন্যতম গুরুত্বপূর্ণ শিক্ষা হলো এ দেশের রাজনীতি এখনো শক্তিশালী গণতান্ত্রিক প্রতিষ্ঠানের তুলনায় ক্যারিশম্যাটিক নেতৃত্বের উপর বেশি নির্ভরশীল। একজন নেতার প্রত্যাবর্তন দলকে পুনরুজ্জীবিত করতে পারে, রাষ্ট্রকে সংকট থেকে বের করে আনতে পারে কিংবা নতুন রাজনৈতিক যুগের সূচনা করতে পারে। কিন্তু দীর্ঘমেয়াদে যদি দল ও রাষ্ট্রের প্রতিষ্ঠানগুলো শক্তিশালী না হয়, তবে সেই ব্যক্তিনির্ভর সাফল্যে ভবিষ্যতে নতুন সংকটের ভিত্তি তৈরি করে। বাংলাদেশে গত পাঁচ দশকের অভিজ্ঞতা তাই দেখায় নেতৃত্ব গুরুত্বপূর্ণ হলেও টেকসই গণতন্ত্রের জন্য ব্যক্তি নয়, প্রতিষ্ঠানই শেষ পর্যন্ত সবচেয়ে বড়ো শক্তি।(রেডিও তেহরান ওয়েব পেজ : ২৯.০৭.২০২৬ রুবাইয়া/এলিনা)

## এনএইচকে

### ওয়াশিংটনে জেলেনস্কি ও নেতানিয়াহুর সঙ্গে সাক্ষাৎ করেছেন ট্রাম্প

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইউক্রেন ও ইসরায়েলের নেতাদের সঙ্গে আলোচনা করেছেন। উভয় অঞ্চলের সংঘাত মোকাবিলায় যে পদক্ষেপ তিনি নিচ্ছেন, তারই অংশ হিসেবে এসব বৈঠক অনুষ্ঠিত হয়। মঙ্গলবার হোয়াইট হাউসে রুদ্ধদ্বার কক্ষে পৃথক আলোচনা অনুষ্ঠিত হয়েছে। বৈঠকের পর ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি সামাজিক যোগাযোগ মাধ্যমে করা এক পোস্টে জানান যে, তার এবং ট্রাম্পের মধ্যে একটি ভালো বৈঠক অনুষ্ঠিত হয়েছে। তিনি বলেছেন, যুক্তরাষ্ট্রের তৈরি প্যাট্রিয়ট আকাশ প্রতিরক্ষা ব্যবস্থার জন্য ইন্টারসেপ্টর ক্ষেপণাস্ত্র উৎপাদনের লাইসেন্স নিয়ে তারা আলোচনা করেছেন এবং রাশিয়ার সঙ্গে শান্তির লক্ষ্যে নতুন করে কূটনৈতিক প্রচেষ্টা শুরু করা নিয়ে আশা প্রকাশ করেছেন। ট্রাম্প পরে ইসরায়েলি প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুর সঙ্গে কথা বলেন। ফেব্রুয়ারিতে দুই দেশ ইরানের বিরুদ্ধে সামরিক অভিযান শুরু করার পর এটা ছিল তাদের প্রথম মুখোমুখি সাক্ষাৎ। ইসরায়েলের সংবাদ মাধ্যমের খবরে বলা হয়েছে যে, তারা প্রধানত ইরান নিয়ে আলোচনা করেছেন এবং তেহরানকে পারমাণবিক অস্ত্র অর্জন থেকে বিরত রাখার অঙ্গীকার পুনর্ব্যক্ত করেছেন। ইসরায়েল সরকার ট্রাম্প, নেতানিয়াহু এবং মার্কিন ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্সের একসঙ্গে হাসিমুখের একটি ছবি প্রকাশ করেছে। দুই পক্ষের মধ্যে সম্পর্ক যে কতটা ঘনিষ্ঠ, দৃশ্যত তা দেখানো ছিল এর উদ্দেশ্য। লেবাননকে ঘিরে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের মধ্যে ক্রমবর্ধমান উত্তেজনার খবর পাওয়া গেছে। (এনএইচকে ওয়েব পেজঃ ২৯.০৭.২০২৬ রুবাইয়া)

## ডয়চে ভেলে

### ইরানের মদদপুষ্ট 'জঙ্গি' সংগঠনের ঘাঁটিতে সৌদি আরবের আক্রমণ

সৌদি আরবের প্রতিরক্ষা মন্ত্রণালয় সমাজমাধ্যমে পোসট করে জানিয়েছে, ইরানের মদদপুষ্ট 'জঙ্গি' গোষ্ঠী সৌদি আরবের তেল শোধনাগার লক্ষ্য করে ড্রোন আক্রমণ চালানোর চেষ্টা করেছিল। রিয়াদ এবং শারকিয়ায় এই আক্রমণের চেষ্টা হয়েছিল বলে তাদের অভিযোগ। তারই জবাবে অ্যামেরিকার সঙ্গে একত্রে সৌদি আরব পাল্টা আক্রমণ চালিয়েছে বলে ওই বিবৃতিতে বলা হয়েছে। সৌদি আরব জানিয়েছে, তারা লড়াই বাড়াতে চায় না। কিন্তু তাদের উপর আক্রমণের চেষ্টা হলে উত্তর দেওয়া হবে বলে স্পষ্ট করে জানিয়ে দেওয়া হয়েছে। আমেরিকা জানিয়েছে, ইরানের মদদপুষ্ট এই 'জঙ্গি' গোষ্ঠীর ঘাঁটি ইরাকে। সৌদি আরবের সঙ্গে একত্রে সেখানে যৌথ অপারেশন চালানো হয়েছে। ঘাঁটি লক্ষ্য করে আক্রমণ চালানো হয়েছে। এদিকে মঙ্গলবারই ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু জানিয়েছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে তার সদর্থক বৈঠক হয়েছে। এদিন ট্রাম্পের ওভাল অফিসে দুই নেতার রুদ্ধদ্বার বৈঠক হয়। (ডয়চে ভেলে ওয়েব পেজঃ ২৯.০৭.২০২৬ রনি)

### ইউক্রেনে ড্রোন, মিসাইলের মধ্যে পড়েছেন ১৩ ভারতীয়সহ ১৫ নাবিক

ইউক্রেনের চোরনোমরস্ক বন্দরে প্রবল ড্রোন ও মিসাইল আক্রমণের মধ্যে আটকে পড়েছেন ১৩ জন ভারতীয়সহ ১৫ জন নাবিক। ফরোয়ার্ড সিম্যানস ইউনিয়ন অফ ইন্ডিয়া (এফএসইউআই) সামাজিক মাধ্যমে পোস্ট করে জানিয়েছে, এই পরিস্থিতিতে নাবিকদের মৃত্যুর আশঙ্কা রয়েছে। এফএসইউআই জানিয়েছে, এমভি আমিরি নামের জাহাজটি ইউক্রেনের বন্দরে পৌঁছানোর পরই কাছাকাছি এলাকায় বারবার ড্রোন ও মিসাইল হামলা হচ্ছে। ফলে নাবিকরা বিপন্ন। তাদের জীবনের ঝুঁকি রয়েছে। জাহাজের কাছেই মিসাইল ও ড্রোন হামলা হচ্ছে। যে-কোনো সময়ে তা জাহাজে এসে পড়তে পারে। সংগঠনের আবেদন, সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ও সরকার যেন অবিলম্বে নাবিকদের উদ্ধার করার ব্যবস্থা করে। এইভাবে ভারতীয় নাবিকরা সংঘাত-ক্ষেত্রে থাকবেন, তা হয় না। (ডয়চে ভেলে ওয়েব পেজঃ ২৯.০৭.২০২৬ রনি)

### পশ্চিমবঙ্গে ককরোচ-বিক্ষোভকারীদের জামিন

কলকাতায় ককরোচ জনতা পার্টির (সিজেপি) বিক্ষোভে অশান্তি করার দায়ে ১৬ জনকে গ্রেফতার করা হয়েছিল। মঙ্গলবার পাঁচশ টাকার বন্ডে সকলেই জামিন পেলেন। তবে বিষয়টি নিয়ে প্রচুর টানাপড়েন হলো। মঙ্গলবার দুপুরে আদালত ধৃত ১৬ জনকে দুইদিনের জন্য জেল হেফাজতে পাঠানোর নির্দেশ দেয়। তাদের জামিন আবেদনের বিরোধিতা করেছিলেন রাজ্য সরকারের আইনজীবী। বিকেলে সুপ্রিম কোর্টের নির্দেশের কপি পাওয়ার পর আরো

একদফা শুনানি হয়। তখন তিনি আর এই বিরোধিতা করেননি। আদালত বিক্ষোভকারীদের জামিনের নির্দেশ দেন। লালবাজার সূত্র উদ্ধৃত করে আনন্দবাজার জানাচ্ছে, যে মামলায় তাদের গ্রেফতার করা হয়েছিল, তা প্রত্যাহার করা হচ্ছে। দিল্লিতে সিজেপি নেতাদের সঙ্গে কেন্দ্রীয় মন্ত্রী জে পি নাড্ডা ও জিতেন্দ্র সিংয়ের যে আলোচনা হয়েছিল, তাতে ঠিক হয়েছিল, দিল্লিসহ ভারতের সর্বত্র বিক্ষোভকারীদের বিরুদ্ধে যে মামলা করা হয়েছে, তা প্রত্যাহার করা হবে। এরপর আন্দোলন শেষ করার ঘোষণা করে সিজেপি। আসাম ও বিহার জানিয়ে দেয়, তারা সব মামলা প্রত্যাহার করে নিচ্ছে। সিজেপি নেতারা দুইবার হুমকি দেন, সব জায়গা থেকে মামলা প্রত্যাহার না করা হলে তারা অবিলম্বে বিক্ষোভ দেখাতে শুরু করবেন। (ডয়চে ভেলে ওয়েব পেজঃ ২৯.০৭.২০২৬ রনি)

# জাগো নিউজ

## রাজস্ব আদায়ের বড়ো লক্ষ্য, কর ফাঁকি ঠেকাতে মাঠে এনবিআর

চলতি ২০২৬-২৭ অর্থবছরে জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) সামনে সবচেয়ে বড়ো চ্যালেঞ্জ ৬ লাখ ৪ হাজার কোটি টাকার রাজস্ব আহরণ। স্বাধীনতার পর এবারই সবচেয়ে উচ্চাভিলাষী রাজস্ব প্রবৃদ্ধির লক্ষ্য নির্ধারণ করেছে সরকার। সদ্য সমাপ্ত অর্থবছরের প্রকৃত আদায়ের তুলনায় এই লক্ষ্য প্রায় ৪৭ শতাংশ বেশি। দীর্ঘ এক দশকেরও বেশি সময় ধরে ধারাবাহিকভাবে রাজস্ব লক্ষ্যমাত্রা পূরণে ব্যর্থ হওয়ার পর এবার লক্ষ্যমাত্রা অর্জনে কঠোর হচ্ছে এনবিআর। বিশেষ নজরদারি এবং বড়ো কর ফাঁকি উদ্ঘাটনের মাধ্যমে লক্ষ্যে পৌঁছাতে চায় সংস্থাটি। সূত্র জানায়, ভারপ্রাপ্ত চেয়ারম্যান হিসেবে নিয়োগ পাওয়ার পর আহসান হাবিব একাধিক বৈঠক করেছেন এনবিআর কর্মকর্তাদের সঙ্গে। এসব বৈঠকে প্রাধান্য পেয়েছে রাজস্ব আহরণ বাড়ানো, করজাল বাড়ানো ও কর ফাঁকি রোধ করার মতো বিষয়। জানা গেছে, কর্মকর্তাদের মনোবল বাড়াতে এবারই প্রথম মাঠ পর্যায় থেকে শুরু করে একাধিক কর্মকর্তাকে এপ্রিসিয়েশন লেটার বা ভালো কাজের প্রশংসাপত্র পাঠানো হয়েছে। এছাড়া কর্মকর্তাদের নিয়মিত ব্রিফ করছেন এনবিআর চেয়ারম্যান। রাজস্ব বোর্ডের অভ্যন্তরীণ পরিকল্পনা অনুযায়ী, কর ও ভ্যাট ফাঁকি রোধে মাঠপর্যায়ে অভিযান জোরদার করা হবে। একইসঙ্গে উৎসে কর (টিডিএস) যথাযথভাবে কর্তন ও জমা হচ্ছে কি না, তা নিশ্চিত করতে কর্মকর্তাদের দেওয়া হয়েছে ব্যাপক ক্ষমতা। তবে এসব পদক্ষেপ ঘিরে ব্যবসায়ী সমাজে উদ্বেগও বাড়ছে। তাদের আশঙ্কা, অটোমেশন ছাড়া কর্মকর্তাদের হাতে অতিরিক্ত ক্ষমতা দেওয়া হলে হয়রানি ও দুর্নীতির ঝুঁকি আরও বাড়বে। গত ১৯ জুলাই এনবিআরের এক বিজ্ঞপ্তিতে জানানো হয়, উৎসে কর আদায় যাচাই করতে কর্মকর্তারা যে-কোনো বাণিজ্যিক বা অর্থনৈতিক প্রতিষ্ঠানে সরেজমিন পরিদর্শন করতে পারবেন। প্রয়োজন হলে হিসাবের বই, ভাউচার, ব্যাংক স্টেটমেন্ট, আর্থিক নথি, কম্পিউটার, ক্লাউড সার্ভার এবং অন্যান্য ডিজিটাল তথ্য পরীক্ষা করা যাবে। এমনকি প্রয়োজন হলে ইলেকট্রনিক তথ্য সাময়িকভাবে জব্দ করারও ক্ষমতা থাকবে। পরিদর্শনে বাধা দিলে আয়কর আইনের ১৪৭(২) ধারা অনুযায়ী সর্বোচ্চ ৫০ লাখ টাকা পর্যন্ত জরিমানার বিধান রয়েছে। এনবিআরের কর্মকর্তাদের ভাষ্য, এই ক্ষমতার উদ্দেশ্য ব্যবসায়ীদের হয়রানি নয়, বরং যারা উৎসে কর কর্তন করেও সরকারি কোষাগারে জমা দিচ্ছেন না কিংবা তথ্য গোপন করছেন, তাদের চিহ্নিত করা। সংস্থাটি জানিয়েছে, কোনো কর্মকর্তা ক্ষমতার অপব্যবহার করলে অভিযোগ জানানোর জন্য বিশেষ ব্যবস্থাও রাখা হয়েছে। জানতে চাইলে এনবিআরের জনসংযোগ কর্মকর্তা মো. আল আমিন শেখ জাগো নিউজকে বলেন, ধারা ১৪৭ সংক্রান্ত যে-কোনো হয়রানি, অস্পষ্টতা কিংবা সংক্ষুব্ধতায় সরাসরি এনবিআরের ১৪৭ ধারা সংক্রান্ত কমিটির সদস্যসচিব বরাবর ই-মেইল বা জানানোর সুযোগ রয়েছে।

(জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৭.২০২৬ রিহাব)

## এবার মিরপুরে জিয়াউল আহসানের ফ্ল্যাটের মালামাল গুনছে দুদক

আদালতের আদেশে সাবেক সেনা কর্মকর্তা মেজর জেনারেল জিয়াউল আহসানের আরেকটি ফ্লাটে মালামালের তালিকা তৈরির কাজ শুরু করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। বুধবার (২৯ জুলাই) সকাল থেকে এই কার্যক্রম শুরু করে দুদক। সংস্থাটির উপ-পরিচালক মো. আকতারুল ইসলাম জাগো নিউজকে বলেন, উপ-পরিচালক মো. হাফিজুল ইসলামের নেতৃত্বে নির্বাহী ম্যাজিস্ট্রেটসহ একটি টিম মেজর জেনারেল জিয়াউল আহসানের মিরপুর ডিওএইচএসের একটি বাসায় ইনভেন্টরির কার্যক্রমের অভিযান পরিচালনা করছে। এর আগে, গত ২০ জুলাই নারায়ণগঞ্জে জিয়াউলের জলসিঁড়ি আবাসন প্রকল্পের ডুপ্লেক্স ফ্ল্যাটে অভিযান চালায় দুদক। ওই ফ্ল্যাট থেকে সাদা সোনা, আসবাবপত্র, ইলেকট্রনিক সামগ্রী, অলংকার, শোপিস, ব্যবহার্য সামগ্রীসহ বিভিন্ন সম্পদ পাওয়ার কথা জানায় দুদক। গত ২৭ জানুয়ারি সাবেক মেজর জেনারেল জিয়াউল আহসান এবং তার স্বার্থসংশ্লিষ্ট ব্যক্তিদের নামে থাকা ক্রোককৃত (অ্যাটাচড) স্থাবর সম্পত্তির সঠিক ব্যবস্থাপনা, তদারকি ও রক্ষণাবেক্ষণের জন্য বিভিন্ন জেলা প্রশাসক এবং গণপূর্ত বিভাগকে রিসিভার (তত্ত্বাবধায়ক) হিসেবে নিয়োগ দেন আদালত। এর আগে, গত বছরের ২৪ এপ্রিল ন্যাশনাল টেলি-কমিউনিকেশন মনিটরিং সেন্টারের (এনটিএমসি) সাবেক মহাপরিচালক মেজর জেনারেল (বরখাস্ত) জিয়াউল আহসানের ১৮ কোটি টাকার জমি, বাড়ি ও ফ্ল্যাট ক্রোক এবং ৯টি ব্যাংক হিসাব অবরুদ্ধ করার নির্দেশ দেন আদালত। দুদকের

আবেদনের পরিপ্রেক্ষিতে ঢাকার মহানগর দায়রা জজ ও সিনিয়র বিশেষ জজ আদালতের বিচারক মো. জাকির হোসেন এই নির্দেশ দেন। এর আগে, জ্ঞাত আয়বহির্ভূত সম্পদ অর্জন ও অর্থ পাচারের অভিযোগে ২০২৫ সালের ২৩ জানুয়ারি জিয়াউল আহসানের বিরুদ্ধে মামলা করে দুদক। আওয়ামী লীগ সরকার পতনের পর জিয়াউল আহসানকে চাকরি থেকে বরখাস্ত করা হয়। ২০২৪ সালের ১৫ আগস্ট রাজধানীর খিলক্ষেত এলাকা থেকে জিয়াউল আহসানকে গ্রেফতার করা হয়। বর্তমানে তিনি কারাগারে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৭.২০২৬ রিহাব)

## সুনির্দিষ্ট মামলা ছাড়া গ্রেফতার নয় : হাইকোর্টের আদেশ আপিলে স্থগিত

সুনির্দিষ্ট মামলা না থাকলে কোনো ব্যক্তিকে শ্যোন অ্যারেস্ট, গ্রেফতার কিংবা অন্য কোনোভাবে হয়রানি করা যাবে না- হাইকোর্টের এই আদেশ স্থগিত করেছেন সুপ্রিম কোর্টের আপিল বিভাগ। একইসঙ্গে এ বিষয়ে জারি করা হাইকোর্টের রুল চার সপ্তাহের মধ্যে নিষ্পত্তির নির্দেশ দেওয়া হয়েছে। রাষ্ট্রপক্ষের পৃথক আবেদনের পরিপ্রেক্ষিতে বুধবার (২৯ জুলাই) প্রধান বিচারপতির নেতৃত্বাধীন আপিল বিভাগ এই আদেশ দেন। আদালতে রাষ্ট্রপক্ষে শুনানি করেন অ্যাটর্নি জেনারেল ব্যারিস্টার মো. রুহুল কুদ্দুস কাজল। অ্যাটর্নি জেনারেল বলেন, `হাইকোর্টের আদেশ স্থগিত করেছেন (আপিল বিভাগ)। এর অর্থ হলো, ফৌজদারি অভিযোগের সঙ্গে সম্পৃক্ত কোনো ব্যক্তির নাম এজাহারে না থাকলেও, তদন্ত কর্মকর্তা যদি তদন্ত প্রক্রিয়ার মাধ্যমে সম্পৃক্ততা পেয়ে থাকেন, তাহলে তদন্ত কর্মকর্তা তাকে গ্রেফতার দেখানোর আবেদন অবশ্যই করতে পারবেন।, এর আগে, কোনো ব্যক্তির বিরুদ্ধে কোনো মামলা না থাকলে তাকে শ্যোন অ্যারেস্ট, গ্রেফতার কিংবা অন্য কোনোভাবে হয়রানি না করা যাবে না বলে রায় দেন হাইকোর্ট। কয়েকজন ব্যক্তির ক্ষেত্রে এই রায় দেওয়া হয়। একইসঙ্গে সংশ্লিষ্টদের বারবার গ্রেফতার দেখানো এবং শুধু হয়রানি, অপমান ও নিপীড়নের উদ্দেশ্যে গুরুতর প্রকৃতির মিথ্যা মামলায় জড়ানো কেন বেআইনি, আইনগত কর্তৃত্ববহির্ভূত ও আইনগত কার্যকারিতাবিহীন ঘোষণা করা হবে না, এই মর্মে রুল জারি করা হয়। পাশাপাশি নির্দিষ্ট কোনো মামলা না থাকলে শ্যোন অ্যারেস্ট, গ্রেফতার বা হয়রানি না করার নির্দেশ কেন দেওয়া হবে না, তাও রুলে জানতে চাওয়া হয়। পরে হাইকোর্টের এমন কয়েকটি আদেশের বিরুদ্ধে আপিল বিভাগে আবেদন করে রাষ্ট্রপক্ষ। ওই আবেদন শুনানি নিয়ে আজ এই আদেশ দেন সুপ্রিম কোর্টের আপিল বিভাগ। (জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৭.২০২৬ রিহাব)

## ইসলামী ব্যাংকের শেয়ার কেলেঙ্কারির মামলার শুনানিতে বিব্রত হাইকোর্ট

ইসলামী ব্যাংকের শেয়ার কেলেঙ্কারি সংক্রান্ত মামলা শুনানিতে বিব্রতবোধ করেছেন হাইকোর্ট। মামলার নথি পাঠানো হয়েছে প্রধান বিচারপতির কাছে। বুধবার (২৯ জুলাই) হাইকোর্টের বিচারপতি মুজিবুর রহমান মিয়া ও বিচারপতি রেজাউল করিমের সমন্বয়ে গঠিত বেঞ্চের একজন বিচারপতি বিব্রতবোধ করেন। সুপ্রিম কোর্টের আইনজীবী মো. সাদ্দাম হোসেন ও জায়েদ বিন আমজাদ বিষয়টি জাগো নিউজকে নিশ্চিত করেছেন। এর আগে, ইসলামী ব্যাংকের শেয়ার জালিয়াতি, অর্থ আত্মসাৎ এবং এস আলম গ্রুপের নিয়ন্ত্রণ প্রতিষ্ঠার ঘটনায় সাবেক রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের সংশ্লিষ্টতার অভিযোগ নতুন করে আলোচনায় আসে। হাইকোর্টে দাখিল করা তদন্ত প্রতিবেদনে জেএমসি বিল্ডার্সের মাধ্যমে ব্যাংকের শেয়ার নিয়ন্ত্রণ এবং এস আলম গ্রুপের স্বার্থ রক্ষায় তার ভূমিকার অভিযোগ উঠে এসেছে বলে দাবি করা হয়েছে। তদন্ত সংশ্লিষ্ট তথ্যে বলা হয়, ২০১৭ সালে সরকারের প্রত্যক্ষ মদতে এস আলম গ্রুপ ব্যাংক কোম্পানি আইনের একাধিক বিধান লঙ্ঘন করে ইসলামী ব্যাংকের প্রায় ৮২ শতাংশ শেয়ারের নিয়ন্ত্রণ নেয়। ওই সময় জেএমসি বিল্ডার্সের প্রতিনিধি হিসেবে মো. সাহাবুদ্দিনকে ব্যাংকের পরিচালনা পর্ষদে অন্তর্ভুক্ত করা হয়। পরে তিনি ব্যাংকটির ভাইস চেয়ারম্যানের দায়িত্বও পালন করেন। রাষ্ট্রপতি হওয়ার আগে তিনি ওই পদ থেকে সরে দাঁড়ান। ২০২৪ সালের ৫ আগস্টের রাজনৈতিক পটপরিবর্তনের পর হাইকোর্টের নির্দেশে ইসলামী ব্যাংকের শেয়ার কেলেঙ্কারির বিষয়ে তদন্ত শুরু করে বাংলাদেশ ব্যাংকের আর্থিক গোয়েন্দা সংস্থা (বিএফআইইউ)। এ বিষয়ে হাইকোর্টে প্রতিবেদন দাখিল করেছে বিএফআইইউ। (জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৭.২০২৬ রিহাব)

## সিআইডি প্রধানের দায়িত্ব নিলেন ব্যারিস্টার মোশাররফ হোছাইন

বাংলাদেশ পুলিশের অপরাধ তদন্ত বিভাগের (সিআইডি) নতুন প্রধান হিসেবে আনুষ্ঠানিকভাবে দায়িত্ব গ্রহণ করেছেন অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক (অ্যাডিশনাল আইজিপি) ব্যারিস্টার মোহাম্মদ মোশাররফ হোছাইন। বুধবার (২৯ জুলাই) সিআইডি সদর দপ্তরে তিনি আনুষ্ঠানিকভাবে এই দায়িত্বভার গ্রহণ করেন। এসময় সিআইডির ডিআইজি, অতিরিক্ত ডিআইজি, পুলিশ সুপারসহ বিভিন্ন স্তরের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। তারা নবনিযুক্ত সিআইডি প্রধানকে অভ্যর্থনা ও শুভেচ্ছা জানান। গত ২৮ জুন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগ থেকে জারি করা এক প্রজ্ঞাপনে তাকে সিআইডির প্রধান হিসেবে পদায়ন করা হয়। সিআইডি প্রধান হিসেবে দায়িত্ব নেওয়ার আগে তিনি প্রেষণে জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থার (এনএসআই) পরিচালক পদে কর্মরত ছিলেন। এনএসআই-তে দায়িত্বে থাকাকালেই তিনি অতিরিক্ত আইজিপি পদে পদোন্নতি পান। দীর্ঘ প্রায় তিন দশকের বর্ণাঢ্য কর্মজীবনের অধিকারী ব্যারিস্টার মোহাম্মদ মোশাররফ হোছাইন ১৯৯৫ সালে ১৫তম বিসিএসের মাধ্যমে সহকারী পুলিশ সুপার (এএসপি) হিসেবে বাংলাদেশ পুলিশে যোগ দেন। পেশাগত জীবনে তিনি পিরোজপুর ও চাঁপাইনবাবগঞ্জ জেলার পুলিশ সুপার

(এসপি) ছাড়াও সিআইডির সদর দপ্তর, চট্টগ্রাম ও কুমিল্লা ইউনিটে বিশেষ পুলিশ সুপার হিসেবে দীর্ঘসময় দায়িত্ব পালন করেন। এছাড়া বাংলাদেশ পুলিশ অ্যাকাডেমি সারদা, ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি), চট্টগ্রাম মহান পুলিশ (সিএমপি), র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), পুলিশ সদর দপ্তর এবং বিভিন্ন রেঞ্জে গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালনের অভিজ্ঞতা রয়েছে তার। শিক্ষাজীবনে ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া থেকে অর্থনীতিতে স্নাতকোত্তর ডিগ্রি অর্জনের পর যুক্তরাজ্যের সিটি ইউনিভার্সিটি অব লন্ডন থেকে বার-অ্যাট-ল, সম্পন্ন করেন তিনি। পাশাপাশি তিনি ফরেনসিক ল্যাবরেটরি ও আধুনিক পুলিশিং বিষয়ে মালয়েশিয়া, পাকিস্তান ও তুরস্কসহ বিভিন্ন দেশে উচ্চতর প্রশিক্ষণ গ্রহণ করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৭.২০২৬ রিহাব)

## গাইবান্ধায় অনলাইন ক্যাসিনো পরিচালনার অভিযোগে গ্রেফতার ২

গাইবান্ধায় অনলাইনে অবৈধ ক্যাসিনো পরিচালনার অভিযোগে দুই যুবককে গ্রেফতার করেছে গাইবান্ধা পুলিশের গোয়েন্দা বিভাগ (ডিবি)। বুধবার (২৯ জুলাই) দুপুরে গাইবান্ধা পুলিশের গোয়েন্দা বিভাগের (ডিবি) ভারপ্রাপ্ত কর্মকর্তা আব্দুল মোত্তালিব বিষয়টি নিশ্চিত করছেন। এর আগে, গাইবান্ধা সদর উপজেলার খোলাহাটি ইউনিয়নের দুলালের ভিটা এলাকা থেকে মঙ্গলবার (২৮ জুলাই) তাদের আটক করা হয়। গ্রেফতাররা হলেন- গাইবান্ধা সদর উপজেলার খোলাহাটির দুলালের ভিটা গ্রামে আলম মিয়ার ছেলে মো. আরিফুল ইসলাম (৩২), একই গ্রামের মৃত শফিউল ইসলামের ছেলে মো. সাদির আলম (৩১)। ডিবি পুলিশ জানায়, গোপন সংবাদের ভিত্তিতে পরিচালিত অভিযানে তাদের কাছ থেকে দুটি অ্যান্ড্রয়েড মোবাইল ফোন। যার মধ্য অনলাইন জুয়ার এজেন্ট একাউন্ট ও খেলার বিভিন্ন অ্যাপস রয়েছে। প্রাথমিক জিজ্ঞাসাবাদে জানা গেছে, গ্রেফতারকৃতরা দীর্ঘদিন ধরে তারা অনলাইনভিত্তিক অবৈধ ক্যাসিনো পরিচালনা ও সংশ্লিষ্ট আর্থিক লেনদেনের সঙ্গে জড়িত ছিল বলে পুলিশের দাবি। এ ঘটনায় জুয়া প্রতিরোধ আইনে তাদের বিরুদ্ধে গাইবান্ধা সদর থানায় একটি মামলা করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৭.২০২৬ রিহাব)

## সার্ক কার্যকর করতে বাংলাদেশ-নেপাল একমত

দক্ষিণ এশীয় আঞ্চলিক সহযোগিতা সংস্থাকে (সার্ক) পুনরায় কার্যকর করার বিষয়ে একমত পোষণ করেছেন বাংলাদেশ জাতীয় সংসদের ভারপ্রাপ্ত স্পিকার ব্যারিস্টার কায়সার কামাল ও ঢাকায় নিযুক্ত নেপালের রাষ্ট্রদূত ঘনশ্যাম ভান্ডারি। বুধবার (২৯ জুলাই) স্পিকারের কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎকালে বিভিন্ন বিষয়ে আশাবাদ ব্যক্ত করেন তারা। ভারপ্রাপ্ত স্পিকার বলেন, পারস্পরিক সহযোগিতা প্রসারের মাধ্যমে দক্ষিণ এশিয়ার দেশগুলোর কাঙ্ক্ষিত উন্নয়নের লক্ষ্য অর্জনের জন্য সার্কের স্বপ্নদ্রষ্টা শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান এ সংগঠন প্রতিষ্ঠা করেছিলেন। সার্ককে পুনরায় কার্যকর করে সেই লক্ষ্য অর্জনের সুযোগ এখনো রয়েছে। এ ক্ষেত্রে তিনি নেপালকে এগিয়ে আসার আহ্বান জানালে নেপালের রাষ্ট্রদূত এতে একমত পোষণ করেন। নেপালের ফেডারেল পার্লামেন্টে বাংলাদেশ-নেপাল পার্লামেন্টারি ফ্রেন্ডশিপ গ্রুপ গঠিত হয়েছে জেনে ভারপ্রাপ্ত স্পিকার নেপাল সংসদের স্পিকার দোল প্রসাদ আরিয়ালকে ধন্যবাদ জানান। একইসঙ্গে বাংলাদেশ জাতীয় সংসদেও শিগ্গির বাংলাদেশ-নেপাল পার্লামেন্টারি মৈত্রী গ্রুপ গঠন করে দুই দেশের স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে মতবিনিময়ের আশাবাদ ব্যক্ত করেন তিনি। উভয় দেশের সংসদীয় মৈত্রী গ্রুপ কার্যকর হলে জনগণের সঙ্গে জনগণের সম্পর্ক উন্নয়নের মাধ্যমে সংসদীয় কূটনীতি জোরদার, দ্বিপাক্ষিক সম্পর্ক উন্নয়ন, পারস্পরিক সংসদীয় সফর আয়োজন, আইন প্রণয়ন ও সুশাসনের অভিজ্ঞতা বিনিময় এবং আন্তর্জাতিক ফোরামে দ্বিপাক্ষিক স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে সহযোগিতার সুযোগ সৃষ্টি হবে বলে আশাবাদ ব্যক্ত করেন ভারপ্রাপ্ত স্পিকার। পাশাপাশি দুই দেশের সমস্যা ও সম্ভাবনা নিয়ে একসঙ্গে কাজ করার সুযোগও তৈরি হবে বলে তিনি উল্লেখ করেন। নেপাল থেকে বাংলাদেশে বিদ্যুৎ আমদানির প্রসঙ্গ উল্লেখ করে ভারপ্রাপ্ত স্পিকার বলেন, শিক্ষা, সংস্কৃতি, যুব ও জনগণের পারস্পরিক যোগাযোগ বৃদ্ধি, পানি, জ্বালানি, আঞ্চলিক যোগাযোগ, বাণিজ্য ও জলবায়ু পরিবর্তনের মতো পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে আলোচনার ক্ষেত্র আরও বিস্তৃত করার সুযোগ রয়েছে। উভয় দেশকে এ সুযোগ কাজে লাগাতে হবে। নেপালের রাষ্ট্রদূত ঘনশ্যাম ভান্ডারি প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বে বাংলাদেশের নতুন অভিযাত্রার প্রশংসা করেন। একইসঙ্গে বর্তমান গণতান্ত্রিক সরকারের সঙ্গে আরও নিবিড়ভাবে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন তিনি। স্বল্পোন্নত দেশের তালিকা থেকে বের হয়ে বাংলাদেশ উন্নয়নশীল দেশের মর্যাদা অর্জনে বিভিন্ন সূচকে যেভাবে এগিয়ে যাচ্ছে, তারও প্রশংসা করেন নেপালের রাষ্ট্রদূত। নির্ধারিত সময়সীমার মধ্যেই বাংলাদেশ জাতিসংঘের এলডিসি গ্র্যাজুয়েশন অর্জনে সক্ষম হবে বলেও আশাবাদ ব্যক্ত করেন তিনি। এ সময় নেপাল দূতাবাসের ডেপুটি চিফ অব দ্য মিশন প্রতিক কার্কি এবং জাতীয় সংসদ সচিবালয়ের সচিব ব্যারিস্টার মো. গোলাম সরওয়ার ভুঁইয়া উপস্থিত ছিলেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৭.২০২৬ রিহাব)

## দেশের সব সমুদ্রবন্দরে ৩ নম্বর স্থানীয় সতর্ক সংকেত

চট্টগ্রাম, কক্সবাজার, মোংলা ও পায়রা সমুদ্রবন্দরকে তিন নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখিয়ে যেতে বলেছে আবহাওয়া অধিদপ্তর। বুধবার (২৯ জুলাই) অধিদপ্তরের এক সতর্কবার্তায় এ নির্দেশনা দেওয়া হয়। সতর্কবার্তায় বলা হয়, উত্তর উড়িষ্যা ও তৎসংলগ্ন গাঙ্গেয় পশ্চিমবঙ্গ উপকূলে অবস্থানরত গভীর নিম্নচাপটি পশ্চিম দিকে সরে বর্তমানে

উত্তর উড়িষ্যা ও তৎসংলগ্ন দক্ষিণ ঝাড়খণ্ড এলাকায় অবস্থান করছে। এটি আরও পশ্চিম দিকে অগ্রসর হয়ে ক্রমান্বয়ে দুর্বল হতে পারে। এদিকে, উত্তর বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন বাংলাদেশের উপকূলীয় এলাকায় বায়ুচাপের তারতম্যের আধিক্য বিরাজ করছে। এর প্রভাবে সমুদ্রবন্দর, উত্তর বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন বাংলাদেশের উপকূলীয় এলাকার ওপর দিয়ে দমকা বা ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এছাড়া উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত সব মাছ ধরার নৌকা ও ট্রলারকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত উপকূলের কাছাকাছি থেকে সাবধানে চলাচল করতে বলা হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৭.২০২৬ রিহাব)

## ঢাকায় ডিএমপির অভিযানে ২৪ ঘণ্টায় গ্রেফতার ৫০৩

রাজধানীতে ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি) বিভিন্ন অপরাধপ্রবণ এলাকায় নিয়মিত অভিযান চালিয়ে বিভিন্ন অপরাধে জড়িত থাকার অভিযোগে গত ২৪ ঘণ্টায় ৫০৩ জনকে গ্রেফতার করেছে। একই সময়ে ৩০টি মামলা দায়ের করা হয়েছে। বুধবার (২৯ জুলাই) ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশনস বিভাগের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার নিয়াজ মেহেদী এ তথ্য জানান। নিয়াজ মেহেদী বলেন, রাজধানীর বিভিন্ন থানা এলাকায় অভিযান পরিচালনা করে মাদকদ্রব্য উদ্ধারসহ তাদের গ্রেফতার করা হয়। এ সময় তাদের হেফাজত হতে ১০৭ কেজি গাঁজা, ২৫ পিস ইয়াবা, ৮ ভরি ১৩ আনা ৫ রতি ওজনের বিভিন্ন স্বর্ণালংকার, ৯টি মোবাইলফোন, ২টি পুরাতন মোটরসাইকেল ও ১ জন ভিকটিমকে উদ্ধার করা হয়। গ্রেফতারদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ প্রক্রিয়াধীন বলেও জানান তিনি। (জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৭.২০২৬ রিহাব)

## ইসি স্বাধীনভাবে কাজ করতে পারছে না : গোলাম পরওয়ার

নির্বাচন কমিশন (ইসি) স্বাধীনভাবে কাজ করতে পারছে না বলে মন্তব্য করেছেন জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার। বুধবার (২৯ জুলাই) রাজধানীর আগাওগাঁওয়ে নির্বাচন কমিশনে বৈঠক শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ মন্তব্য করেন। গোলাম পরওয়ার জানান, স্থানীয় সরকার নির্বাচনকে সুষ্ঠু ও গ্রহণযোগ্য করার জন্য কমিশনের সঙ্গে আলোচনা হয়েছে। নির্বাচন বিধিমালায় পরিবর্তন আনার জন্য ৯টি প্রস্তাব দেওয়া হয়েছে। এমপিওভুক্ত শিক্ষকরা নির্বাচন করতে পারবেন না- এই সিদ্ধান্তের বিষয়ে আপত্তি জানানো হয়েছে। এমন সিদ্ধান্ত বহাল থাকলে নাগরিকের সাংবিধানিক অধিকার ক্ষুণ্ন হবে। এটি বৈষম্যমূলক সিদ্ধান্ত। এছাড়া, যে দলের কার্যক্রম নিষিদ্ধ করা হয়েছে, সেই রাজনৈতিক দলের বিভিন্ন কমিটিতে যারা পদে আছেন, তাদের নির্বাচন থেকে অযোগ্য ঘোষণার দাবি জানানো হয়েছে। জামায়াতের সেক্রেটারি জেনারেল বলেন, বিএনপি বিভিন্ন সিটি করপোরেশন ও জেলা পরিষদে রাজনৈতিক লোকদের নিয়োগ দিয়েছে। তারা এখানে থেকে নির্বাচনের জন্য তৈরি হবে। তাদের নির্বাচন থেকে দূরে রাখতে দাবি জানানো হয়েছে। তিনি আরও বলেন, বিএনপির রাজনীতিতে যুক্ত শামসুল আলমকে নির্বাচন কমিশনের অতিরিক্ত সচিব করা হয়েছে। তার নিয়োগ বাতিলের দাবি জানিয়েছে জামায়াত। রাজনৈতিক নিয়োগ সাংবিধানিক প্রতিষ্ঠানের মাধ্যমে সুষ্ঠু নির্বাচনের অন্তরায়। তিনি নির্বাচনকালে বিএনপির একটি কমিটিতে ছিলেন। আসন্ন স্থানীয় সরকার নির্বাচনে বিএনপির প্রার্থীদের বিজয়ী করে আনতে এই নিয়োগ দিয়েছে সরকার। নির্বাচন কমিশন স্বাধীনভাবে কাজ করতে পারছে না। (জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৭.২০২৬ রিহাব)

## আওয়ামীপন্থি নীল দল নিষিদ্ধে কমিটি, শাস্তির মুখে জুলাইবিরোধী শিক্ষকরাও

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) আওয়ামী লীগপন্থি শিক্ষকদের সংগঠন নীল দলকে `নিষিদ্ধ, করার দাবি ওঠার পর তদন্ত কমিটি গঠন করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। উপাচার্য অধ্যাপক এ বি এম ওবায়দুল ইসলাম এ কমিটির সভাপতি। তার সঙ্গে তিনজন সদস্য এ কমিটিতে দায়িত্ব পালন করবেন। মঙ্গলবার (২৮ জুলাই) বিকেলে বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ নীতি-নির্ধারণী ফোরাম সিন্ডিকেটের সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বুধবার (২৯ জুলাই) সিন্ডিকেটের একাধিক সদস্যের সঙ্গে কথা বলে এ তথ্য জানা গেছে। জুলাই গণ-অভ্যুত্থানের সময় কোনো শিক্ষক বিশ্ববিদ্যালয় ও শিক্ষার্থীদের স্বার্থ পরিপন্থি কাজে যুক্ত থাকলে তার বিরুদ্ধেও ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন সিন্ডিকেটের সদস্যরা। জানা যায়, গত ২৭ জুলাই বিকেলে `ফ্যাসিবাদবিরোধী শিক্ষকবৃন্দের, ব্যানারে বিশ্ববিদ্যালয়ের শতাধিক শিক্ষক উপাচার্যের কাছে একটি স্মারকলিপি দেন। এ সময় তারা জুলাই আন্দোলনের বিরুদ্ধে ও ফ্যাসিবাদের পক্ষে থাকা আওয়ামী ও বামপন্থি ২৩১ জন শিক্ষকের তালিকা হস্তান্তর করে তাদের শাস্তি ও নীল দলের কার্যক্রম নিষিদ্ধের দাবি জানান। স্মারকলিপি দেওয়ার সময় বিএনপি ও জামায়াতপন্থি শতাধিক শিক্ষক উপস্থিত ছিলেন। এর পরিপ্রেক্ষিতে বিগত সরকারের সময়ে বিতর্কিত ও ছাত্রবিরোধী ভূমিকা পালনকারী শিক্ষকের বিষয়ে তদন্ত করতে চার সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়েছে। এতে নেতৃত্ব দেবেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এ বি এম ওবায়দুল ইসলাম।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৭.২০২৬ রিহাব)

## কর্মস্থলে অনুপস্থিত, সাতক্ষীরায় ৪ চিকিৎসক বরখাস্ত

কোনো ধরনের পূর্বানুমতি ছাড়াই কর্মস্থলে অনুপস্থিত থাকায় চার চিকিৎসককে সাময়িক বরখাস্ত করেছে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। মঙ্গলবার (২৮ জুলাই) মন্ত্রণালয়ের স্বাস্থ্যসেবা বিভাগের শৃঙ্খলা-১ শাখার আলাদা আলাদা প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়েছে। স্বাস্থ্যসচিব মো. কামরুজ্জামান চৌধুরী এসব প্রজ্ঞাপনে সই করেছেন। চার চিকিৎসক হলেন- সাতক্ষীরা মেডিকেল কলেজের জুনিয়র কনসালটেন্ট (ইএনটি) ডা. সোহানা সেলিম, সাতক্ষীরা সদর হাসপাতালের রেডিওলজিস্ট ডা. পলাশ কুমার সরকার, সাতক্ষীরা তালা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার ডা. শাওলী নানজীবা তন্বী ও সাতক্ষীরা সদর হাসপাতালের জুনিয়র কনসালটেন্ট (ইএনটি) ডা. মো. হাছিবুর রহমান। জানা গেছে, গত ২৫ জুলাই বাগেরহাট ও ২৬ জুলাই সাতক্ষীরার বিভিন্ন হাসপাতাল পরিদর্শন করেন স্বাস্থ্যমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন। এসময় কর্মস্থলে কোনো ধরনের অনুমোদন ছাড়াই অনুপস্থিত ছিলেন এই চার চিকিৎসক। এছাড়া তাদের বিরুদ্ধে দীর্ঘদিন ধরে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগ রয়েছে। এরই মধ্যে এই পরিপ্রেক্ষিতে তাদের বিরুদ্ধে বিভাগীয় মামলা দায়ের করেছে স্বাস্থ্য বিভাগ। (জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৭.২০২৬ রিহাব)

## বিএনপির সারোয়ার আলমগীরের সংসদে যেতে বাধা নেই

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে চট্টগ্রাম-২ আসনে জয়ী ও শপথ নেওয়া সংসদ সদস্য সারোয়ার আলমগীরকে জাতীয় সংসদ অধিবেশনে যোগদান থেকে বিরত রাখতে করা আপিল আবেদন তালিকা থেকে বাদ দিয়েছেন সুপ্রিম কোর্টের আপিল বিভাগ। এ বিষয়ে শুনানি নিয়ে বুধবার (২৯ জুলাই) প্রধান বিচারপতির নেতৃত্বাধীন চার সদস্যের আপিল বিভাগের বেঞ্চ এই আদেশ দেন। এর ফলে নির্বাচিত সংসদ সদস্য হিসেবে গেজেট প্রকাশিত ও শপথ গ্রহণ করা বিএনপির সারোয়ার আলমগীর সংসদ অধিবেশনে যোগদান করতে পারবেন। এতে আর কোনো আইনি বাধা নেই বলে জাগো নিউজকে নিশ্চিত করেছেন অ্যাটর্নি জেনারেল ব্যারিস্টার মো. রুহুল কুদ্দুস কাজল। আজ আদালতে সারোয়ার আলমগীরের পক্ষে উপস্থিত ছিলেন সুপ্রিম কোর্টের সিনিয়র আইনজীবী মো. আহসানুল করিম এবং সুপ্রিম কোর্ট বারের সভাপতি ব্যারিস্টাট এ এম মাহবুব উদ্দিন খোকন। আপিলকারী প্রতিদ্বন্দ্বী জামায়াত প্রার্থী মুহাম্মদ নুরুল আমীনের পক্ষে ছিলেন সিনিয়র আইনজীবী মোহাম্মদ শিশির মনির ও আজিম উদ্দিন পাটোয়ারী। এর আগে, সারোয়ার আলমগীরের বিষয়ে নির্বাচন কমিশনের (ইসি) সিদ্ধান্ত বৈধ ঘোষণা করে হাইকোর্টের দেওয়া রায়ের বিরুদ্ধে আপিল বিভাগে আবেদন করেন নুরুল আমীন। তিনি হাইকোর্টের রায়ের কার্যকারিতা স্থগিত এবং আপিল নিষ্পত্তি না হওয়া পর্যন্ত সারোয়ার আলমগীর যেন সংসদ অধিবেশনে অংশ নিতে না পারেন- এ সংক্রান্ত নিষেধাজ্ঞা চান। আবেদনের ওপর ২৭ ও ২৮ জুলাই দুইদিন শুনানি নিয়ে আদেশের জন্য বুধবার দিন ঠিক করেন আপিল বিভাগ। ভোটের আগে রিটার্নিং কর্মকর্তা সারোয়ার আলমগীরের প্রার্থিতা বৈধ ঘোষণা করার পর ঋণ খেলাপির অভিযোগ তুলে নির্বাচন কমিশনে আপিল করেন প্রতিদ্বন্দ্বী প্রার্থী নুরুল আমীন। শুনানি শেষে গত ১৮ জানুয়ারি নির্বাচন কমিশন সারোয়ার আলমগীরের মনোনয়ন বাতিল করে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৭.২০২৬ রিহাব)

## লাগাতার কর্মসূচিতে যাচ্ছেন প্রাথমিকের ১৪ হাজার নতুন শিক্ষক

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক নিয়োগ পরীক্ষায় চূড়ান্তভাবে উত্তীর্ণ হয়ে সুপারিশপ্রাপ্ত ১৪ হাজারেরও বেশি সহকারী শিক্ষক যোগদানের দাবিতে ফের আন্দোলনে নামছেন। এবার তারা লাগাতার শান্তিপূর্ণ অবস্থান কর্মসূচি ঘোষণা করেছেন। ঘোষণা অনুযায়ী, আগামীকাল বৃহস্পতিবারের মধ্যে তাদের যোগদান, পদায়ন ও প্রশিক্ষণ বিষয়ে সুনির্দিষ্ট তারিখ ও রূপরেখা ঘোষণা না করা হলে আগামী রোববার (২ আগস্ট) থেকে তারা লাগাতার অবস্থান কর্মসূচি করবেন। বুধবার (২৯ জুলাই) সন্ধ্যা সাড়ে ৬টার দিকে এক সংবাদ সম্মেলনে এ ঘোষণা দেন তারা। নতুন এ শিক্ষকদের যোগদান ও পদায়নের দাবিতে গড়ে ওঠা `কেন্দ্রীয় প্রাইমারি প্যানেল ২০২৫, প্ল্যাটফর্মের ফেসবুক পেজে এ সংবাদ সম্মেলন লাইভ করা হয়। সংবাদ সম্মেলনে নিজেদের দাবি-দাওয়া ও আগামী দিনের কর্মসূচির ঘোষণা দেন ফারজানা আক্তার ও দেবব্রত রায়। লিখিত বক্তব্যে তারা বলেন, দেশের অসংখ্য প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক সংকট রয়েছে। শিশুরা শিক্ষক পাচ্ছে না। আর আমরা মেধার সব পরীক্ষায় উত্তীর্ণ হয়েও ক্লাসে যেতে পারছি না। এর চেয়ে দুঃখের আর কিছু হতে পারে না। তারা আরও বলেন, অবিলম্বে আমাদের বিধিমালা অনুযায়ী যোগদান ও পদায়ন নিশ্চিত করা হোক। এরপর নিয়ম অনুযায়ী প্রশিক্ষণের ব্যবস্থা করা হোক। প্রশিক্ষণ গ্রহণ নিয়ে আমাদের কোনো আপত্তি নেই। আমরা মনে করি, প্রশিক্ষণের মাধ্যমে আমরা আরও বেশি যোগ্য শিক্ষক হয়ে গড়ে উঠতে পারবো। কিন্তু সেটা নিয়ম মেনে হতে হবে। নিয়মে আগে যোগদান, এরপর বিদ্যালয়ে পদায়ন এবং তারপর প্রশিক্ষণ রয়েছে। সেটা মেনে ব্যবস্থা নেওয়া হোক। দেবব্রত রায় বলেন, আমরা চলতি সপ্তাহের মধ্যেই একটি সুনির্দিষ্ট প্রশাসনিক নির্দেশনা চাই। এ অপেক্ষার অবসান ঘটানো হোক। আমরা বিশেষ সুবিধা চাই না। ন্যায্য অধিকার চাই। শ্রেণিকক্ষে যেতে চাই, শিশুদের পড়াতে চাই। সরকার ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে বলতে চাই, আমাদের প্রতিপক্ষ নয়, ভবিষ্যতের জাতি গড়ার কারিগরি হিসেবে দেখুন। আমরা দেশ গঠনে দায়িত্ব পালন করতে চাই।

(জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৭.২০২৬ রিহাব)

## ডেঙ্গুতে সাত মাসে ৫০ মৃত্যু, জুলাইতেই ৩২

এডিস মশাবাহিত ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে ২৪ ঘণ্টায় আরও তিনজনের মৃত্যু হয়েছে। এ নিয়ে চলতি বছর ডেঙ্গুতে মোট মৃত্যু বেড়ে দাঁড়িয়েছে ৫০ জনে। যার মধ্যে জুলাইয়ের ২৮ দিনেই মারা গেছেন ৩২ জন। গত ২৪ ঘণ্টায় নতুন করে ৫৩৪ জন রোগী দেশের বিভিন্ন হাসপাতালে ভর্তি হয়েছেন। ফলে ১ জানুয়ারি থেকে ২৯ জুলাই পর্যন্ত ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হওয়া রোগীর সংখ্যা পৌঁছেছে ১৪ হাজার ৬৯০ জনে। একই সময়ে সুস্থ হয়ে হাসপাতাল ছেড়েছেন ১৩ হাজার ৯ জন ডেঙ্গুরোগী। বর্তমানে চিকিৎসাধীন রয়েছেন ১ হাজার ১৮৮ জন। বুধবার (২৯ জুলাই) স্বাস্থ্য অধিদপ্তরের ডেঙ্গুবিষয়ক নিয়মিত সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৭.২০২৬ রিহাব)

## গুম প্রতিরোধ আইনের খসড়ায় মতামতের দুদিন সময়কে প্রহসন বলছে টিআইবি

গুম প্রতিরোধ ও প্রতিকার আইন, ২০২৬ এর খসড়ায় মতামত দিতে তা স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। ২৭ জুলাই খসড়াটি ওয়েবসাইটে আপলোড করে ২৮ জুলাইয়ের মধ্যে মতামত প্রদানের সময় নির্ধারণ করা হয়। বিষয়টিকে প্রহসনমূলক বলে মন্তব্য করেছে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)। বুধবার (২৯ জুলাই) এক বিবৃতিতে এ মন্তব্য করে সংস্থাটি। টিআইবি জানায়, এরই মধ্যে `ইনভেস্ট বাংলাদেশ আইন, ২০২৬,-সহ বেশকিছু আইনের ক্ষেত্রে জাতীয় সংসদের কার্যপ্রণালি বিধি লঙ্ঘন করে সম্পূরক কার্যসূচি হিসেবে বিল উত্থাপন ও তড়িঘড়ি করে আইন পাসের অভূতপূর্ব ঘটনা ঘটেছে। আলোচ্য খসড়াটির ক্ষেত্রেও একইভাবে নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতার ক্ষমতার অপব্যবহারের দৃষ্টান্ত হিসেবে আশঙ্কা প্রকাশ করা হচ্ছে। এ বিষয়ে গুমের ভুক্তভোগীসহ সংশ্লিষ্ট অংশীজনদের কার্যকর সম্পৃক্ততা নিশ্চিত ও মতামত প্রদানের সময় কমপক্ষে দুই সপ্তাহ বাড়ানোর দাবি করে সংস্থাটি। এরপর প্রাপ্ত সুপারিশের আলোকে অন্তর্ভুক্তিমূলক প্রক্রিয়ায় খসড়াটি ঢেলে সাজানোর জোর দাবি জানানো হয়। বিবৃতিতে টিআইবির নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান বলেন, খসড়া আইনটিতে বেশকিছু ইতিবাচক ধারা অন্তর্ভুক্ত করা হয়েছে। যেমন- গুমকে একটি স্বতন্ত্র ফৌজদারি ও চলমান অপরাধ হিসেবে স্বীকৃতি, ঊর্ধ্বতন কর্মকর্তা ও নির্দেশদাতাদের জবাবদিহির আওতায় আনা, গুমের ঘটনায় রাষ্ট্রের নিরাপত্তা অথবা অন্য ধরনের অজুহাতকে অগ্রহণযোগ্য ঘোষণা ইত্যাদি। (জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৭.২০২৬ রিহাব)

## শারজায় বিমানের কেবিন ক্রু আটক, কারণ জানায়নি আমিরাত কর্তৃপক্ষ

সংযুক্ত আরব আমিরাতে দায়িত্ব পালন করতে গিয়ে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের এক কেবিন ক্রু আটক হয়েছেন। পাঁচদিন ধরে তাকে `লাপাত্তা, হিসেবে খোঁজা হলেও পরে জানা যায়, তিনি দেশটির আইন-শৃঙ্খলা বাহিনীর হেফাজতে রয়েছেন। তবে কী অভিযোগে বা কোন সন্দেহের ভিত্তিতে তাকে আটক করা হয়েছে, সে বিষয়ে এখনো কিছু জানায়নি আমিরাত কর্তৃপক্ষ। বিমান বাংলাদেশ এয়ারলাইন্স সূত্র জানায়, গত ২২ জুলাই বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের বিজি-১৫১ ফ্লাইট পরিচালনার দায়িত্বে শারজাহ যান কেবিন ক্রু মীর্জা আদনান। ফ্লাইট শেষে শারজাহ আন্তর্জাতিক বিমানবন্দরের ইমিগ্রেশন কর্তৃপক্ষ তাকে আটক করে। পরে অধিকতর তদন্ত ও জিজ্ঞাসাবাদের জন্য তাকে আবুধাবি সিআইডি পুলিশের কাছে হস্তান্তর করা হয়। বর্তমানে তিনি তাদের হেফাজতেই রয়েছেন। এ বিষয়ে জানতে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের জনসংযোগ শাখার ভারপ্রাপ্ত মহাব্যবস্থাপক মুহাম্মদ মহিউদ্দিনের মুঠোফোনে একাধিকবার কল দিলেও তিনি রিসিভ করেননি। নাম প্রকাশে অনিচ্ছুক বিমানের এক কর্মকর্তা বলেন, সংশ্লিষ্ট কেবিন ক্রু নিয়মিত ফ্লাইট পরিচালনার দায়িত্বে সংযুক্ত আরব আমিরাতে গিয়েছিলেন। সেখানে ইমিগ্রেশন কর্তৃপক্ষ তাকে আটক করে। তবে আটকের কারণ সম্পর্কে কোনো তথ্য জানানো হয়নি। তার ভাষ্য, তদন্ত শেষে কর্তৃপক্ষ প্রয়োজনীয় সিদ্ধান্ত নেবে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৭.২০২৬ রিহাব)

## দেশি অ্যাভিয়েশন বাজারের ৭০% বিদেশি এয়ারলাইন্সের দখলে : ইউএস-বাংলা এমডি

`বাংলাদেশ বিশ্বের দ্রুততম বর্ধনশীল অ্যাভিয়েশন মার্কেটগুলোর মধ্যে একটি। তবুও বর্তমানে বাংলাদেশি এয়ারলাইন্সগুলো আন্তর্জাতিক যাত্রীবাজারের ৩০ শতাংশেরও কম সেবা দিচ্ছে। অন্যদিকে, বাংলাদেশে যাতায়াতকারী যাত্রীদের কাছ থেকে বিদেশি এয়ারলাইন্সগুলো বছরে প্রায় ৪ দশমিক ৫ বিলিয়ন মার্কিন ডলার (প্রায় ৫৫ হাজার ৫৭৫ কোটি টাকা) রাজস্ব আয় করছে।, বুধবার (২৯ জুলাই) রাজধানীর বনানীর হোটেল শেরাটনে বেসরকারি বিমান সংস্থা ইউএস-বাংলা এয়ারলাইন্স আয়োজিত `বিয়ন্ড দ্য বোয়িং, অনুষ্ঠানে এ কথা বলেন প্রতিষ্ঠানটির ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ আবদুল্লাহ আল মামুন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৭.২০২৬ রিহাব)

## বোয়িংয়ে দেশের অ্যাভিয়েশন খাত আরও শক্তিশালী হবে : বিমান প্রতিমন্ত্রী

ঢাকার হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের তৃতীয় টার্মিনাল চালু হলে বছরে প্রায় ২ কোটি ৪০ লাখ যাত্রীকে সেবা দেওয়া সম্ভব হবে বলে জানিয়েছেন বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন প্রতিমন্ত্রী এম. রশিদুজ্জামান মিল্লাত। তিনি বলেন, এই ক্রমবর্ধমান চাহিদা পূরণে ইউএস-বাংলা এয়ারলাইন্সের বহরে ২১টি নতুন বোয়িং উড়োজাহাজ যুক্ত

হওয়া একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। ভবিষ্যতে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সও ১৪টি নতুন বোয়িং উড়োজাহাজ বহরে যুক্ত করবে। এর ফলে দেশের অ্যাভিয়েশন খাত আরও শক্তিশালী হবে এবং দেশি-বিদেশি যাত্রীদের ভ্রমণসেবা উন্নত হবে। বুধবার (২৯ জুলাই) রাজধানীর বনানীতে হোটেল শেরাটনে দেশের বেসরকারি উড়োজাহাজ সংস্থা ইউএস-বাংলা এয়ারলাইন্স আয়োজিত ‵বিয়ন্ড দ্য বোয়িং, অনুষ্ঠানে এসব কথা বলেন তিনি। অনুষ্ঠানে বাংলাদেশের বেসরকারি বিমান পরিবহণ খাতে সবচেয়ে বড়ো বহর সম্প্রসারণের ঘোষণা দেয় ইউএস-বাংলা এয়ারলাইন্স। প্রায় ১ দশমিক ৫ বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগে ২১টি নতুন বোয়িং উড়োজাহাজ লিজ প্রক্রিয়ার মাধ্যমে যুক্ত করার পরিকল্পনা নিয়েছে প্রতিষ্ঠানটি। (জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৭.২০২৬ রিহাব)

## ৩০ লাখ শহিদের সংখ্যা কমিয়ে দেখানোর চেষ্টা ইতিহাস বিকৃতি : লতিফ সিদ্দিকী

মহান মুক্তিযুদ্ধে ৩০ লাখ শহিদের সংখ্যা নিয়ে বিতর্কের কোনো অবকাশ নেই বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগের (বর্তমানে কার্যক্রম নিষিদ্ধ) সভাপতিমণ্ডলীর সাবেক সদস্য ও বীর মুক্তিযোদ্ধা আবদুল লতিফ সিদ্দিকী। তিনি শহিদের সংখ্যা কমিয়ে দেখানোর চেষ্টাকে ‵ইতিহাস বিকৃতি, বলে মন্তব্য করেন। এ প্রসঙ্গে লতিফ সিদ্দিকী বলেন, (মুক্তিযুদ্ধে ৩০ লাখ শহিদ) এই সংখ্যা প্রতিষ্ঠিত ইতিহাসের অংশ এবং এর চেয়েও বেশি মানুষ প্রাণ হারিয়ে থাকতে পারেন। তবে সবাই সরাসরি যুদ্ধ করতে গিয়ে নিহত হননি; পাকিস্তানি হানাদার বাহিনীর গণহত্যা, নির্যাতন ও যুদ্ধজনিত নানান পরিস্থিতিতে তাদের মৃত্যু হয়েছে। বুধবার (২৯ জুলাই) সকালে শাহবাগ থানার সন্ত্রাসবিরোধী আইনের একটি মামলায় আদালতে হাজিরা দেওয়ার পর সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এমন মন্তব্য করেন। সেখানে মহান মুক্তিযুদ্ধে ৩০ লাখ শহিদের সংখ্যা প্রতিষ্ঠিত এবং এ নিয়ে বিতর্ক সৃষ্টি করা উচিত নয় বলে মন্তব্য করেন লতিফ সিদ্দিকী। তিনি বলেন, মুক্তিযুদ্ধে শহিদের সংখ্যা ৩০ লাখ হিসেবে ইতিহাসে প্রতিষ্ঠিত। তার দাবি, প্রকৃত সংখ্যা এর চেয়েও বেশি হতে পারে। এ প্রসঙ্গে তিনি একটি উদাহরণ দিয়ে বলেন, যেমন কোনো ব্যক্তি দলিল-দস্তাবেজ নষ্ট করে পূর্বপুরুষের সম্পত্তির পরিমাণ কমিয়ে দাবি করতে পারেন, তেমনই ইতিহাস বিকৃতির মাধ্যমে শহিদের সংখ্যা কমিয়ে দেখানোর চেষ্টাও করা হতে পারে। তিনি বলেন, ৩০ লাখ শহিদের সবাই সরাসরি যুদ্ধক্ষেত্রে লড়াই করতে গিয়ে নিহত হননি। পাকিস্তানি দখলদার বাহিনীর হত্যাযজ্ঞ, নারী নির্যাতন, ধর্ষণ, বাড়িঘরে অগ্নিসংযোগ, পালিয়ে যাওয়ার সময় হামলা, চিকিৎসার অভাব, রক্তশূন্যতা এবং যুদ্ধকালীন প্রতিকূল পরিস্থিতির কারণে অসংখ্য মানুষ প্রাণ হারিয়েছেন। এসব মৃত্যুই মুক্তিযুদ্ধের সামগ্রিক মানবিক বিপর্যয়ের অংশ। লতিফ সিদ্দিকী বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বা মুক্তিযুদ্ধের পক্ষের কেউ কখনও দাবি করেননি যে, ৩০ লাখ মানুষ কেবল সম্মুখযুদ্ধে অংশ নিয়ে শহিদ হয়েছেন। বরং পাকিস্তানি দখলদার বাহিনীর নৃশংসতার কারণে প্রাণ হারানো বাঙালিদের সামগ্রিক সংখ্যাকেই ৩০ লাখ হিসেবে উল্লেখ করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৭.২০২৬ রিহাব)

## জিপিএইচ ইস্পাতকে ৫ কোটি টাকা জরিমানা, ব্যয় হবে জুলাই আহতদের চিকিৎসায়

রিটের পর আদেশের বিরুদ্ধে চেম্বার জজ আদালতে স্থগিতাদেশের তথ্য গোপন করে হাইকোর্টে আবারও রিট আবেদন করায় জিপিএইচ ইস্পাতকে ৫ কোটি টাকা জরিমানার আদেশ দিয়েছেন হাইকোর্ট। আগামী এক মাসের মধ্যে জরিমানার টাকা সুপ্রিম কোর্টের রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়ে জমা দিতে বলা হয়েছে। ওই অর্থ আহত জুলাই যোদ্ধাদের চিকিৎসা খরচ হিসেবে ব্যয় করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ দিয়েছেন উচ্চ আদালত। এ সংক্রান্ত বিষয়ে শুনানি নিয়ে বুধবার (২৯ জুলাই) হাইকোর্টের বিচারপতি মো. নজরুল ইসলাম তালুকদার ও বিচারপতি মাহমুদ হোসেনের সমন্বয়ে গঠিত বেঞ্চ এই আদেশ দেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৭.২০২৬ রিহাব)

## বাংলাদেশ-ভারত সম্পর্কের কিছু ‵অস্বস্তি, দূর করা খুবই প্রয়োজন

বাংলাদেশ-ভারত সম্পর্কে বিদ্যমান কিছু ‵অস্বস্তি, দূর করা অত্যন্ত প্রয়োজন বলে মন্তব্য করেছেন পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান। তিনি বলেন, প্রধানমন্ত্রী তারেক রহমানের ভারত সফরের আমন্ত্রণ সরকার বর্তমানে পর্যালোচনা করছে। পর্যালোচনা শেষে এ বিষয়ে সিদ্ধান্ত জানানো হবে। বুধবার (২৯ জুলাই) ঢাকায় নিযুক্ত ভারতের হাইকমিশনার দীনেশ ত্রিবেদীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। প্রধানমন্ত্রীর ভারত সফরের আমন্ত্রণের বিষয়ে এক প্রশ্নের জবাবে পররাষ্ট্রমন্ত্রী বলেন, আমরা সেটা এখন পর্যালোচনা করছি। এ বিষয়ে আমরা সিদ্ধান্ত নেবো এবং আপনাদের সেটা তাৎক্ষণিক জানানো হবে। প্রধানমন্ত্রীর সৌদি আরব সফরের আমন্ত্রণ নিয়েও পর্যালোচনা চলছে কি না- এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, একাধিক দাওয়াত আছে। সে সবগুলো তো অনেক সময় ধরে... উনি যেমন জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনে যোগ দিতে নিউইয়র্কে যাবেন, সব কিছু আমাদের সামগ্রিকভাবে দেখতে হচ্ছে। ভারতের হাইকমিশনারের সঙ্গে সাক্ষাতের বিষয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে ড. খলিলুর রহমান বলেন, আমার সঙ্গে ভারতের নবনিযুক্ত হাইকমিশনার ত্রিবেদীর আজকে প্রথম সাক্ষাৎ হয়। এটা ছিল সৌজন্য সাক্ষাৎ। আমরা বিস্তারিত কোনো বিষয় নিয়ে আলাপ করিনি। এটাই স্বাভাবিক, কারণ এর জন্য আমাদের সময় পড়ে আছে। দুই দেশের সম্পর্কের ভবিষ্যৎ নিয়ে তিনি বলেন, তবে দুই দেশের সম্পর্ক রিসেটের (নতুন করে শুরু) ব্যাপারে- এটা তো আমরা আগেও বলেছি, আমরা দু-জনেই ঐকমত্য পোষণ করি। পারস্পরিক স্বার্থ সামনে

রেখে এবং আমি বাংলাদেশের স্বার্থের কথা বিবেচনায় নিয়ে আগামীতে আমাদের দুই দেশের সম্পর্ক সার্বভৌম সমতার ভিত্তিতে এগিয়ে নিয়ে যাবো। এ বিষয়ে আমরা ঐকমত্য পোষণ করেছি। `পুশ-ইন,-সহ বিভিন্ন দ্বিপাক্ষিক বিষয় নিয়ে আলোচনা হয়েছে কি না জানতে চাইলে পররাষ্ট্রমন্ত্রী বলেন, না, আজ আমরা কোনো বিশেষ বিষয়ে কথা বলিনি। কিছু কিছু ইরিটেশন (অস্বস্তি) আছে, উনিও জানেন, আমিও জানি। এগুলো নিরসন করা খুবই প্রয়োজন। সেই প্রয়োজনীয়তা তো সবাই উপলব্ধি করেন। ভারতে অবস্থানরত আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে দণ্ডপ্রাপ্ত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিষয়ে কোনো আলোচনা হয়েছে কি না- এমন প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, আগেই বলেছি, এটা একটা সৌজন্য সাক্ষাৎ। উনি নিজেকে আমাদের কাছে উপস্থাপন করলেন সরকারিভাবে। এই প্রথম পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে তিনি দেখা করলেন। আপনাদের বললাম একটু আগে যে, আমরা বিশেষ কোনো ইস্যু নিয়ে এবার কথা বলিনি। আমাদের মধ্যে যে বিষয়গুলো আছে, আগামী দিনগুলোতে সব নিয়েই আমরা আলোচনা করবো। ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্করের সঙ্গে সাম্প্রতিক বৈঠকের প্রসঙ্গ টেনে খলিলুর রহমান বলেন, অজিত দোভালের সঙ্গে আমার ম্যানিলাতে দেখা হয়নি, জয়শঙ্করের সঙ্গে দেখা হয়েছে। সাধারণভাবে উনি জানেন যে, ত্রিবেদীর সঙ্গে আমার বৈঠক আছে। আমরা দু-জনেই আশা প্রকাশ করেছি যে, আগামী দিনগুলোতে আমাদের সম্পর্ক বৃদ্ধির ক্ষেত্রে উভয় পক্ষই কাজ করবে। ভারতে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত ও দক্ষিণ এশিয়াবিষয়ক বিশেষ দূত সার্জিও গোরের বাংলাদেশ সফরের আগের দিন ভারতীয় হাইকমিশনারের এ সাক্ষাতের কোনো বিশেষ তাৎপর্য আছে কি না জানতে চাইলে পররাষ্ট্রমন্ত্রী বলেন, না, এটার সঙ্গে কোনো সম্পর্ক নেই। আমি গতকাল ফিরে এসেছি এবং উনার সঙ্গে আমার যে মিটিংটা হওয়ার প্রয়োজন ছিল, আমি যত দ্রুত সম্ভব সে মিটিংটা করে নিয়েছি। মার্কিন প্রেসিডেন্টের দক্ষিণ ও মধ্য এশিয়াবিষয়ক বিশেষ দূতের আসন্ন সফর প্রসঙ্গে তিনি বলেন, তার সঙ্গে আমার এরই মধ্যে ম্যানিলাতে দেখা হয়েছে, কথা হয়েছে, বৈঠক হয়েছে। আমরা দুই দেশের সম্পর্ক পর্যালোচনা করেছি। আপনারা জানেন, আমেরিকার সঙ্গে বাংলাদেশের সম্পর্ক বহুমুখী। তারাও চাইছেন সম্পর্কটাকে আরও এগিয়ে নিতে। পররাষ্ট্রমন্ত্রী বলেন, উনি (সার্জিও গোর) কেবল ভারতে আমেরিকার রাষ্ট্রদূত না, উনি আমেরিকান প্রেসিডেন্টের দক্ষিণ ও মধ্য এশিয়ার বিষয়ভিত্তিক প্রতিনিধি। এটি তার প্রথম সফর। দক্ষিণ এশিয়া যেহেতু তার দায়িত্বের মধ্যে পড়ে, বাংলাদেশও তার অন্তর্ভুক্ত। প্রথম সফর হিসেবে আমরা ধারণা করছি, এটা এক্সপ্লোরেটরি (অনুসন্ধানমূলক) সফর হবে। উনি বাংলাদেশ সম্পর্কে বুঝতে চাইবেন। শুধু আমাদের সঙ্গে না, অন্যান্য অনেক স্টেকহোল্ডারের (অংশীজন) সঙ্গেও কথাবার্তা বলবেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৭.২০২৬ রিহাব)

## লতিফ সিদ্দিকীকে বৃহস্পতিবার ট্রাইব্যুনালে নেওয়া হবে : চিফ প্রসিকিউটর

রাজধানীর মতিঝিলের শাপলা চত্বরে হেফাজতে ইসলামের সমাবেশ ঘিরে হত্যাযজ্ঞের ঘটনায় করা মানবতাবিরোধী অপরাধের মামলায় গ্রেফতার সাবেক মন্ত্রী আবদুল লতিফ সিদ্দিকীকে আগামীকাল বৃহস্পতিবার আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে হাজির করা হবে বলে জানিয়েছেন ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর মো. আমিনুল ইসলাম। বুধবার (২৯ জুলাই) সন্ধ্যা ৬টার দিকে গুলশানের নিজ বাসভবন থেকে লতিফ সিদ্দিকীকে গ্রেফতার করে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)। বিষয়টি নজরে আনার পর সাংবাদিকদের এ কথা জানান চিফ প্রসিকিউটর।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৭.২০২৬ রিহাব)

## জরুরি প্রয়োজনে ১০ লাখ টাকা তুলতে পারবেন একীভূত পাঁচ ব্যাংকের গ্রাহকরা

একীভূত পাঁচ ইসলামী ব্যাংকের গ্রাহকদের জন্য অর্থ উত্তোলনের নিয়ম আরও শিথিল করেছে বাংলাদেশ ব্যাংক। এখন থেকে নিজের চিকিৎসার পাশাপাশি পরিবারের সদস্যদের চিকিৎসা এবং অন্যান্য জরুরি প্রয়োজনে সর্বোচ্চ ১০ লাখ টাকা পর্যন্ত উত্তোলন করা যাবে। বুধবার (২৯ জুলাই) বাংলাদেশ ব্যাংকের পরিচালনা পর্ষদের সভায় এ সিদ্ধান্ত অনুমোদন করা হয়। সভায় সভাপতিত্ব করেন বাংলাদেশ ব্যাংকের গভর্নর মোস্তাকুর রহমান। এ সুবিধা পাবেন ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক, সোশ্যাল ইসলামী ব্যাংক, ইউনিয়ন ব্যাংক, গ্লোবাল ইসলামী ব্যাংক ও এক্সিম ব্যাংকের গ্রাহকরা। এ পাঁচটি ব্যাংক একীভূত হয়ে বর্তমানে সম্মিলিত ইসলামী ব্যাংক হিসেবে কার্যক্রম পরিচালনা করছে। বাংলাদেশ ব্যাংক সূত্রে জানা গেছে, আগে ঘোষিত অর্থ ফেরত দেওয়ার স্কিমে কেবল গ্রাহকের নিজের চিকিৎসার জন্য অর্থ উত্তোলনের সুযোগ ছিল। নতুন সিদ্ধান্ত অনুযায়ী মা-বাবা, সন্তান, ভাই-বোন ও স্বামী-স্ত্রীর চিকিৎসার পাশাপাশি অন্যান্য জরুরি প্রয়োজনেও এ অর্থ তোলা যাবে। কেন্দ্রীয় ব্যাংকের এক কর্মকর্তা জানান, অনেক গ্রাহকের চিকিৎসার বাইরে বিভিন্ন জরুরি প্রয়োজনে অর্থের প্রয়োজন হয়। কারও পরিবারের সদস্যের চিকিৎসা, কারও মেয়ের বিয়ে কিংবা অন্য জরুরি পারিবারিক প্রয়োজন থাকলেও আগের স্কিমে অর্থ উত্তোলনের সুযোগ ছিল না। সংশোধিত স্কিমে সেই সীমাবদ্ধতা দূর করা হয়েছে। বাংলাদেশ ব্যাংকের তথ্য অনুযায়ী, পাঁচ ব্যাংকের আমানতকারীদের অর্থ ফেরত দিতে একাধিক উদ্যোগ নিয়েছে সরকার ও কেন্দ্রীয় ব্যাংক। সম্মিলিত ইসলামী ব্যাংকের পরিশোধিত মূলধন নির্ধারণ করা হয়েছে ৩৫ হাজার কোটি টাকা। এর মধ্যে সরকার ২০ হাজার কোটি টাকা দিয়েছে। বাকি ১৫ হাজার কোটি টাকার বিপরীতে আমানতকারীদের শেয়ার দেওয়া হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৭.২০২৬ রিহাব)

## পদার্থ-রসায়নের পর এবার এইচএসসির জীববিজ্ঞানেও প্রশ্নে `ভুল,!

এইচএসসি পরীক্ষায় অভিন্ন প্রশ্নপত্র চালুর পর একের পর এক বিষয়ের প্রশ্নপত্রে ভুল ও অসঙ্গতির অভিযোগ উঠেছে। পদার্থবিজ্ঞান ও রসায়নের পর এবার জীববিজ্ঞান দ্বিতীয়পত্রের ইংরেজি ভার্সনের নৈর্ব্যক্তিক অংশের তিনটি প্রশ্নে ভুল থাকার অভিযোগ করেছেন পরীক্ষার্থীরা। বিষয়টি খতিয়ে দেখতে বিশেষজ্ঞদের দিয়ে পর্যালোচনা শুরু করেছে ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড। প্রশ্নে কোনো ভুল প্রমাণিত হলে পরীক্ষার্থীরা যেন ক্ষতিগ্রস্ত না হয়, সে অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন বোর্ডের কর্মকর্তারা। বুধবার (২৯ জুলাই) ৯টি সাধারণ শিক্ষা বোর্ডের অধীনে জীববিজ্ঞান দ্বিতীয়পত্রের পরীক্ষা অনুষ্ঠিত হয়। পরীক্ষা শেষে ইংরেজি ভার্সনের পরীক্ষার্থীরা অভিযোগ করেন, নৈর্ব্যক্তিক অংশের তিনটি প্রশ্নে বাংলা ও ইংরেজি ভার্সনের মধ্যে অসামঞ্জস্য ছিল। এতে তারা পরীক্ষার হলে বিভ্রান্তির মুখে পড়েন। পরীক্ষার্থী মৃদুল রহমান জানান, ইংরেজি সংস্করণের `গ, সেটের ১৫, ১৮ ও ২৫ নম্বর নৈর্ব্যক্তিক প্রশ্নে ভুল ছিল। এসব প্রশ্নের কারণে অনেক পরীক্ষার্থী কাঙ্ক্ষিত ফল থেকে বঞ্চিত হতে পারেন বলে আশঙ্কা প্রকাশ করেন তিনি।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৭.২০২৬ রিহাব)

## শাবিপ্রবিতে পাটওয়ারী-সারজিসের সভা ঘিরে তিন শর্ত দিল প্রক্টর অফিস

সিলেটের শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (শাবিপ্রবি) শাখা ছাত্রশক্তির আলোচনা সভা ঘিরে তিন শর্ত দিয়েছে প্রক্টর অফিস। সভায় অতিথি হিসেবে জাতীয় নাগরিক পার্টি (এনসিপির) মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দিন পাটওয়ারী ও উত্তরাঞ্চলের মুখ্য সংগঠক সারজিস আলমের উপস্থিত থাকার কথা রয়েছে। বৃহস্পতিবার (৩০ জুলাই) দুপুর ১২টায় শাবিপ্রবির মিনি অডিটোরিয়াম আলোচনা সভা অনুষ্ঠিত হবে। ছাত্রশক্তি নেতাদের সূত্রে জানা যায়, জুলাই গণ-অভ্যুত্থান স্মরণ উপলক্ষ্যে `অগ্নিঝরা জুলাই : রক্তের ঋণ ও আগামীর বাংলাদেশ, শীর্ষক আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের জন্য মিনি অডিটোরিয়াম বরাদ্দ চেয়ে বিশ্ববিদ্যালয় প্রক্টর অফিস বরাবর আবেদন করা হয়। আবেদনের পরিপ্রেক্ষিতে সভা আয়োজনের অনুমতি দিলেও তিনটি শর্ত দিয়েছে প্রক্টর অফিস। প্রক্টর অফিসের তিন শর্তের মধ্যে রয়েছে-

১. অনুষ্ঠানে রাজনৈতিক মতাদর্শ বা আদর্শিক বক্তব্য দেওয়ার ক্ষেত্রে বাধা নেই। তবে বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরীণ শৃঙ্খলার স্বার্থে কোনো ব্যক্তি, গোষ্ঠী কিংবা রাজনৈতিক দলকে উদ্দেশ্য করে কোনো অসত্য বক্তব্য দেওয়া যাবে না। কোনো অসত্য বক্তব্যের মধ্যে দিয়ে ক্যাম্পাসের শৃঙ্খলা নষ্ট করলে এর সম্পূর্ণ দায় জাতীয় ছাত্রশক্তি শাবিপ্রবি শাখাকেই নিতে হবে। বিশ্ববিদ্যালয় প্রশাসন এর দায়ভার বহন করবে না;

২. কারও উস্কানিমূলক বক্তব্যে প্রতিক্রিয়া দেখাতে গিয়ে ক্যাম্পাসের শান্তি শৃঙ্খলা বিনষ্ট করলে এর দায়ভার সংশ্লিষ্ট ব্যক্তি, গোষ্ঠী কিংবা সংগঠনকেই বহন করতে হবে;

৩. ওই অনুষ্ঠানের সার্বিক নিরাপত্তা তত্ত্বাবধানে তিনজন সহকারী প্রক্টর দায়িত্বে থাকবেন।

এর আগে, অনুষ্ঠানে নাসীরুদ্দিন পাটওয়ারীর অতিথি হিসেবে আসাকে ঘিরে সামাজিক যোগাযোগমাধ্যমে সমালোচনা করেছেন ছাত্রদলের কয়েকজন নেতা। শাবিপ্রবির ছাত্রদলের যুগ্ম সাধারণ সম্পাদক (পদস্থগিত) জহিরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের ফেসবুক গ্রুপ `সাস্টিয়ান ভয়েসে, লিখেছেন, `৫ আগস্ট পরবর্তী রাজনৈতিক প্রেক্ষাপটে রাজনৈতিক শিষ্টাচার বহির্ভূত যত বক্তব্য, কথাবার্তা আছে; এর ৯০ শতাংশই এই টোকাইয়ের (নাসীরুদ্দিন পাটওয়ারী) মুখ দিয়ে বের হয়েছিল। মাঝে মাঝে এমন এমন কথাও বলেছে, যা হাসিনার মুখ দিয়েও কোনোদিন বের হয় নাই। এবার আসি সোজা আলাপে, শাবিপ্রবির জাতীয় ছাত্রশক্তির নেতাকর্মীদের বলবো, পাটওয়ারীকে মঞ্চে উঠানোর আগে মুখের লাগাম টেনে ধরবেন। অন্যথায় ক্যাম্পাসে যে-কোনো অনাকাঙ্ক্ষিত পরিস্থিতির জন্য আপনারাই দায়ী থাকবেন।, এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের ছাত্রশক্তির আহ্বায়ক রাশিদ আবরার জাগো নিউজকে বলেন, `রাজনৈতিক সংগঠনগুলো কথা বলার স্বাধীনতা থাকতে হবে। যদি সেটি না থাকে, তাহলে রাজনীতি দরকার নেই।,
(জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৭.২০২৬ রিহাব)

## দেওয়ানি মামলার জট নিরসনে কার্যকর উদ্যোগ নিয়েছে সরকার : আইনমন্ত্রী

আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রী মো. আসাদুজ্জামান বলেছেন, দেশে দীর্ঘদিন ধরে বিচারাধীন দেওয়ানি মামলার জট নিরসনে সরকার কার্যকর উদ্যোগ গ্রহণ করেছে। বিচারপ্রক্রিয়া আরও দ্রুত, দক্ষ ও জনবান্ধব করতে বিভিন্ন সংস্কারমূলক কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। তিনি বলেন, দেশি-বিদেশি অভিজ্ঞতা বিনিময় এবং পারস্পরিক সহযোগিতার মাধ্যমে মামলাজট কমানো এবং বিচারপ্রক্রিয়ার দক্ষতা বাড়ানো সম্ভব। বুধবার (২৯ জুলাই) রাজধানীর বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউটে (জেএটিআই) `দেওয়ানি মামলা নিষ্পত্তিতে বিলম্ব নিরসন : বাংলাদেশ ও জাপানের যৌথ অভিজ্ঞতা, শীর্ষক এক বিশেষ সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে আইনমন্ত্রী এসব কথা বলেন। আইন ও বিচার বিভাগ এবং জাপান আন্তর্জাতিক সহযোগিতা সংস্থার (জাইকা) যৌথ উদ্যোগে সেমিনারের আয়োজন করা হয়। আইনমন্ত্রী বলেন, বাংলাদেশে এখনো এমন বহু দেওয়ানি মামলা রয়েছে, যেগুলো অনেক পুরোনো। দীর্ঘদিন ধরে বিচারাধীন এসব মামলা বিচারপ্রার্থীদের দুর্ভোগ বাড়িয়েছে এবং বিচারব্যবস্থার ওপর অতিরিক্ত চাপ সৃষ্টি করেছে। এ বাস্তবতা থেকে উত্তরণে সরকার বিচারব্যবস্থার আধুনিকায়ন, বিকল্প বিরোধ নিষ্পত্তি (এডিআর) সম্প্রসারণ, প্রযুক্তিনির্ভর

বিচারসেবা চালু এবং বিচারপ্রক্রিয়াকে আরও সহজ ও গতিশীল করতে বিভিন্ন সংস্কার কার্যক্রম বাস্তবায়ন করছে। তিনি বলেন, জাপানের বিচার মন্ত্রণালয় ও জাইকাসহ আন্তর্জাতিক অংশীদারদের অভিজ্ঞতা ও সহযোগিতা বাংলাদেশের বিচারব্যবস্থার সক্ষমতা বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। এ ধরনের যৌথ উদ্যোগের মাধ্যমে দুই দেশের মধ্যে জ্ঞান ও অভিজ্ঞতা বিনিময়ের নতুন সুযোগ সৃষ্টি হবে, যা বিচারপ্রক্রিয়ার দক্ষতা বৃদ্ধিতে ইতিবাচক অবদান রাখবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৭.২০২৬ রিহাব)

# রেডিও টুডে

## শিল্পখাতে গ্যাস সংকট সমাধানের আশ্বাস প্রধানমন্ত্রীর

শিল্পখাতে গ্যাসের সংকট সমাধানে উদ্যোগ নেওয়ার আশ্বাস দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। বুধবার সকালে সচিবালয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে বৈঠক শেষে এ তথ্য জানান বাংলাদেশ টেক্সটাইল মিলস অ্যাসোসিয়েশনের সভাপতি শওকত আজিজ রাসেল। সময়োপযোগী সিদ্ধান্ত না নেওয়ার কারণে শিল্পখাতে গ্যাসের সংকট তৈরি হয়েছে বলে অভিযোগ করেন বিটিএমএ সভাপতি। শওকত আজিজ রাসেল বলেন, প্রধানমন্ত্রী টেক্সটাইল খাতের পরিস্থিতি বোঝার চেষ্টা করছেন। টেক্সটাইল খাতের সমস্যা সমাধানে সরকারের আন্তরিকতায় উদ্যোক্তারা উৎসাহিতবোধ করছেন। পুরোপুরি বন্ধ বা আংশিক ক্ষতিগ্রস্ত কারখানাগুলোর কোথায় কতটুকু সহযোগিতা প্রয়োজন, তা চিহ্নিত করতে উদ্যোক্তাদের কাছে প্রতিবেদন চাওয়া হয়েছে বলে জানান বিটিএমএ সভাপতি।
(রেডিও টুডে ওয়েব পেজ:২৯.০৭.২০২৬ আসাদ)

## প্রধানমন্ত্রীর জন্য ৭৮০ কেজি আনারস পাঠালেন ত্রিপুরার মুখ্যমন্ত্রী

প্রধানমন্ত্রী তারেক রহমানের জন্য শুভেচ্ছা উপহার হিসেবে ৭৮০ কেজি কিউ জাতের আনারস পাঠিয়েছেন ভারতের ত্রিপুরা রাজ্যের মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা. মানিক সাহা। বুধবার (২৯ জুলাই) দুপুর ১টার দিকে ব্রাহ্মণবাড়িয়ার আখাউড়া স্থলবন্দর দিয়ে আনারসগুলো বাংলাদেশে পৌঁছায়। জানা গেছে, ১০০টি বক্সে করে মোট ৬২০টি ত্রিপুরার বিখ্যাত কিউ জাতের আনারস পাঠানো হয়েছে। প্রতিটি বক্সে পাঁচ থেকে ছয়টি করে আনারস রয়েছে। প্রতিটি আনারসের গড় ওজন এক কেজির বেশি। বুধবার আনারস গ্রহণ করতে আখাউড়ার ইন্টিগ্রেটেড চেকপোস্টের জিরো পয়েন্টে উপস্থিত ছিলেন চট্টগ্রামে অবস্থিত ভারতীয় সহকারী হাইকমিশনের সহকারী কনসুলার কর্মকর্তা পঙ্কজ জ্যোতি দাস, কর্মকর্তা সজীব চক্রবর্তী, আখাউড়া আন্তর্জাতিক ইমিগ্রেশন চেকপোস্টের ইনচার্জ মো. আলাউদ্দিন এবং আখাউড়া কাস্টমসের রাজস্ব কর্মকর্তা মো. জসিম উদ্দিন। ত্রিপুরা সরকারের পক্ষে উপস্থিত ছিলেন কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের সচিব অপূর্ব রায়, ডাইরেক্টর ড. ফনি ভূষণ জমাতিয়া, উদ্যান ও মৃত্তিকা সংরক্ষণ অধিদপ্তরের উপদেষ্টা ড. রাজিব ঘোষ এবং ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী বিএসএফের কর্মকর্তারা। উদ্যান ও মৃত্তিকা সংরক্ষণ অধিদপ্তরের কর্মকর্তারা আনারসের প্যাকেট এবং প্রয়োজনীয় কাগজপত্র ভারতীয় হাইকমিশনের কর্মকর্তাদের হাতে তুলে দেন। ত্রিপুরা সরকারের কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের সচিব অপূর্ব রায় বলেন, উভয় দেশের মধ্যে দীর্ঘদিনের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক রয়েছে। বন্ধুত্ব ও মৈত্রীর এই সম্পর্কে যেন এগিয়ে যায় এবং বাণিজ্যিক সম্পর্ক যেন আরও মজবুত হয়, সেজন্য ত্রিপুরার কিউ আনারস মুখ্যমন্ত্রীর পক্ষ থেকে বাংলাদেশের প্রধানমন্ত্রীকে পাঠানো হয়েছে। (রেডিও টুডে ওয়েব পেজ:২৯.০৭.২০২৬ আসাদ)

## জুলাই নিয়ে অপতৎপরতা রাজনৈতিকভাবেই মোকাবিলা করবে বিএনপি : সেতুমন্ত্রী

জুলাইকে ঘিরে যে-কোনো অপতৎপরতা বিএনপি রাজনৈতিকভাবেই মোকাবিলা করবে বলে জানিয়েছেন সড়ক পরিবহণ, সেতু, রেল ও নৌমন্ত্রী শেখ রবিউল আলম। তিনি বলেছেন, ”জুলাইয়ের চেতনা ও অর্জনকে প্রশ্নবিদ্ধ করার অপচেষ্টা জনগণকে সঙ্গে নিয়েই রাজনৈতিকভাবে প্রতিহত করা হবে।„ বুধবার ঢাকা কলেজের বীর মুক্তিযোদ্ধা শহিদ আ ন ম নজীর উদ্দিন খান খুররম অডিটোরিয়ামে কলেজ শাখা ছাত্রদলের উদ্যোগে আয়োজিত `শাশ্বত জুলাই, শীর্ষক বিশেষ আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। শেখ রবিউল আলম বলেন, জুলাই আমাদের নতুন করে শাণিত হতে, সংশোধিত হতে এবং সমৃদ্ধ জাতি হতে শিখিয়েছে। একইসঙ্গে একটি ফ্যাসিবাদী সরকারের পতন নিশ্চিত হওয়ার শিক্ষা দিয়েছে। এ আন্দোলন ছাত্ররাজনীতির গুণগত পরিবর্তনের শিক্ষা দিয়েছে এবং সেই পরিবর্তন বাধ্যতামূলকভাবে এসেছে। পাশাপাশি শিক্ষা প্রতিষ্ঠানের মানোন্নয়ন এবং আগামী দিনের নেতৃত্ব প্রতিষ্ঠার সূতিকাগার হিসেবে শিক্ষা প্রতিষ্ঠানকে গড়ে তোলার শিক্ষা দিয়েছে। মন্ত্রী বলেন, ফ্যাসিবাদের পতন নিশ্চিত হয়েছে এবং রাষ্ট্রের কাঙ্ক্ষিত সমৃদ্ধি প্রতিষ্ঠার জন্য জনগণের সরকারও নিশ্চিত হয়েছে। এখন বাকি রয়েছে রাষ্ট্র ও জনগণকে আরও সমৃদ্ধ, মানসম্পন্ন ও শাণিত করা। জনগণের নির্বাচিত সরকার সেই লক্ষ্যেই কাজ করছে এবং সেই সরকারের নেতৃত্বে রয়েছেন তারেক রহমান। ঢাকা কলেজ তার নির্বাচনি এলাকার অন্তর্ভুক্ত উল্লেখ করে শেখ রবিউল আলম বলেন, এ প্রতিষ্ঠানের প্রতি তার বিশেষ দায়বদ্ধতা রয়েছে। (রেডিও টুডে ওয়েব পেজ:২৯.০৭.২০২৬ আসাদ)

## বৃহস্পতিবার ঢাকায় আসছেন মার্কিন বিশেষ দূত সার্জিও গোর

যুক্তরাষ্ট্রের দক্ষিণ ও মধ্য এশিয়াবিষয়ক বিশেষ দূত সার্জিও গোর আগামীকাল ঢাকা আসছেন। কূটনীতিক গোর একইসাথে ভারতে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত। সফরে সরকার প্রধানসহ বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃবৃন্দ ও প্রতিষ্ঠান প্রধানের সাথে বৈঠকের কথা রয়েছে সার্জিও গোরের। বিশ্লেষকরা মনে করছেন, এই সফরে মার্কিন সরকারের পক্ষ থেকে, বাংলাদেশের চীন ঘনিষ্ঠতা এড়াতে বার্তা আসতে পারে। বিপরীতে বাংলাদেশের পক্ষ থেকেও বার্তা যেতে পারে ব্যবসা সম্প্রসারণে নীতিমালা সংশোধনের। বয়স কেবল ৩৯। অপেক্ষাকৃত তরুণ বয়সেই ট্রাম্প প্রশাসনের দক্ষিণ ও মধ্য এশিয়াবিষয়ক দূতের দায়িত্ব সামলাচ্ছেন সার্জিও গোর। ত্রয়োদশ জাতীয় নির্বাচন পরবর্তী, মার্কিন যুক্তরাষ্ট্রের সর্বোচ্চ কোনো উচ্চপদস্থ কর্মকর্তার এটিই প্রথম বাংলাদেশ সফর। আন্তর্জাতিক সম্পর্ক বিশ্লেষকরা বলছেন, প্রধানমন্ত্রী তারেক রহমানের সাম্প্রতিক চীন সফর ও ব্যবসা-বাণিজ্যকেন্দ্রিক চীন ঘনিষ্ঠতা চিন্তায় ফেলেছে মার্কিন যুক্তরাষ্ট্রকে। বাংলাদেশ যাতে মার্কিন বলয়ের বাইরে না যায়- এমন বার্তা আসতে পারে সার্জিও গোরের সফরে। তেমনটা মত বিশ্লেষকদের। (রেডিও টুডে ওয়েব পেজ:২৯.০৭.২০২৬ আসাদ)

## বাংলাদেশের সঙ্গে ভারতীয় রুপিতে বাণিজ্য করতে চায় রাশিয়া

আগামী সেপ্টেম্বর বা অক্টোবরে অনুষ্ঠেয় বাংলাদেশ-রাশিয়া 'ইন্টার-গভর্নমেন্টাল কমিশন অন ট্রেড, ইকোনমিক, সায়েন্টিফিক অ্যান্ড টেকনিক্যাল কো-অপারেশন,-এর বৈঠকে ঢাকার সঙ্গে ভারতীয় রুপিতে মস্কোর বাণিজ্য প্রস্তাব নিয়ে আলোচনা হবে। রুশ ব্যাংকগুলোর সঙ্গে লেনদেনে সৃষ্ট জটিলতা কাটিয়ে উঠতে বাংলাদেশের সঙ্গে দ্বিপাক্ষিক বাণিজ্য ভারতীয় রুপিতে নিষ্পত্তির প্রস্তাব দিয়েছে রাশিয়া। একইসঙ্গে এ জন্য একটি স্বতন্ত্র পেমেন্ট অবকাঠামো গড়ে তোলা এবং ঢাকায় একটি রুশ ব্যাংকের শাখা খোলারও প্রস্তাব দিয়েছে দেশটি। অর্থনৈতিক সম্পর্ক বিভাগের ইআরডি কর্মকর্তারা জানিয়েছেন, আগামী সেপ্টেম্বর বা অক্টোবরে অনুষ্ঠেয় বাংলাদেশ-রাশিয়া 'ইন্টার-গভর্নমেন্টাল কমিশন অন ট্রেড, ইকোনমিক, সায়েন্টিফিক অ্যান্ড টেকনিক্যাল কো-অপারেশন'-এর বৈঠকে এসব প্রস্তাব নিয়ে আলোচনা হবে। দ্বিপাক্ষিক বৈঠকের আগে বাংলাদেশের এজেন্ডা চূড়ান্ত করতে আজ প্রস্তুতিমূলক বৈঠকে বসার কথা রয়েছে ইআরডির। (রেডিও টুডে ওয়েব পেজ:২৯.০৭.২০২৬ আসাদ)

## হাম উপসর্গে প্রাণ গেল আরও ৩ শিশুর

দেশজুড়ে গত ২৪ ঘণ্টায় হাম ও এর উপসর্গ নিয়ে আরও ৩ শিশুর মৃত্যু হয়েছে। এতে গত ১৫ মার্চ থেকে এ পর্যন্ত হাম ও এর উপসর্গে প্রাণহানি ৮৩১ জনে দাঁড়িয়েছে। এ ছাড়াও গত একদিনে নতুন করে আরও ১ হাজার ৭৫ জনের শরীরে হাম ও এর উপসর্গ দেখা গেছে। বুধবার স্বাস্থ্য অধিদপ্তরের হামবিষয়ক নিয়মিত প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তর জানিয়েছে, গত একদিনে হামের উপসর্গ নিয়ে চট্টগ্রাম বিভাগে ২ শিশুর মৃত্যু হয়েছে। পাশাপাশি এই সময়ে ঢাকা বিভাগে হামে আক্রান্ত হয়ে আরও এক শিশুর প্রাণহানি হয়েছে। সবমিলিয়ে গত ১৫ মার্চ থেকে বুধবার পর্যন্ত সারা দেশে হাম ও উপসর্গে মোট ৮৩১ জনের মৃত্যু হয়েছে। এর মধ্যে হামের উপসর্গে ৭৩৫ জন ও হামে আক্রান্ত হয়ে ৯৬ জনের মৃত্যু হয়েছে। (রেডিও টুডে ওয়েব পেজ:২৯.০৭.২০২৬ আসাদ)

## ভূমিকম্প মোকাবিলায় জাতীয় টাস্কফোর্স গঠন, ১ লাখ স্বেচ্ছাসেবক প্রস্তুতের সিদ্ধান্ত

ভূমিকম্প-পরবর্তী জরুরি পরিস্থিতি মোকাবিলায় সরকারের প্রস্তুতি আরও জোরদার করতে জাতীয় টাস্কফোর্স গঠন, ঢাকা ও পার্শ্ববর্তী এলাকার জন্য এক লাখ স্বেচ্ছাসেবক প্রস্তুত এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ে একটি বিশেষ সেল গঠনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। একইসঙ্গে স্বেচ্ছাসেবকদের প্রশিক্ষণ, প্রয়োজনীয় সরঞ্জাম সরবরাহ, জনসচেতনতা বৃদ্ধি এবং সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের মধ্যে কার্যকর সমন্বয় নিশ্চিত করার বিষয়েও গুরুত্বারোপ করা হয়েছে। বুধবার সচিবালয়ের মন্ত্রিপরিষদ বিভাগে প্রধানমন্ত্রী তারেক রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত ভূমিকম্প বিষয়ক প্রস্তুতি সভায় এসব সিদ্ধান্ত ও পরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা হয়। সভায় ভূমিকম্প-পরবর্তী জরুরি সাড়া কার্যক্রমকে আরও কার্যকর করতে জাতীয় টাস্কফোর্স গঠনের বিষয়ে আলোচনা হয়। একইসঙ্গে ঢাকা ও আশপাশের এলাকার জন্য এক লাখ স্বেচ্ছাসেবক প্রস্তুত করার পরিকল্পনা, তাদের পর্যায়ক্রমে প্রশিক্ষণ প্রদান এবং প্রয়োজনীয় উদ্ধার ও সেবাসামগ্রী সরবরাহের বিষয়েও বিস্তারিত পর্যালোচনা করা হয়। সভায় জানানো হয়, ইতোমধ্যে ৭০ হাজার স্বেচ্ছাসেবকের একটি ডাটাবেজ প্রস্তুত করা হয়েছে। দ্রুত সময়ের মধ্যে বাকি ৩০ হাজার স্বেচ্ছাসেবককেও অন্তর্ভুক্ত করে পূর্ণাঙ্গ এক লাখ সদস্যের স্বেচ্ছাসেবক বাহিনী গঠন করা হবে। বৈঠকে ভূমিকম্প মোকাবিলায় জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন কর্মসূচি গ্রহণের বিষয়েও মতবিনিময় হয়। পাশাপাশি সার্বিক প্রস্তুতি তদারকি ও সমন্বয়ের জন্য প্রধানমন্ত্রীর কার্যালয়ে ভূমিকম্প প্রস্তুতি বিষয়ক একটি বিশেষ সেল গঠনের সিদ্ধান্ত নেওয়া হয়। এ ছাড়া সম্ভাব্য দুর্যোগকালীন সময়ে সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানগুলোর মধ্যে কার্যকর সমন্বয় নিশ্চিত করার উপায় নিয়ে আলোচনা হয়। দুর্যোগ-পরবর্তী ত্রাণ, উদ্ধার ও মানবিক সহায়তা কার্যক্রম আরও সুশৃঙ্খলভাবে পরিচালনার লক্ষ্যে ঢাকা শহরে Humanitarian Staging Area (HSA) স্থাপনের বিষয়েও সভায় আলোচনা করা হয়। সভায় দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রী

আসাদুল হাবিব দুলু, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ প্রতিমন্ত্রী এম. ইকবাল হোসেইন, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ প্রতিমন্ত্রী অধ্যাপক ডা. এম. এ. মুহিত, প্রধানমন্ত্রীর মুখ্য সচিব এবিএম আবদুস সাত্তার, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ সচিব মো. সাইদুর রহমান খানসহ সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

(রেডিও টুডে ওয়েব পেজ:২৯.০৭.২০২৬ আসাদ)

## প্রধানমন্ত্রীর সঙ্গে ভুবন ভোলানো হাসিতে মন জয় করা তাহসিনের সাক্ষাৎ

প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে সাক্ষাৎ করেছে সেই তাহসিন, যে কিনা বড়ো বোন হারিয়ে হাঁসতে ভুলে গিয়েছিল। বুধবার বাংলাদেশ সচিবালয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে বাবা নাজমুল হককে নিয়ে তারেক রহমানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করে সে। প্রধানমন্ত্রীর সহকারী প্রেস সচিব গাজী শাহরিয়ার পামির এ কথা জানান। রাজধানীর বাংলাদেশ আর্মি স্টেডিয়ামে গত ২৭ জুলাই অনুষ্ঠিত `নতুন কুঁড়ি স্পোর্টস ২০২৫-২৬,-এর সমাপনী আয়োজনে একটি ছবি মুহূর্তেই ছড়িয়ে পড়ে সামাজিক যোগাযোগমাধ্যমে। হাজারো শিশুর ভিড়ে স্কুলড্রেস পরা এক কিশোরের প্রধানমন্ত্রী তারেক রহমানের দিকে বাড়িয়ে দেওয়া দুইহাত আর চোখেমুখে উচ্ছ্বসিত হাসি স্পর্শ করে অসংখ্য মানুষের হৃদয়। সেই কিশোরের নাম তাহসিন আব্দুল্লাহ। কিন্তু ছবির হাঁসির আড়ালে লুকিয়ে ছিল এক গভীর বেদনার গল্প। উত্তরার মাইলস্টোন স্কুলে ২০২৫ সালের জুলাইয়ে যুদ্ধবিমান বিধ্বস্ত হওয়ার মর্মান্তিক ঘটনায় তাহসিন হারিয়েছিল তার সবচেয়ে প্রিয় মানুষ, বড়ো বোন তাসনিয়াকে। একই স্কুলে পড়লেও সেদিন তারা ছিল আলাদা ভবনে। তাহসিন তখন ষষ্ঠ শ্রেণির শিক্ষার্থী, আর তাসনিয়া পড়ত অষ্টম শ্রেণিতে। যুদ্ধবিমানটি আছড়ে পড়ে তাসনিয়াদের স্কুল ভবনে। বিকট বিস্ফোরণের শব্দ শুনে ছোট্ট তাহসিন দৌড়ে যায় বড়ো বোনকে খুঁজতে। কারও কাছ থেকে শুনেছিল স্যালাইন ও পানির প্রয়োজন। বড়ো বোনের জন্য ছোট্ট দুই হাতে স্যালাইন ও পানির বোতল নিয়ে দাঁড়িয়ে ছিল তাহসিন। কিন্তু সেই অপেক্ষার আর অবসান হয়নি। পরিবারের ভাষ্য অনুযায়ী, সেই দুর্ঘটনার পর বদলে যায় তাহসিন। এক হিলিং সেশনে সে কাগজে লিখেছিল, `আমার কষ্ট অনেক। আমি আমার প্রিয় বোনকে হারিয়ে ফেলেছি। সে মারা গেছে। ওকে আমি অনেক অনেক মিস করি, ও আমার বেস্ট ফ্রেন্ড,। বোনকে হারানোর পর থেকে তাহসিনের মুখে আগের মতো প্রাণখোলা হাসি আর দেখা যেতো না। বর্তমানে সে সপ্তম শ্রেণিতে পড়ছে। পরিবারে তার নার্সারিতে পড়ুয়া আরও একটি ছোট বোন রয়েছে। গত ২৭ জুলাই বাংলাদেশ আর্মি স্টেডিয়ামের অনুষ্ঠানে যেন দেখা মিলল অন্য এক তাহসিনের। প্রধানমন্ত্রী তারেক রহমান যখন মাঠ প্রদক্ষিণ করছিলেন, তখন তার কাছাকাছি আসার মুহূর্তে আনন্দে উচ্ছ্বসিত হয়ে ওঠে শিশুটি। সেই নির্মল হাঁসি আর উচ্ছ্বাস ক্যামেরাবন্দি হয়। পরে ছবিটি সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ে এবং অসংখ্য মানুষ তাহসিনের হাঁসির সঙ্গে নিজেদের অনুভূতি মিলিয়ে নেন। পরবর্তীকালে প্রধানমন্ত্রী তারেক রহমান জানতে পারেন, ছবির সেই হাঁসিমাখা মুখটির পেছনে রয়েছে এক হৃদয়বিদারক পারিবারিক ইতিহাস। বিষয়টি জানার পর তিনি তার অতিরিক্ত প্রেস সচিব আতিকুর রহমান রুমনকে তাহসিন ও তার পরিবারের খোঁজ-খবর নেওয়ার নির্দেশ দেন। প্রধানমন্ত্রীর সহকারী প্রেস সচিব জানান, সেই ধারাবাহিকতায় প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে তাহসিনের সাক্ষাৎ হয়। (রেডিও টুডে ওয়েব পেজ:২৯.০৭.২০২৬ আসাদ)

## দেশকে এগিয়ে নিতে ১৮ ঘণ্টা কাজ করে দৃষ্টান্ত স্থাপন করেছেন প্রধানমন্ত্রী : মির্জা ফখরুল

অর্থনৈতিক ও সামাজিকভাবে দেশকে এগিয়ে নিতে প্রধানমন্ত্রী তারেক রহমান দিনে ২৪ ঘণ্টার মধ্যে প্রায় ১৮ ঘণ্টা কাজ করেন বলে জানিয়েছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী ও বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি আরও বলেন, কী ধরনের পরিবর্তন আনলে দেশ এগিয়ে যাবে, তা নিয়ে সবসময় চিন্তা করেন প্রধানমন্ত্রী। ইতোমধ্যে নিজের কাজ দিয়ে তিনি দৃষ্টান্ত স্থাপন করেছেন। বুধবার বিকেলে রাজধানীর তেজগাঁওয়ে আহছানউল্লা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে সিভিল ডিসকোর্স ন্যাশনালস আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন মির্জা ফখরুল। স্থানীয় সরকার মন্ত্রী বলেন, দেশের সামনে অনেক বড়ো বড়ো চ্যালেঞ্জ রয়েছে। রাতারাতি সব সমস্যার সমাধান হবে- এমন ভাববার সুযোগ নেই। দেশের তরুণেরা তাদের মেধা, সামর্থ্য ও দেশপ্রেম দিয়ে অসম্ভবকে সম্ভব করার সক্ষমতা দেখিয়েছে। প্রধানমন্ত্রীর নেতৃত্বে যে-সব পরিবর্তনের উদ্যোগ নেওয়া হয়েছে, সেগুলো বাস্তবায়ন করতে পারলে দেশ অনেক দূর এগিয়ে যাবে।

(রেডিও টুডে ওয়েব পেজ:৩৯.০৭.২০২৬ আসাদ)

## এনসিপি নেতাদের ওপর হামলা, ১১ নাম উল্লেখসহ ১০০ জনের বিরুদ্ধে মামলা

জুলাই পদযাত্রায় হামলার ঘটনায় হবিগঞ্জ জেলা ছাত্রদলের সভাপতিসহ ১১ জনের নাম উল্লেখ ও অজ্ঞাতনামা আরো ১০০ জনের নামে জেলা পুলিশের কাছে অভিযোগ দায়ের করেছে জাতীয় নাগরিক পার্টি বা এনসিপি। বুধবার রাত সাড়ে আটটার দিকে হবিগঞ্জের কামাইছড়া পুলিশ ক্যাম্পে হবিগঞ্জ জেলা পুলিশ সুপারের উপস্থিতিতে তারা অভিযোগ দায়ের করেন। এনসিপি আহ্বায়ক নাহিদ ইসলামের প্রেস সেক্রেটারি নুর হোসেন বিবিসি বাংলাকে এই তথ্য নিশ্চিত করেছেন। তিনি জানিয়েছেন, এনসিপির পক্ষ থেকে পুলিশ সুপারের কাছে এই অভিযোগ দায়ের করা হয়েছে। সেখানে প্রধান অভিযুক্ত করা হয়েছে জেলা ছাত্রদলের সভাপতিকে। এই অভিযোগ পাওয়ার কথা নিশ্চিত করেছেন হবিগঞ্জ জেলা

পুলিশ সুপার মোহাম্মদ তারেক মাহমুদ। বিবিসি বাংলাকে তিনি বলেন, "এনসিপির পক্ষ থেকে একটি অভিযোগ দায়ের করা হয়েছে। সেটি প্রসেসিংয়ের ভেতরেই আছে। এনসিপি নেতারা অভিযোগ দিয়ে মৌলভীবাজারের পথে রওনা হয়েছেন।„ পথে পথে এনসিপি নেতাদের বাধা দেওয়ার অভিযোগ প্রসঙ্গে জানতে চাইলে পুলিশ সুপার মি. মাহমুদ বিবিসি বাংলাকে বলেন, "যেহেতু একটা উত্তেজনা ছিল, ১৪৪ ধারা জারি ছিল, তাই তাদের নিরাপত্তার স্বার্থেই পুলিশ কিছু জায়গায় বাধা দিয়েছে।„ এর আগে, মৌলভীবাজারের শ্রীমঙ্গল থেকে হবিগঞ্জে যাওয়ার পথে অন্তত তিন জায়গায় বাধা দেয় পুলিশ। এই তিনটি বাধা অতিক্রম করে হবিগঞ্জের পথে এগোতেই আরেক দফা বাধার মুখে পড়েন এনসিপির শীর্ষ নেতারা। হবিগঞ্জের মিরপুর এলাকায় পৌঁছালে পুলিশ গাড়িবহর আটকে দেয়। পরে সেখানেই বসে পড়েন নাহিদ ইসলামের নেতৃত্বে এনসিপির শীর্ষ নেতারা। পরে রাতে পুলিশের কাছে অভিযোগ জমা দেন আহ্বায়ক নাহিদ ইসলাম, হাসনাত আব্দুল্লাহ, সারজিস আলম, নাসীরুদ্দীন পাটওয়ারীসহ দলটির সিনিয়র নেতারা।
(রেডিও টুডে ওয়েব পেজ:৩৯.০৭.২০২৬ আসাদ)

## এনসিপির ওপর সরকার `সন্ত্রাসী, লেলিয়ে দিয়েছে : জামায়াতে ইসলামী

এনসিপির গাড়িবহরে হামলা এবং বিরোধীদলীয় চিফ হুইপ নাহিদ ইসলামসহ দলটির জ্যেষ্ঠ নেতাদের হেনস্তার প্রতিবাদ জানিয়েছে জামায়াতে ইসলামীসহ ১১ দলীয় ঐক্যের শরিক- বাংলাদেশ খেলাফত মজলিস, নেজামে ইসলাম পার্টি, খেলাফত মজলিস ও এবি পার্টি। হামলার নিন্দা করেছে বিএনপি জোটের শরিক জমিয়তে উলামায়ে ইসলামও। জামায়াতে ইসলামীর অভিযোগ, রাজনৈতিকভাবে মোকাবিলা করতে ব্যর্থ হয়ে বিরোধী দলের ওপর সন্ত্রাসী লেলিয়ে দিয়েছে সরকার। বিএনপির হামলাকারী নেতাকর্মীদের গ্রেফতার ও বিচার দাবি করেছে জামায়াত। বুধবার বিবৃতিতে এসব কথা বলেছেন ১১ দলীয় ঐক্যের সমন্বয়ক এবং জামায়াতের সহকারী সেক্রেটারি জেনারেল ড. হামিদুর রহমান আযাদ। তিনি বলেন, গত ২৮ জুলাই এনসিপির মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী ও মুখ্য সংগঠক সারজিস আলমের গাড়িবহরে হামলা করা হয়। পরেরদিন মৌলভীবাজার থেকে হবিগঞ্জ যাওয়ার পথে বিভিন্নস্থানে নাহিদ ইসলামসহ এনসিপির জ্যেষ্ঠ নেতাদের বাধা দিয়েছে। যা গণতান্ত্রিক অধিকার হরণের শামিল। এই ধরনের আচরণের তীব্র নিন্দা জানাচ্ছি। দায়ীদের চিহ্নিত করে দ্রুত আইনানুগ ব্যবস্থার দাবি জানাচ্ছি।
(রেডিও টুডে ওয়েব পেজ:৩৯.০৭.২০২৬ আসাদ)

## ১৬ হাজার ৮৮৮ কোটি টাকার জ্বালানি তেল কিনবে সরকার

সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি সরকারি দ্বিপক্ষীয় (জি-টু-জি) চুক্তির আওতায় ২০২৬ সালের জুলাই-ডিসেম্বর সময়ের জন্য প্রায় ১৬ হাজার ৮৮৮ কোটি ৫২ লাখ টাকা মূল্যের পরিশোধিত জ্বালানি তেল আমদানির একটি প্রস্তাব অনুমোদনের সুপারিশ করেছে। অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরীর সভাপতিত্বে বুধবার সচিবালয়ে অনুষ্ঠিত সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ২০২৬ সালের ৩৩তম সভায় এ সুপারিশ করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগ সূত্রে জানা যায়, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ সমঝোতা অনুযায়ী নির্ধারিত প্রিমিয়াম, আমদানির পরিমাণ এবং প্রচলিত সূচক মূল্য বিবেচনায় ছয়টি রাষ্ট্রীয় মালিকানাধীন বিদেশি প্রতিষ্ঠানের কাছ থেকে পরিশোধিত জ্বালানি তেল আমদানির প্রস্তাব উত্থাপন করে। প্রস্তাব অনুযায়ী সংযুক্ত আরব আমিরাতের ইএনওসি, চীনের পেট্রোচায়না ও ইউনিপেক, ভারতের ইন্ডিয়ান অয়েল করপোরেশন লিমিটেড, থাইল্যান্ডের ওকিউটি এবং ইন্দোনেশিয়ার বিএসপি থেকে সরকারি দ্বিপক্ষীয় চুক্তির আওতায় জ্বালানি তেল আমদানি করা হবে। জ্বালানি তেল আমদানির পাশাপাশি সভায় বিভিন্ন উন্নয়ন ও অবকাঠামো-সংক্রান্ত আরও কয়েকটি ক্রয় প্রস্তাব অনুমোদনের সুপারিশ করা হয়েছে।
(রেডিও টুডে ওয়েব পেজ:৩৯.০৭.২০২৬ আসাদ)

## পেপল ও পেওনিয়ারের মতো ডিজিটাল লেনদেন সেবা চালু করলো বাংলাদেশ ব্যাংক

বাংলাদেশে পেপ্যাল ও পেওনিয়ারের মতো আন্তর্জাতিক অনলাইন ডিজিটাল পেমেন্ট ও অর্থ স্থানান্তর সেবা চালুর পথ উন্মুক্ত করেছে বাংলাদেশ ব্যাংক। নতুন এক নীতিমালার আওতায় দেশের অনুমোদিত ব্যাংকগুলো বিদেশি ডিজিটাল পেমেন্ট সেবাদাতা প্রতিষ্ঠানের সঙ্গে চুক্তি করে আন্তঃসীমান্ত  ডিজিটাল লেনদেনের সুবিধা চালু করতে পারবে। বুধবার বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রানীতি বিভাগ থেকে এ সংক্রান্ত একটি প্রজ্ঞাপন জারি করা হয়। আন্তর্জাতিক সেবামুখী বাণিজ্য সহজ করা, ডিজিটাল আর্থিক অন্তর্ভুক্তি বাড়ানো এবং দেশের বৈদেশিক লেনদেন ব্যবস্থাকে আরও আধুনিক ও সহজ করার লক্ষ্যেই নতুন এই কাঠামো চালু করা হয়েছে। এই নির্দেশনায় একটি `ব্যাংক-মধ্যস্থতাকারী কাঠামো, প্রবর্তন করা হয়েছে। এর আওতায় দেশের ব্যাংকগুলো বিদেশি ডিজিটাল পেমেন্ট সেবাদাতা প্রতিষ্ঠান, অনলাইন পেমেন্ট গেটওয়ে, ডিজিটাল প্ল্যাটফর্ম এবং অন্যান্য বৈধ আন্তর্জাতিক পেমেন্ট সমাধান প্রদানকারীদের সঙ্গে অংশীদারত্বের ভিত্তিতে পরিষেবা দিতে পারবে। (রেডিও টুডে ওয়েব পেজ:৩৯.০৭.২০২৬ আসাদ)

# BBC

**MORE THAN 100 AFTERSHOCKS HIT JAPAN AFTER POWERFUL QUAKE THAT KILLED 13**

Japan's south-western Kyushu region has had more than 100 aftershocks since it was struck on Tuesday by a powerful earthquake which left at least 13 people dead. Many others were said to be in "cardiopulmonary arrest" - a term often used in preliminary reports in Japan before a death is officially confirmed. Amid searing heat, rescue crews are digging through the rubble at a paper factory and a shopping mall in Kumamoto prefecture, looking for trapped survivors. The mail suffered an explosion in the hour after the quake struck. Japanese Prime Minister Sanae Takaichi warned it was "truly a race against time" to rescue those trapped. Thousands are in evacuation centres, and many are without power. The Japan Meteorological Agency (JMA) is urging residents to be alert for the possibility of strong aftershocks, public broadcaster NHK reported.

(BBC News Web Page: 29/07/26, FARUK)

**SAUDI ARABIA JOINS US IN STRIKES ON IRAN-BACKED MILITIAS IN IRAQ**

Saudi Arabia and the US have carried out strikes against Iran-backed militias in Iraq, in a potential escalation of the Middle East conflict. US Central Command (Centcom) said the strikes were against "Iran-aligned terrorists that the Islamic Revolutionary Guard Corps (IRGC) directed to attack US forces and Saudi energy infrastructure". Iraq's paramilitary Popular Mobilization Forces (PMF), which is dominated by Iran-backed Shia militias, said at least 20 of its members had been killed in US-Saudi strikes on its bases. It came hours after Centcom said Iran had launched missiles at US forces in the Middle East in an "attempted surprise attack", ending a lull in hostilities. The US said the Iranian attack occurred at 17:45 EDT (21:45 GMT) on Tuesday, with all missiles "successfully intercepted". The IRGC said the missiles had targeted a US sir base and a command centre in Jordan "in response to the acts of aggression of the American child-killing army".

(BBC News Web Page: 29/07/26, FARUK)

**THOUSANDS IN SPAIN RETURN HOME BUT NEW HEATWAVE RAISES WILDFIRE FEARS**

Spanish authorities have allowed thousands of people evacuated because of wildfires to return to their homes after restrictions were lifted in the areas of Toledo, Madrid, Avila, and Castellon. In the Madrid region alone, 24,000 people have been told they can return and lockdowns on another 20,000 have been lifted. Spain and France are both braced for the start of the fourth heatwave so far this summer and some fires have continued to burn, including one at Burgohondo 150km west of Madrid. In south-west France, the largest fires in the Gironde region are described as "still stabilized" despite several flare-ups, however officials warn of dry winds and temperatures of up to 41C. The mayor of Le Barp, south-west of Bordeaux, Blandine Sarrazin, warned that the situation was "getting harder", after two fires had broken out the day before, and said everyone had to be "hyper-vigilant". Sixteen departments or districts are under orange heatwave alert, including in the Landes area further south. (BBC News Web Page: 29/07/26, FARUK)

**GHANA HIT BY NATIONWIDE BLACKOUT AS POWER PLANTS FAIL**

A major fault on Ghana's national power grid has triggered widespread outages, leaving the capital, Accra, the commercial hub of Kumasi and much of north without electricity. Several power plants across the West African nation were forced to shut down in the early hours of Wednesday morning, the state-run power distribution company said. "Our engineers and system operators are working continuously to restore power in the shortest time possible without compromising safety," Ghana Grid Company Limited (GRIDCo) has said in its statement. Ghana has had regular power shortages for years - popularly known as "dumsor", meaning "on and off" in the Akan language - but the situation has been improving. Wednesday's power cut has left homes, businesses and essential services without electricity across multiple regions of the country. (BBC News Web Page: 29/07/26, FARUK)

**TRUMP ADMINISTRATION BANS NEW CHINESE HUMANOID ROBOTS**

The Trump administration on Tuesday announced a ban on new foreign-made humanoid robot imports to the US over "unacceptable risks" to America's national security. The move applies to advanced robots - including humanoid and four-legged machines. Many of them

are made in China, which is competing with the US to develop robotics and artificial intelligence (AI). The federal Communications Commission (FCC) also banned imports of power inverters - devices used in data centres and solar panels - which it said could also pose a risk to the US economy. The Chinese embassy in Washington said Beijing has long opposed the US "politicizing" of trade issues and sanctions based on "groundless pretexts". FCC chairman Brendan Carr said the agency was doing its part "to secure America's critical supply chains". (BBC News Web Page: 29/07/26, FARUK)

**TURKIYE TAKES 'HISTORIC STEP' ON ENERGY ALLIANCE WITH IRAQ**

Turkiye might soon receive up to 1 million barrels per day of oil from Iraq after buying a stake in the British Petroleum-run Kirkuk oilfield in northern Iraq, according to Turkish President Recep Tayyip Erdogan. At a joint news conference with Iraqi Prime Minister Ali al-Zaidi in Ankara on Tuesday, Erdogan said state-owned Turkish Petroleum (TPOA) would acquire a 15% stake in BP Energy Company of Kirkuk Limited under a separate share-transfer agreement. Al-Zaidi was in Turkey to discuss bilateral security, trade, transport and water management, as well as a new energy deal. The visit came just as the Iraqi-Turkiye crude oil agreement - which in 1975 operationalized the Kirkuk-Ceyhan Oil Pipeline moving Iraqi crude to the Turkish Mediterranean terminal of Ceyhan - expired on July 27. Rather than renew the agreement, Turkiye said it was seeking a new energy cooperation framework with Iraq. (BBC News Web Page: 29/07/26, FARUK)

**IRAN AND OMAN SWAP PROPOSALS TO MANAGE STRAIT OF HORMUZ**

Iran has rejected a proposal from Oman for the countries joint oversight of the critical Strait of Hormuz and has, instead, made a proposal of its own as both sides continue to pore over the terms of what a final agreement could look like. Iran's Deputy Foreign Minister Kazem Garibabadi said in a state broadcast on Tuesday that Oman's proposal had not sufficiently addressed Tehran's concerns about control of the strait. He added that Iran's counterproposal would give Tehran more control over the waterway. Following a memorandum of understanding (MoU) signed by Iran and the US on June 17, the strait was supposed to be reopened to shipping, without charge, for at least 60 days. However, the vogue wording of the MoU has caused considerable disagreements over who has ultimate control over the waterway - which passes through the territorial waters of Iran and Oman - and which routes ships should take. (BBC News Web Page: 29/07/26, FARUK)

**RUSSIAN INDUSTRIAL SITES ON FIRE AFTER UKRAINIAN DRONE ATTACKS**

Ukrainian drone attacks have hit industrial facilities in Russia's western city of Ryazan, causing several to catch fire and forcing major retailer Wildberries to evacuate its local warehouses, according to authorities. Ryazan Governor Pavel Malkov said 45 drones were shot down over the region overnight Tuesday, with falling debris causing a fire in an "industrial area" and damaging a home and a building. Six people were hospitalized with injuries, he said in a post on Telegram. The report comes as Ukraine ramps up attacks on Russian industrial sires, including those belonging to Wildberries, which Kyiv accuses of helping to supply the Russian army. Ukraine's President Volodymyr Zelensky said Ukraine's latest strikes hit "an oil refinery and logistics centre in Ryazan," as well as a site in Russian-occupied Crimea, where high-speed boats belonging to Russian Black Sea Fleet are based. (BBC News Web Page: 29/07/26, FARUK)

**ISRAEL KILLS PALESTINIANS, DESTROYS MOSQUE IN GAZA**

Israel has attacked Gaza, killing at least two Palestinian, wounding more than 12, and destroying a mosque and tents sheltering hundreds of displaced Palestinians. Israeli jets struck the Al-Muttaqin Mosque, near the Young Men's Christian Association (YMCA) building in Gaza City, on Tuesday. Israeli warplanes carried out a series of air strikes focusing on central and northern Gaza. Israel killed one person in a separate strike on the Nuseirat refugee camp. (BBC News Web Page: 29/07/26, FARUK)

# :: THE END ::